

মনোজ বসু







প্রথম সংকরণ—আখিন, ১৩০০
বিভীর সংকরণ—লৈতি, ১৩০০
প্রকাশক—শচীক্রমাথ মুখোপাখ্যার,
কোল পাবলিগার্স,
১৯, বৃদ্ধিম ভাটুক্সে ট্রাট,
কালিকাতা—১২
প্রাক্রমনা
আন্ত বন্দ্যোপাখ্যার
মুক্তাকর—শভুনাথ বন্দ্যোপাখ্যার
মালরী প্রেস,
৭৩, মানিকতলা ব্রীট,
কলিকাতা
ব্রক্ত কোটোটাইপ ইভিও
বার্তাক কোটোটাইপ ইভিও

ছুই টাকা চার আনা

## বিলাইটাদ মুখোপাধ্যায় (বনকুল) হুহুদ্বেযু—

## এই লেখকেৱ—

देशिक (१म मः अत्र) ওগো বধু স্থব্দরী (৩য় সংস্করণ) যুগান্তর (কিশোর সংকরণ) শত্রুপকের মেরে (২য় সংকরণ) ভূলি নাই (১৮শ সংস্করণ) আগেট, ১৯৪২ (২য় সংস্করণ) বনমন্ত্র (৩য় সংস্করণ) **অরবাঁথ** (৩য় সংস্করণ) একদা নিশীথকালে (৩য় সংস্করণ) **ত্যঃখ–নিশার শেষে** (৩য় সংস্করণ) পৃথিবী কাদের (৩য় সংস্করণ) **(मर्वी किट्मान्री** (२३ मःऋत्रव) কাচের আকাশ খতো ভ **উग्र নূত্র প্রভাত** (৪র্থ সংস্করণ) স্লাবন (২য় সংকরণ) ্ বিপর্যয় রাখিবজন

**ডুম-ডুম-ডুম-ডুম**-

ঢোল বাজাছে প্রফুলর লোক। জানিরে দিছে, ইতিহাসে জ্বল-জ্বল করবে আজকার তারিখ—১৫ই আগস্ট, ১৯৪৭। কত সংগ্রামের পর এই দিনে পৌছলাম! পথের শেষ নয়—ন্তন দায়িত্বের বোঝা নিয়ে আয়েও ছন্তর পথে যাতা।

উৎসব-সভার লোক হচ্ছে না ? হবে, হবে বই কি ! কত কট করে শহর থেকে তোমরা এসেছ, লোক না হলে ছাড়বে প্রফুল ? ব্যক্ত হোরো না, অনেক দেরি এখনো । ইন্ধুলের মাঠে পাকুড়-তলার সভার জারগা । হার-রে, পোড়া ইন্ধুল-ঘরে আবার লোক গিস্পিস করছে! তোমাদের মতো নামজাদা মানুষরাও থাকবে তার মধ্যে । চল, এগুনো যাক পারে পারে ।

মেলা দেখতে গিয়েছিলাম সেদিন শহরে। এই যে স্বাধীন হয়েছি, এর পূর্বাপর ইতিহাস ছবি দিয়ে গেঁথে রেখেছিল মেলার এক বরের মধ্যে। তৃমি লেথক মান্ত্র নিশিকান্ত—ভেবে চিল্তে দেখো তো আমাদের জয়রামপুর নিয়ে কিছু লেখা চলে কি না। কত মিথ্যে কথাই রসিয়ে রাভিয়ে লিখে থাক, এখানকার সত্যি মান্ত্রদের নিয়ে লেখ না একবার। তোমার কলমের জোরে তারা বেঁচে উঠুক স্বাধীন ভাগ্যবান দেশবাসীর মনে।

মন্ত বড় গ্রাম আমাদের। নৃতন মিউনিসিপ্যালিটি হয়েছে। শুনছি শিগগিরই কৃষ্ণকৈ কয়েকটা রান্ডার মোড়ে কেরোসিনের আলো জ্বনে। ছ'টা বড় বড় পাড়া। দস্তর্মতো কৌলীল আছে এই জয়য়ামপুরের—সাহেব-দেশা আমরা চিরকাল। সাদা সাহেবের এ জঞ্চলে যাতায়াত স্থদ্র অতীতকাল থেকে। একটা পাড়ার নামই আছে সাহেব-পাড়া। বাঁশবনটা ছাড়িয়ে পড়ব সেধানে।

পাকা রাভা শেব হয়েছে সেথানে গিয়ে। সাহেবরাই নিজেনের গরজে তৈরি করেছিল এ রাভা। এখন আরও করেকটা হয়েছে, কিন্তু এইটে আদিতম। এই সেদিন অবধি বাবে-গরুতে জল খেত সাহেবদের প্রতাপে। বড় বড় বাংলো তৈরি করে রাজার হালে তারা থাকত। আজকে শাম্ক-ভাঙা কেউটের আভানা সে জায়গায়।

বছ-বিস্তৃত বাঁশবন। ঝাড়ের যেন অস্ত নেই, মাইলথানেক জারগা জুড়ে আছে। একটা দিনের কথা বলি, বারো-তেরো বছর বয়স হবে আমার। ঘোর হয়ে গেছে, গরু আসে নি গোয়ালে। ছথাল গরু—ঠাকুরমা ঘর-বাঁ'র করছেন। তখন বাড়িতে পুরুষমান্ত্র কেউ নেই গরু খুঁজে আনবার মতো। আমি বললাম, বাস্ত হোয়ো না ঠাকুরমা, প্রফুলদের গরুর সঙ্গে চরতে দেখেছি, তাদের খামার-বাড়ি হয়তো ঢুকে পড়েছে। দেখে আসি।

ঐ বে ডান দিকে ফাঁকা জায়গাটা নিশিকান্ত, ক'টা ছেলে মুন-দাড়ি থেলা করছে—ঐথানে ছিল প্রফুল্লদের খামার-বাড়ি। এখন প্রফুল স্থাপলার মা'র বাড়ির আমবাগান কাটিয়ে বিশাল অট্টালিকা তুলেছে। পথের ধারেই পড়বে, শিক্তাখাব তোমায়।

ভর সদ্ধেবেলা গরুর থোঁজে ঘটো পাড়া অতিক্রম করে এই এত দ্র এলাম। এসে তানি—তাটিক আমাদের সত্যিই খামারে চুকে পোয়াল-গাদা থেকে পোয়াল টেনে টেনে থাছিল, ওরা দেখতে পেয়ে বেহদ পিটুনি দিয়ে দিয়েছে। তারপর বাশতলার এদিক দিয়ে ফিরে যাছি, মনে হল—ঐ তো সাদা মতো…
তাটিকিই। বড্ড রাগ হল, শিঙে একবার দড়ি পরাতে পারলে হয়। ঘুরে ঘুরে আমরা হয়রান হছি, আর হতভাগা গরু তায়ে পড়ে দিব্যি জাবর কাটছে ওখানে।

জায়গাটায় এসে দেখি, কিছু নয়—ঝাড়ের ফাঁকে জ্যোৎলা পড়েছে, সেইটে

শাকর মতো মনে হচ্ছে দূর থেকে। ডাকহি, ওঁটকি-ই-ই! সামনের বিক্ষে কি-একটা নড়ে উঠল—ওঁটকি না হরে বার না ছারা দেখে দেখে এমনি আনেকটা এগিয়ে গেছি নিশিকান্ত, হঠাৎ জোরে বাতাস এল, কাঁচ-কোঁচ আওরাক উঠল বাঁশঝাড়ে। সর্বান্ধ শির-শির করে উঠল। ছেলেমাছ্য শেষে যেন আমাকে তয় দেখাছে অশরীরী বছজন, চেপে ধরবে বৃধি বাঁশের আগা দিয়ে। রান্তার দিকে দৌড় দিই। ঝাড়ে ঝাড়ে যেন বড়যন্ত্র হরে গেছে, বাশ সমের হয়ে পড়ছে আমার পথ আটকে—এই একবার মাটি হোঁবার উপক্রম, পরক্ষণে আবার সটান উপরে উঠে যাছে। চাবুকের মতো সপাৎ করে কঞ্জির বাড়ি লাগল মুখের উপর। বাশপাতা ঝরছে, মুঠো মুঠো বাঁশপাতা যেন আমার গায়ে ছুঁড়ে মারছে।

রান্তার পড়েও ছুটছি। বাঁশবনের আওরাজ কানে আসে। এক ঠাকুর ও তাঁর শিশ্ব-প্রশিশ্বের গল্প শুনেছিলাম, তারাই শাসাছে যেন আমার। ঠাকুর-মাকে দেখতে পেরে স্কৃত্বির ফলাম, লঠন নিয়ে আমার খোঁজে আসছিলেন। বললেন, ও টিকি এসে গেছেরে। ছড়কোর ধারে এসে শিং নাড়ছিল, তাঙ্কে গোয়ালে তুলে তোকে ডাকতে বেরিরেছি।

রাতে ভয়ে পড়ে ঠাকুরমাকে জিজাসা করলাম, রামজয় ঠাকুরকে দেখেছ ভূমি—সেই যিনি বাঁশের কেলা বানিয়েছিলেন ?

কিন্তু ঠাকুরমা কেন—তার খণ্ডর অর্থাৎ আমার প্রপিতামহ শশিকান্ত নাকি হামাপ্তড়ি দিতেন সেই সময়। অথচ গল্লটা ঠাকুরমা এমন গড়-গড় করে বলে যান, যেন আগাগোড়া চোথের সামনে ঘটতে দেখেছেন তিনি।

নিশিকান্ত, যাবে নাকি বাঁশবনের ভিতর থানিকটা এগিয়ে, রামধ্য ঠাকুরের আসন দেখতে ? এই স্ফ'ড়িপথের ছায়ায় ছায়ায় অছলে নদীর ধারে হাঁটখোলা. আবৰি চলে বেন্তে পার। খুব তাড়াতাড়ি বাওয়া বার এই দিক দিরে, পথ আনেকক্য—কিন্ত প্রামের মাছ্য নিতান্ত দারে না পড়লে বাঁশবনে ঢোকে না। স্নাত-বিরেতে সক্ষে মাড়াতে চার না এদিককার পথ।

শঞ্বতীতলা—এখন একটা নিমগাছ মাত্র। ভারি জাগ্রত স্থান ছিল এটা, দেশ-দেশান্তরের মাহ্য আসত। দেখ, বাঁশঝাড় চারিদিকে চেপে ধরেছে নিমগাছটাকে—আসল গাছ অনেকদিন মরে গেছে, খান তুই ডাল বেঁচে রুরেছে কোনপ্রকারে, আর ক-বছর পরে চিহ্ন থাকবে না এ গাছের। ঠাকুর-কার গালে ভনেছি, রামজয় ঠাকুর স্থান-আহ্নিক সেরে দেড়প্রহর রাত্রে এই গাছতলার এসে বসতেন, শিশ্ব-সেবকেরা সেই সময় চারিদিকে ঘিরে এবে বসত।

কোম্পানির তথন প্রথম আমল। ঠাকুর তো আন্তানা গেড়ে নিশ্চিম্ব আছেন।
বাশবাগান নয় এটা তথন, ভলার প্রান্ত জুড়ে বিন্তীর্ণ মাঠ। দো-চালা খোড়োদর বেঁবে সর্বমঙ্গলা ভূবনেশ্বরীর মন্দির-প্রতিষ্ঠা হল সকলের আগে। তার
চারিদিকে সংখ্যাতীত কুঁড়ে উঠল আশ্রমবাসী ও অতিথি-অভ্যাগত সাধুসজ্জনের
বাকবার জন্ম। মাঠের মাঝখানে গ্রাম গড়ে উঠল দেখতে দেখতে। তালুকদার এল একটা নিরিথ সাব্যন্ত করে বন্দোবন্ত দিতে, পঞ্চায়েত-চৌকিদার ট্যাক্সর
ভাগাদায় এল। ঠাকুর বলে দিলেন, রাজার প্রজা নই, সাধুরও খাতক
নই। দেবীর কিক্কর—খন্সে পড় বাপধনেরা।

শ্রাম আরও জেঁকে উঠছে, নানা অঞ্চল থেকে মাহ্য এসে ঘর বাঁধছে।
টেঁকি-টেকিশাল তাঁত-চরকা হাঁপর-নেহাই—বা কিছু মাহ্যের দরকারে পড়ে।
শ্রেরামপুরের বিলের মধ্যে বিস্তীর্ণ ধানবনের বেশির ভাগই সে আমলে কারকিত
শ্রুত ঠাকুরের লোকজন। এক খোলাটে ধান এনে তুলত, ঝেড়ে উড়িয়ে তুলে
শিশু ধর্মগোলার। ট্যাক্স-থাজনার ধার ধারত না, দিব্যি ছিল।

আগরহাটি নবে তথন চৌকি বসেছে। সে এথান থেকে আট-দশ ক্রোল দ্র, ত্র্গন পথ-ঘাট। এক বিকালে ঘোড়ায় চেপে দারোগা এল। পাকা রাখা না হওয়া অবধি ও-অঞ্চল থেকে আসা-যাওয়া বড়-কষ্টকর ছিল। রাত থাকডে বেরিয়ে ঘোড়া ছুটিয়ে এসেছে, তা-ও প্রায় সন্ধ্যা হয়ে গেল পৌছতে। গাঙে-খালে তিনটে পারাপার—ঘাটে এসে হা-পিত্যেশ বসে থাকতে হয়। মাছ্য পার হলেও ঘোড়া পার করে আনা বেলি মুশ্বিল হয়ে পড়ে।

দারোগা এনে গড় হয়ে প্রণাম করল ঠাকুরকে। ঠাকুর প্রায় নির্মান্ত্র জবাফুল দিয়ে আশীর্বাদ করলেন। পাথরের বাটিতে ঘোল আর রেকাবিতে করে খানকয়েক বাতাসা দিয়ে গেল একজন। খেয়ে দারোগা ঠাণ্ডা হল। ভারশর বলে, ট্যাক্স চাইতে এনেছিল—হাঁকিয়ে দিয়েছেন। কোম্পানির রাজ্য জানেন এটা ?

না বাবা, সর্বমঙ্গলা ভ্বনেশ্বরীর রাজ্য। কারো তিনি ইজারা দিয়ে দেন নি পৃথিবীর জায়গা-জমি। বাজে কথা রাথ, অতিথ এসেছ—থাও-দাও থাক ত্-চার দিন—মায়ের নাম কর, আরাম পাবে। আমরা কারো ভোরাকা রাখিনে, কারো সঙ্গে গোলমাল করতে যাই নে। আমাদের কেন একে জালাতন করছ বাবা?

দারোগা দিন পাঁচ-ছয় রইল সেথানে। ঠাকুরমা বলেন, চর্বচোক্ত থেকে দিব্যি মজায় ছিল। গিথে কিন্তু সদরে রিপোর্ট পাঠাল, জবরদন্তি করে আটিকে রেখেছিল তাকে। গ্রামে এ দিকে সোরগোল পড়েছে, চওড়া পরিখা জাটা হচ্ছে চারিদিক যিরে। আন্ত বাশ পুঁতে পুঁতে প্রাচীর তৈরি হল—পর প্রতিনটে প্রাচীর—দল্ভরমতো এক কেলা। আর ওদিকে অনিবার্য জাবে ষা ঘটবার কথা—এক কল গোরা সৈত্ত এসে পড়ল।

नचा हुए हें वा नभागरे कांग्रान, ब्रङ्गाचत-भवा-वरे नाकि हिन ठाकूदबब

চেহারা। বুক কুলিরে থালি গায়ে সৈঞ্চদের বন্দুকের সামনে বিছে তিনিং কাঁড়ালেন। তারা অবাক হল। ঠাকুর বলেন, কেন গগুগোল করতে এসেছিল ? বরের ছেলেরা বরে চলে যা। আমরা তো বাছা থৃতু কেলতেও বাই নে তোদের দেশে-বরে।

ক্ষি কিরে বেতে আসে নি তারা। বন্দুক ছোঁড়ে—ফাঁকা আওয়াল, ভয় বেখাবার জন্ত। ফলে উন্টা-উৎপত্তি হল। প্রথমটা সকলের ভয় হয়েছিল—ভেবেছিল, ঠাকুর মরে পড়ে আছেন বৃঝি নৃতন-কাটা পরিথার ভিতর। কিছ হাসতে হাসতে ঠাকুর কেলায় এসে চুকলেন। লোহার গুলি তাঁর গায়ে লেগে ধোঁয়া হয়ে উড়ে গেছে। হবে না কেন—ধর্ম সহায়, কারও উপর অন্তায় করতে যান না তো তাঁরা—নিজের জায়গায় চুপচাপ নিজেদের কাজকর্ম নিয়ে থাকেন।

বাঁশের কেলা দেখে খুব হাসছে গোরা-সৈন্সরা। এগিয়ে এসে ধাকাধাকি করে ভারা প্রাচীরের খানকয়েক বাঁশ খুলে ফেলল। সেই সময় এক কাণ্ড—
শাকা মন্দির হবে, তার জন্ম পাঁজা ভেঙে ইট স্কূপীকত করে রেখেছে, ঠাকুরের
লোক আজোশে দমাদম সেই ইট-বৃষ্টি করতে লাগল সৈকদের উপর। মাথায়
লেগে মুখ থুবড়ে পড়ল একটা, ফিনকি দিয়ে রক্ত ছুটল।

পরবর্তী ঘটনা অত্যন্ত সংশ্বিপ্ত। ঠাকুব মরলেন বন্দুকের গুলিতে, আরও মাট-সন্তর জন মারা গেল। কেল্লায় আগত্তন দিল, দাউ-দাউ করে সারা দিনরাত জলল, ফট-ফট করে বাঁশের গিরা ফুটতে লাগল। বিয়ালিশ সনে ইকুল-বাড়ি জলতে দেখেছি নিশিকান্ত। তার আগেও একবার নোনাখোলায় জলতিয়ারদের আন্তানা। এসব গেকে সেকালের ছবি আন্দাজ করে নিই। একই ইতিহাসের রকমফের শুরু। ঠাকুরের অত দিনের অত আয়োজন নিশ্চিক্ লেখতে দেখতে। একট্থানি কেবল শ্বৃতি আছে—এই বাঁশবন। কেলার

প্রাচীরে কতকগুলো যে গোড়ার বাঁশ পোতা ছিল, তাই থেকে নৃতন নৃতন বাঁশ জন্মেছে শতাব্দীকাল ধরে। কসাড় বাঁশবন এখন এই জায়গায়।

ঠাকুরের অসমাপ্ত মন্দিরের কিন্তু এতটুকু চিক্ত নেই বাঁশবনে অথবা প্রামের অন্ত কোথাও। নাটার ঝোপে আছের ইটের ত্বপ—মন্দির নয়, সাহেব-পাড়া ঐ সামনে—নীলকুঠির ফটক ছিল ওটা। ক'দিনের বা ব্যাপার—আমার ঠাকুরমা নৃতন বউ হয়ে এলেন, তখন হেলি সাহেবের দাপটে ইতর-তত্র সকলে তটস্থ। তারপর কোথা দিয়ে কি হয়ে গেল। হেলি বলে নয়, সব সাহেবকে ক্রমণ বিদায় নিতে হয়েছে জাহাজ ভাসিয়ে। নীলকর সাহেবদের উড়িয়ে দেবার উপায় নেই, কিন্তু বাঁশের কেলার কথায় প্রবীণজনেরা ঘাড় নেড়ে বলেন, গাঁজাখুরি গল্প—এই কি হতে পারে, কোম্পানির বিক্রছে বাঁশ আর ইটের টুকরায় লড়াই? সামান্ত একটু প্রাম্য ঘটনা লোকের মুখে মুখে এই রকমটা দাঁড়িয়ে গেছে। আচ্ছা নিশিকান্ত, রামজর ঠাকুরের কথা এতই কি অবিশ্বান্ত পরবর্তী ঘটনাগুলোর তুলনায়? জয়রামপুরের এক এক ফোটা ছেলে—আমাদের কাহ্-বান্ত অবধি কি তাজ্জব দেখিয়ে গেল! পুরানো কাহিনী আমিও হয়তো বিশ্বাস করতাম না পরবর্তী ব্যাপারগুলো স্কুকেন। দেখলে।

প্রবীণেরা বা-ই বলুন, ঠাকুরমার মুথে শোনা প্রতিটি কথা আমার শিশুন্মনে গেঁথে গিয়েছিল। রামজয় ঠাকুরের মন্দিরের ইট রয়েছে নিশ্চয় বাঁশবনে কোনখানে চাপা পড়ে, সেই সব মড়ার হাড়-পাজরা ধূলো হয়ে বাতাসে উড়ে মিশে আছে মাটির সজে। অহরহ বাঁশবনে কটর-কট আওয়াজ ওঠে—ছেলেবেলা আমার মনে হত, রামজয় ঠাকুরের রক্তাক্ত সেই শিশ্ব-প্রশিয়েরা বাঁশের আগায় আগায় পা ফেলে শৃশু মার্গে চলাচল করছেন।

শুধু জাঁরাই নন—বিদেশি নীলকর পরিবারের প্রেতাজ্বাশুলিও। বৃদ্ধি নেমের কুঠির পিছনে ভদ্রার কূলে বাউইলতায় ঢাকা কবরথানা রয়েছে, আতম্ব সেই জম্ম আরও বেডেছিল।

ছেলেমাছব বলে নয়—বুড়োরাও নিতাস্ত দরকার ছাড়া ঢুকতে চায় না বাশবনে। কেউ আসে না নিশিকাস্ত। দিনত্পুরে শিয়াল চরে বেড়ায়, থরগোল ছোটে ছ্-কান উচ্ করে, বাহুড় ঘুমোয় নিচেমুখো মাথা ঝুলিয়ে। তলায় এখানে-ওথানে উলুবাস, স্থাড়াসেঁজি ও শেয়াকুলের ঝোপ। কে আসতে বাচ্ছে বল এদিকে, কার দায় পড়েছে ?

দায় পড়েছিল আমাদের—মুশকিলে পড়েছিলাম সেবার বিয়াল্লিশ সনের শেষাশেषि সময়টায়। ঘরে ঘরে পুলিশের দল হানা দিচ্ছিল, পাড়ার মধ্যে থাকা অসম্ভব ১য়েছিল শেষের মাস কয়েক। আজকে নিশিকান্ত ঘুরে ঘুরে দেখিয়ে বেডাচ্ছি—দেদিন ঐ সব ঝোপঝাপের আডালে পাকা বাঁশপাতার উপর আমাদের কায়েমি বিছানা হয়েছিল। শান্তি-বউদি তাকিয়া দিচ্ছিল মাথায় দেবার জন্ত। তাকিয়ার বদলে একটা পাশ-বালিশ নিয়ে এলাম-- ঐ এক পাশ-বালিসে এদিক-ওদিক মাথা রেখে অনেক লোকের শোওয়া চলে। ছিলাম মন্দ নয় নিশিকান্ত। রাতছপুরে শিয়াল ডেকে ডেকে চুপ করত, তথনই উৎসব পড়ে যেত ঘরে ঘরে। আলো নিভিয়ে দিয়ে উৎসব। হায়ার মতো এক এক জন আমরা ছাঁচতলায় গিয়ে দাঁড়াচিছ, ছুয়োর গুলে ভাড়াভাড়ি আপনজনের। বৈরিয়ে আসছে। ফিসফিস কথাবার্তা, খাওয়া-শাওয়া--আমার ত্-বছরের খুকি মাস তিনেকের মধ্যে কোনদিন আমায় বেশতে পায় নি-চারু ঘুমন্ত অবস্থায় তাকে নিয়ে আসত, আমি ত্ব-চোথের উপর থেকে চুলগুলো সরিয়ে একটু আদর করে চলে যেতাম। সকাল হবার আনেক আগেই ঢুকতাম আবার বাঁশবনে। বরাবরই যে এখানে ছিলাম, তা

নয়। সময় সময় ছোট-লাইন ধরে দুরের কোন স্টেশনে গিয়ে গাড়ি চাপজাম, আবার ফিরে আসতাম। এদিককার কাজের ভার আমাদের উপর, অঞ্চল ছেড়ে পালাবার জো ছিল না। -রোজই যে ঘরে এসে থেয়ে বেতে পারতাম, তা নয়। এক একদিন অচেনা মাহুয় দেখা যেত গ্রামে, শাঁখ বেজে উঠত এবাড়ি-ওবাড়ি। শন্ধী বাজানো ছিল সঙ্কেত। সে রাতে নিরমু উপোস যেত। কাছাকাছি খেজুরবনে ভাঁড় পেতেছে, কিন্তু বেরিয়ে এসে খেজুর-রম্ম খেয়ে যাবে, তাতেও বড্ড কড়া রক্মের মানা ছিল।

নীলকুঠির অনেক গল ঠাকুরমা বলতেন। বউ মাছ্য নিজে কি-ই বা দেখেছেন—তাঁরও অন্তের মুঁথে শোনা। একটা তার মধ্যে বেশ স্পষ্ট হয়ে আছে মনে। অপরূপ নাটকীয়তার জন্মই সম্ভবত।

ভদা নদী দেখছ, নিশিকান্ত। স্রোতোহীন নদীর আজকে এমন **অবহা যে**. কেউটেফণার ঝাড়গুলোকেও ভাসিয়ে নিতে পারছে না, পাড়ের কাছে বছরের পর বছর জমে এটে একশা হয়েছে, দেখলে মনে হবে—উর্বর মাঠের উপর সতেজ সবুজ ফসল ফলে আছে। পাড়ার মধ্যে মাঝে মাঝে ঘাঝে ঘাট তৈরি করে নিয়েছে। শেওলা-পচা পাক, পা দিলে হাঁটু অবধি ভূবে যায়, পা ভোলা মুশকিল হয় তারপর। তাই বাঁশের খুঁটি পুঁতে পুঁতে তার উপর বাধারির চালি ফেলা হয়েছে নদী-বিস্তারের প্রায় সিকি অবধি। বউ-ঝিরা ঐ অতদ্র গিয়ে চালির প্রান্তে বসে বাসন মাজে, কলসি ভরে জল নিয়ে যায়। সানের সময় ছেলেরা লাফিয়ে পড়ে ওখান থেকে নদীর গরেও।

আজকের এই মজা নদী অতি-তুর্দান্ত ছিল সে আমলে। শীতকানটা ছাড়া ভদ্রার ভদ্র চেহারা দেখা যেত না। নদীর কূলে বিস্তর নীলকুঠি। আউশ ধানের চাষ না করে চাষীরা ক্ষেতে নীলের বীজ ছড়াত। নীলগাছ কেটে নৌকো বোঝাই করে নানা গাঙ-খালের পঙ্কে অবশেষে ভক্তায় এলে পড়ত। সারি সারি দাঁড় বেয়ে অথবা বাদামি রঙের পাল খাটিয়ে যেত নীলখোলার দিকে। পাথরঘাটার ঘাটে এসে তারা নোঙর করত।

পাথর এ অঞ্চলে কোনখানে নেই, ঘাটের নাম তবু পাথরঘাটা। এগিয়ে চল নিশিকান্ত, বাঁকের মুখে কেরার ঘন জলল দেখতে পাবে। পাথরঘাটা বলে জারগাটাকে। এখন ঘাট নেই, পাথরও নেই। সে আমলে নাকি চাটগাঁ থেকে আনা পাথর পুঁতে ঘাট চিহ্নিত করা ছিল, দেশ-বিদেশের ভরা এনে লাগত। এখন গালগল্ল বলে মনে হয়।

ঐ সাদা দালান—বৃড়ি-মেমের কৃঠি ওর পুরাণো নাম। আগে খড়ের চালে চাকা ছিল। পুরোণো চাল পচে নষ্ট হয়ে যায়। দরজা-জানলা এবং দেয়ালেরও কোন কোন অংশ থারাপ হয়ে গিয়েছিল, মেজেয় হাঁটুভর উলুযাস জল্মছিল। তারপর দরজা-জানলা পালটে কড়ি-বরগা বসিয়ে পাকা ছাত হল। বাবলার পিটানি দিয়ে দশ-বারো জনে ছাত পেটাল মাসথানেক খরে, নদী থেকে শেওলা এনে ঢেকে দিল। এই তো বছর চারেক আগেকার কথা। প্রস্কুল্লর টাকায় হয়েছে এসব। ঘর মেরামত করে এখানে সে ছোটখাট এক হাসপাতাল করে দিয়েছে। প্রস্কুলর বিখবা বোন হাসি সকাল-বিকাল এসে দেখান্তনা করে। তার সতর্ক পাহারায় ভাল চলছে হাসপাতালের কাজকর্ম—মফস্বলের আরু দশটা হাসপাতালের মতো নয়। মোটা থপথপে চেহারা, গলায় সক্ষ হার—হাসিকে দেখতে পাবে আজকের সভায়। হয়তো সভারত্তে গান গাইতে হবে তাকে। ভাল মেয়ে—বড্ড কোমল মন। দশের কাজে সব সময়্ব সে অগ্রবর্তী।

কত রক্ষ নক্সা খোদাই করা ছিল বুড়ি-মেমের কুঠির কবাটে! মর্রে সাপ ধরেছে, পালকি চড়ে চলেছে বর, ঘন জন্মলে হাতীর পিঠে বন্দুক হাতে শিকারি বাচ্ছে বাছ মারতে। এ হেন শৌখিন ছরের উপরে বাঁশের চাল, বেতের বাঁধন, উলুথড়ে ছাওরা। চালের আড়া-বাউনিতেই বা কত মূর্তি, বেতের বাধনগুলিতে কত রঙের বাহার! পাকা ছাতের অস্তুত দশগুণ থরচ হয়েছিল এই চাল বাঁধতে। টুইডির স্ত্রীর ইচ্ছাক্রমেই এই রকম হয়েছিল—স্বামী আর একমাত্র মেয়ে নিয়ে এই ছরে তিনি সংসার পেতেছিলেন। টুইডিকে তিনি বলেছিলেন, উলুর ছাউনি দেখতে ভাল, আর বেশ ঠাগু। থাকে চোত-বোশেথের দিনেও। গায়ের লোকদের মতো থোড়ো-ঘরে আমরা থাকব।

দালানের পিছনে পাশাপাশি ছটো জামকলগাছের নিচে সেকেলে কবর-খানা। বৃড়ি-মেম অর্থাৎ মিসেস টুইডির কবর ভেঙেচ্রে প্রায় নিশ্চিছ। কেলিসিয়ার কবর কিন্তু অবিকৃত আছে, মর্মর-ফলকের উপর লেখাগুলো স্কল্টে পড়া যায়। টুইডি-দল্পতির বৃড়া বয়সের একমাত্র সন্তান কেলিসিয়া আঠার বছর বয়সে মারা যায়। নীলকমল মাস্টার মশায়ের সঙ্গে কথা বলতে বলতে এদিককার এই নির্জন নদীর ধারে এককালে অনেক খুরেছি। তখন কাঁচা বয়স—কবরের লেখা পড়তে পড়তে মন কেমন করে উঠত নিশিকাস্তা। সমৃত্র-পারের আনীল-নয়না অর্ণকেশী এক কিশোরী মা'ব কোলের কাছে শাস্ত জামকল-ছায়ায় য়্মিয়ে আছে। কত সংঘর্ষের তেউ বয়ে গেল বারছার, ইংরেজের ভ্বন-জোড়া সাম্রাজ্য চুরমার হল, ফেলিসিয়া কিন্তু গ্রামপ্রান্তে তেমনি বিভার হয়ে মুমুছে।

দারা পৃথিবীতে বাংলার নীলের থাতি। দাত-সমুদ্র পার হয়ে এক এক দল আসে, নীলের কারবারে ক'বছরের মধ্যে লাল হয়ে যায়। দেখে ভনে সমুদ্র-পারের দেশে দেশে হড়োছড়ি পড়ে গেল। মধুলোভী মৌমাছির মতো জাহাজের পর জাহাজ আসছে। এ-গাঁয়ে ও-গাঁয়ে কুঠি বসতে লাগল।

বাণ্ডিলের দাম চড়ল, চাষীরা ত্-পয়সা পাচ্ছে। বীজ সংগ্রহের জম্ব কুঠিতে

কৃঠিতে ঘূরে নিজের গরজেই তারা নীল বোনে। গাছ কাটা হলে গরুর গাঞ্জিবা নৌকা যোগে নীলখোলার মাল পৌছে দের। তৈরি আছে ওজনলার—শিকলে বেঁঞা পালার তুলে সঙ্গে ওজন হয়ে যায়। মুটেরা নীল বয়ে বয়ে বছ চৌবাছ্টায় কেলে, কপিকলে কলসি কলসি নদীর জল তুলে গাছ পচান দের। নগদ টাকা বাজিয়ে নিয়ে বড়-সাহেব ছোট-সাহেব দেওয়ান-গোমন্তা আমিন-তাইদগির সকলকে যথাযোগ্য সেলাম ও প্রণাম করে ভাসিমুখে চাবী বাড়ি ফিরে যায় আগামী মরগুমে আবার দেখা হবে—এই প্রতিশ্রুতি দিয়ে।

তারপর কৃঠিয়ালদের টনক নড়ল। পেটে-ভাতে থাকবার ক্ষম্প কি এতদ্র এসেছে তারা? আইন পাশ করবার কথা হল—একটা কুঠি বেথানে আছে, তার দশ মাইলের মধ্যে ন্তন কুঠি বসবে না। প্রতিযোগিতার অভাবে তা হলে বাণ্ডিলের দর পড়ে যাবে। কিন্তু ইতিমধ্যে যত কুঠি বসে গেছে? উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম যেদিকে খুশি গিয়ে দেখগে নিশিকান্ত, কত কনসারনের ধবংস-চিহ্ন। অক্টোপাশের মতো একদা ওরা শতপাকে জড়িয়ে ধরেছিল এ অঞ্চলের গ্রামগুলি।

সব কুঠিয়াল মিলে ঠিক করল, বাণ্ডিল প্রতি চার আনার বেশি দেওয়া হবে না কোন ক্রমে। চাষীরা বিগড়ে গেল তথন—লাভ পড়ে মরুক, এ দরে পড়তা পোষায় না। নীল আর বুনবে না কেউ ক্ষেতে। লাঙল-গরু নিয়ে তারা ধান ও পাটের কারকিতে লেগে যায়। সাদা রং ও রাজার গোটি বলে ভয় পায় না। মোরা নীল বুনব না—এই রব সর্বত্ত।

এই গণ্ডগোলের মূথে টুইডি সাহেব আমাদের জন্মরামপুর কবলা করে নিলেন নামথানার চৌধুরিদের কাছ থেকে। রেজেক্ট্রি-দলিল আমি নিক্তের চৌথে দেখেছি। হাসপাতাল স্থাপনার সমন্ত্র কুঠিবাড়ির দখল নিম্নে প্রক্রের সংক্র চৌধুরিদের মামলা বাধবার উপক্রম হয়েছিল, তথন লারমোর সাহেবের পুরোণো কর্মচারী নকুলেশ্বর গুই অনেক খুঁজেপেতে মূল-দলিল বের করে পিয়েছিলেন। সেকেলে গোটা গোটা বাংলা হরফে লেখা—পুত্র-পৌঞানিক্রমে বাবচ্চক্রদিবাকরে। ভোগ-দখল করবার স্বত্ব টুইডি সাহেবের। কোথার দেই টুইডির দল আজকে! বিদার নেবার দিনে পুত্র-পৌত্রাদিক্রমে ভোগ-দখলের জন্ম অমি তাঁরা ইংলতে ভুলে নিয়ে যেতে পারেন নি, যেমন ছিল তেমনি পড়ে আছে, ভাঁট আশখাওড়া আর কালকাম্মন্দের জন্মলে ঢেকে গেছে। সেই মূল্যবান দলিল এখন মহারাণীর মুখান্ধিত কাগজের উপর কতকগুলি তুর্বোধ্য অক্ষরের সমাবেশ মাত্র—নির্থক ও নিপ্রায়েজন, ঐতিহাসিকের হয়তো কিছু কাজে লাগবে স্বাধীন-ভারতের ইতিহাস লিখবার সময়।

গ্রাদের মালিক হবার সঙ্গে সঙ্গে টুইডি আর এক মান্ত্র হয়ে গেলেন। একেবারে মাটির মান্ত্র। চাবীদের বলেন, জমাজমি নিয়ে বসত করাছ এখন তোমাদের সঙ্গে, তোমরা যে আমিও সেই। আলাদা করে ফেলে রেখা না বাপু সমাজ-সামাজিকতার ব্যাপারে। যে ঝড় আসর হয়েছিল, আপাতত তা স্থগিদ হল এই ভাবে। গ্রাদের কোন বাড়ি বিয়ে-থাওয়া বা ঐরকম কোন অনুষ্ঠান হলে গৃহক্তা টুইডির কুঠিতে এসে নিমন্ত্রণ করে যেত। সাহেব বৃড়ি-মেমকে নিয়ে বিয়েবাড়ি নিমন্ত্রণ থেতে আসতেন, জোলাদের তাঁতে-বোনা শাড়ি আর ফেনি-বাতাসা সাজিয়ে আইব্ড়োভাত পাঠাতেন। রথের বাজারে ছোট ছোট ছেলে-মেয়েদের কুমোরের গড়া ইাড়িবালী কিনে উপহার দিতেন। কোন বাড়ি যাত্রা হলে আসরে উবৃ হয়ে বসে গান শুনতেন। গোফ-কামানো পরচুল ও ঘাঘরা-পরা সখী নাচতে নাচতে শ্রোতাদের ডিঙিয়ে এদে নাচত সাহেবের সামনে। ঘুরে ঘুরে নাচত, বেহাগাদার এগিয়ে আসত সনীর পিছু পিছু। নাছোড্বালা। টুইডি মুখ ফেরাতেন হাসতে হাসতে হাসতে,

্সথী খুরপাকু দিয়ে আবার গিয়ে সামনে দাড়াত। বেহালায় বোল উঠেছে, স্পট্টব্রতেপারা যায়—

লাও পার্মা, দাও পরসা, পরসা দাও---

টুইডি প্রসা নয়—ঝনাৎ করে আধুলি কেলে দিতেন মাটিতে।
সখী নাচের ভঙ্গিতে ভূলে নিত, ঘূরে গিয়ে সেলাম দিত সাহেবকে।
সারা রাত্রি জেগে সাহেব যাত্রা শুনতেন, সকালবেলা চোথ লাল করে উঠে
যেতেন আসর থেকে।

দয়াবান ছিলেন সাহেব। কেউ কোন মুশকিলে পড়েছে শুনলে ছুটে বেতেন তার বাড়ি। সদরে সাহেব-ডাক্তার ছিল, জজ-ম্যাজিস্টেট ইত্যাদি এবং এ অঞ্চলের গোটা পনের কনসারনের সাহেব-মেমদের তিনি চিকিৎসা করতেন। ঘোড়ার পিঠে এবং কথন কথন পালকিতে ডাক্তারকে দ্র-দ্রান্তর যেতে হত চিকিৎসা-ব্যাপারে। পাগলা টুটডির কাণ্ড—কতবার তিনি চিঠি লিখে চাষা-ভূবোকে পাঠিয়ে দিয়েছেন সাহেব-ডাক্তারের কাছে। ডাক্তার ঔষধ-পত্র দিছেন, টুইডির নামে হিসাব লেখা থাকত। চৈত্র নাসে সালতামানির মুখে টুইডি নিজে গিরে সমস্ত হিসাব মিটিয়ে আসতেন।

কেলিসিয়া বুড়া বয়সের ছলালী। ছ-তিনটা ছেলেমেয়ে শৈশব অবস্থায়
মারা গিয়েছিল—কেলিসিয়াকে তাঁরা তাই চোথে হারাতেন। এই পাড়াগায়ের
মধ্যেও মেয়ের গান-বাজনা লেখাপড়া ঘোড়ায় চড়া—কোন ব্যবস্থার ক্রটি রাবেন
নি। বাংলা পড়াবার জন্ম আগরহাটি থানার দারোগার স্থপারিশ ক্রমে পীতাম্বর
চাটুজ্জেকে নিযুক্ত করলেন। পীতাম্বর পাঠশালার পণ্ডিতি করতেন, বুড়া হয়ে
আর পেরে উঠছিলেন না, এমনি সময়ে অভাবিত ভাবে নীলকুঠির কাজটা পেয়ে
গেলেন। পণ্ডিতের সহজ সারল্যে টুইডি ক্রমণ আরুপ্ত হয়ে পড়লেন চাটুজ্জেপরিবারের উৎকট বাক্ষণ্য সবেও। মেয়েও কতকটা বাপ-মায়ের স্বভাব পেয়েছিল,

গ্রাদের লোকের সন্ধে যেতে আলাপ-পরিচয় করত। প্রায়ই সে চাটুজ্জে-বাজি বেড়াতে যেত, পীতাছরের ছোট মেয়ে ছুর্গার সন্দে তার বড় ভাব। শাড়ি পরে খালি পায়ে যথাসম্ভব দেশি সাছসজ্জা করে বেকত সে এই সময়টা। পীতাছরের বউ সারদা সাগ্রহে তাকে আহ্বান করতেন। তবু কেলিসিয়া দালানে উঠত না, উঠানের প্রাস্তে দাঁড়িয়ে থাকত। ছুর্গা ছুটে গিয়ে তার গলা অড়িয়ে ধরে ছ-জনে টে কিশালে কিছা পুকুর-ঘাটে গিয়ে গল্ল-গুজব করত। কেলিসিয়া বাংলা বুবত, বলতেও শিথেছিল মোটাম্টি। এমনি সারদার এত বাছবিচার, কিছ কেলিসিয়ার সম্পর্কে কড়াকড়ি ছিল না। বলতেন, আর জয়ে কেলিসিয়া ভাল বাম্নের মেয়ে ছিল, কপাল-দোবে মেচছ-ঘরে জন্মালেও আচারে-বিচারে পুর্বজ্জের ছাপ রয়ে গেছে। পোষাক-পরিচ্ছদ ও নরম তরিবৎ দেখেই তাঁর এই ধারদা জন্মছিল। কিন্তু লোকে বলাবলি করত, ভাত জুটছে টুইডির দ্মায়—তাঁর মেয়ের মেছেদোর খণ্ডে যাবে, এ আর বেশি কথা কি!

হুর্গা কেলিসিয়ার চেয়ে তিন বছরের বড়। সর্বকনিষ্ঠ মেয়ে এটি, পীতাখর শথ করে কিছু লেখাপড়াও শিথিয়েছেন, শুভরুরী এবং সমগ্র পাটগণিতথানা শেষ করিয়ে দিয়েছেন। কিছু বিয়ের কোন উপায় করা যাছে না। বড় হুণটকে অনেক কষ্টে পার করা গেছে, এখন এইটিতে এসে ঠেকেছে। নৈক্য কুলীন বংশ—পালটি ঘর খুঁজে পাত্রন্থ করা সোজা নয়। সে রকম সন্ধৃতি থাকলে অবশ্ব আলাদা কথা। এর উপর আর এক উপসর্গ—মা হয়ে সারদাই অক্সবিধা ঘটাছেন সব চেয়ে বেশি। অতবড় মেয়ে আইব্ড় অবস্থায় ঘূরে বেড়াছে—পীতাছরের মুখের হাসি চোখের ঘুম ঘুচে যাবার উপক্রম, কিছু সারদা ধয়ক-ভাঙা পণ করে আছেন, যে-সে ঘরে তিনি মেয়ে দিতে দেবেন না।

একটা পাত্র হাতের কাছে আছে—উত্তরপাড়ার কেশব। কুলশীল গাঁইগোত্র মেলপ্রবর খুঁটিয়ে দেখতে গোলে যথেষ্ট উৎসাহব্যঞ্জক হয়তো নয়, কিছ একটা বড় স্থবিদ্ধা এই যে মাধার উপর অভিভাবক না থাকায় টাকা-পয়সা নিক্ষে দরদন্তর কবে না। সত্যি কথা বলতে গেলে, এরই উপর ভরসা করে পীতাবর আগে জেনন চাড় করেন নি। অছলে মেরে এত বড় হয়েছে। ছেলেবয়সে কেশব তাঁর পাঠশালার পড়েছে। একটা ক্ষমতা ছিল—সে বিষম মার থেতে-পারত। পীতাবর হয়দম পিটাতেন। বেতের চোটে কালসিটে পড়ে গিয়েছিল, নিরিশ্ব করে দেখলে এত কাল পরেও অম্পষ্ট দাগ মিলতে পারে। পিঠ কেটে চৌচির হয়ে যেত, তরু দশমিক ভয়াংশ কিছুতে তার মাথায় চুকত না। কায়রেশে বছর তিন-চার কাটিয়ে অবশেষে পীতাবরেরই দাপটে পড়াওনায় তাকে ইস্কফা দিতে হল।

তবু কেশব স্থাল ছেলে—এত মার খাওয়া সত্ত্বেও পীতাম্বরকে সে ভক্তিশ্রদ্ধা করে। বয়সের সঙ্গে ভক্তি বেড়েছে আরও। নানা কাজকর্মে সে পীতাম্বরের বাড়ি আসে। সন্ধ্যা-আফিক সেরে পীতাম্বর স্থ্রাচীন দোতলার জীর্ণ ঝুল-বারাণ্ডার প্রান্তে মাত্র পেতে গড়িয়ে পড়েন, ঘরের ভিতর মিটি-মিটি রেড়ির তেলের দীপ জলে। প্রদীপ উসকে দিয়ে কেশব অভিনিবিষ্ট হয়ে প্লেটের উপর খড়ি দিয়ে অরু কষে। মাঝে মাঝে পীতাম্বরের কাছে জিজ্ঞাসা করে নের। তক্তার বোরে পীতাম্বর যা-হোক এক রকম জবাব দিয়ে যান। এ নিয়েও কথা উঠেছে পাড়ার মধ্যে।

হেঁ-হেঁ, আসে কি আর পীতাম্বর পণ্ডিতের কাছে ?

সারদা বিরক্ত। বলেন, কি জন্ম আসে যখন-তখন? মেরে বড় হয়েছে, মানা করে দিও।

পীতাম্বর বলেন, দশমিক ভগ্নাংশ বুঝে নিতে আসে। এদিনে মনে ঘেলা হয়েছে। তুগ্গার সঙ্গে দশমিক নিয়ে আলোচনা করে, লক্ষ্য করে দেখেছি।

मात्रमा वर्णन, थांक रहा कृमि हाथ वृरक । कि करत रमथ ?

পীতাশ্ব তিলমাত্র অপ্রতিভ না হরে বলেন, চোধে না দেখি, কান আমার ঠিক খাছা থাকে। যা ওয়া বলাবলি করে, সমস্ত কেবল পাটাগণিতের কথা।

অবশেবে একদিন মনের অভিপ্রায় সসঙ্কোচে তিনি সারদার কাছে ব্যক্ত করলেন।

কি রকমটা হয় তা হলে ?

সারদা মুথ বেঁকিয়ে বললেন, ওর সঙ্গে ? বরং আমি মেয়ের হাত-পা বেঁধে ভদার জলে ফেলে দেব। গাঁজা-গুলি থেয়ে বেড়ায়—ঠাউরেছ চমৎকার !

কেশব গাঁজা-শুলি থায়, এর কোন প্রমাণ নেই। তামাকটা অবশ্র থায় পুর।
কিন্ত গুরুত্বানীয়দের বিশেষ সমীহ করে, পীতাম্বর বা সারদা এতটুকু বেচাল
কোন দিন দেখতে পায় নি। বর্ষার সময় একদিন সন্ধ্যা থেকে বৃষ্টি-বাদলা বর্জ
চেপে পড়ল। চাটুজ্জে-বাড়ি থেকে উত্তরপাড়া কোশখানেক হবে। পীভাময়
প্রস্তাব করলেন, কি হবে বাবা এই ভয়ার মধ্যে বাড়ি গিয়ে? থিচুজি থেছে
বৈঠকখানার ফরাসে আমার পাশে পড়ে থাক। তোর মাকে বল গুগগা, চাদয়
পতে ছোট মশারিটা খাটিয়ে দিয়ে বেতে।

কেশবের ইচ্ছা নয়, পণ্ডিত মশাঘের পাশে ঐ ভাবে টনটনে হয়ে পড়ে থাকা। কিন্তু উপায় নেই তা ছাড়া। অবিশ্রাপ্ত জল হচ্ছে।

পীতাধরের ঘন ঘন তামাক থাওয়া অভ্যাস। গদ্ধকের কাঠি আর আগুনের মালসা সাঞ্চানো থাকে তাঁর শ্যার পাশে — অনেক রাত্রে উঠে প্রদীপ ধরিয়ে তিনি তামাক সাজতে বসলেন। আলো চোথে পড়ে কেশবেরও ঘুম ভেন্তেছে। মশারির ভিতর থেকে লোলুপ চোথে দেথছে, পরম আরামে পীতাধর মুখ দিয়ে নাক দিয়ে ধুম উদসীরণ করে চলেছেন। দেখে সে আর ছির থাকতে পারে না, বিছানায় এপাশ-ওপাশ করছে।

পীতাম্ব জিজাসা করলেন, মশা ঢুকেছে নাকি বাবা ?

## वांत्व ना।

বাঁ-হাঙের থাবা দিয়ে তৎক্ষণাৎ তিনি আলো নিভিন্নে দিলেন। সক্ষে সংক্ষ কেশব আছেভব করল, হঁকো তার গায়ে ঠেকছে। বিবেচনা আছে পণ্ডিত মশায়ের ঃ আলো নিভিন্নে ইজ্জত অকুগ্ন রেখে মশারি উচু করে ছাত্রের দিকে হঁকো এগিয়ে ধরছেন। কেশবের বড় ইচ্ছা করে, অন্ধকারে তখনই একবার শীতাছরের পায়ের ধুলো নেয়।

রাতের মধ্যে আরও তিন-চার বার এই রকম চলন। প্রত্যেক বারই পণ্ডিত স্বশায়ের প্রসাদী তামাক নির্বাঞ্জাটে মুথের কাছে এসে পৌচেছে।

সকালবেলা সারদা বিছানা তুলতে এসে দেখলেন, নৃতন মশারির তিন-চার ক্ষার্থায় পুড়ে গোলাকার ছিদ্র হয়েছে। আয়েস করে টানতে টানতে জ্লস্ক টিকের কুচি পড়ে গেছে, ঘুমের ঘোরে কেশব টের পায় নি। পীতাম্বরের উপর তিনি আগগুন হয়ে উঠলেন, থবরদার বলছি—কথনো তুমি আস্কারা দেবে না গেজেল ছোঁড়াটাকে। কোন দিন সে যেন আর এ বাড়িমুখো না হয়।

গ্রহ এমনি, একটু পরেই কেশব মুখোমুখি পড়ে গেল। সারদা বললেন, ছগ্গা ছোটটি নেই—কেন বাছা ভূমি এত আসা-যাওয়া কর ? আর এস না—খবরদার।

সারদা বেঁকে বসেছেন, পাহাড় নড়ে তো তাঁকে নড়ানো যাবে না। অগত্যা কেশবের আশা ছেড়ে দিয়ে পীতাম্বর একদিন মহিষ্থোলায় সম্বন্ধ করতে গোলেন।

নীলথোলায় বড় ভিড়। প্রজারা দরবার করতে এসেছে। ব্রাহ্মণ-সস্তান হয়েও কেশব ঐ দলের মধ্যে।

জ্যৈষ্ঠ মাস, বিষম গরম। থালি-গা টুইডি সাহেব ভাবের জল থেতে থেতে

বে যা বলছে মনোযোগ দিয়ে শুনছেন। বাণ্ডিলের দাম বাড়িরে দেবার ক্ষার আঁথকে উঠলেন তিনি। সর্বনাশ, জাত-ভাষেরা তা হলে এক্ষরে ক্রবে আমাকে। এমনই কত কি বলাবলি করে! দর বাড়ানো একলা আমার ইচ্ছের হবে না। যেখানে যত কৃঠি আছে সকলকে নিয়ে টান পড়বে, সকলের মত দরকার।

ব্যাপার তাই বটে। দেশের অবস্থা থুব থারাপ হরে পড়েছে। নীলচাবে রায়তদের বিভ্ষণ। কুঠিয়ালেরা কোশল ও জবরদন্তি করে নীল ব্নতে
বাধ্য করাছে, তার ফলে কয়েক জায়গায় দালা-হালামাও হয়ে পেছে।
জয়রামপুর এলাকায় কোন গোলযোগ ঘটে নি। পাগলা বলে টুইডির সম্পর্কে
প্রান্টার-সমাজের অবজ্ঞা আছে, দেশা লোকের সঙ্গে এত মেলামেশা সাহেবেরা
ভাল চক্ষে দেখে না। এখন দেখা যাছে, তাঁর কোম্পানির কুঠিগুলোই মোটের
উপর ভাল চলছে। তবে টেউ আসার সন্তাবনা দেখা দিয়েছে, তার পরিচর
চাবীদের এই দরবার করতে আসা।

টুইডি কোমল কঠে বললেন, ও কথা থাক। দশের ব্যাপার—আমার একলার কিছু করবার নেই। তোমরা এসেছ আমার কাছে—তোমাদের কার কি অস্থবিধা হচ্ছে, তাই বল। গেল-ব্র্ধার সারা জেলায় কারাকাটি পড়ে গিয়েছিল, জারামপুরে কারো বাড়ি একবেলার জন্মও উত্ন নিভে থাকে নি। এবারও সেই রকম হবে। বলে ফেল, কে কি চাও।

অপ্রতিভ হয়ে সকলে মুথ চাওয়া-চাওয়ি করে। সত্যিই তো, কত জনে কত দিন সাহেবের দাক্ষিণ্য মুঠো ভরে নিয়ে গেছে! হাত পাতলেই টাকা—ভ্ৰন এ ভাবে দল বেঁধে টুইডির মুখোমুথি এসে দাড়ানো উচিত হয় নি।

পীতাম্বর কেলিসিয়াকে পড়িয়ে ফিরছিলেন। ভিড় দেখে কৌতৃহলী হছে শাড়ালেন। টুইভির নজর পড়ল, ডাক দিলেন, শোন পণ্ডিত— সকলের সৰ ব্যাপারে সাহেবের আগ্রহ। কিছা হয়তো চারীদের কথাবার্তাঃ থেকে জিল প্রসঙ্গে বেতে চাচ্ছিলেন। বললেন, কি হল—সেই বে কোথারঃ সকল করতে গিয়েছিলে?

ছুগু গাকে সোমবারে দেখতে আসবে।

টুইডি পাত্রপক্ষের পরিচয় নিতে লাগলেন খুঁটিয়ে খুঁটিয়ে। কেশব ইতিমধ্যে চলে গেছে; আর সকলেও ছুই-একে ক্রমশ চলল। তাদের গমন-পথের দিকে হাসিমুখে তাকিয়ে টুইডি জিজ্ঞাসা করলেন, কেমন লোক মহিষ্থোলার তারা?

পীতাম্বর বলতে লাগলেন, তালুক-মুলুক আছে। চক-মিলানো বাড়ি।
চার ভাই, এটি হল মেজো—

ভারপর উচ্ছাস থামিয়ে বললেন, মেয়ে যদি পছল হয় আর দাবিদাওয়ায় না আটকায়, কাজটা হয়ে যেতে পারে।

টুইডি বললেন, আমায় নিমন্ত্রণ করে যাও পণ্ডিত, আমি থাকব মেয়ে-দেখানোর সময়। পছন্দ যাতে করে আর দাবিদাওয়ার জন্ম না আটকায়—দে ভার আমার উপর।

কি ভেবে বললেন, কে জানে! যথাসময়ে গিয়ে সাহেব পীতান্বরের বৈঠকধানায় ফরশা চাদর-পাত। ফরাসের উপর চেপে বসলেন। কুঠি থেকে তাঁর ক্রসিটা আনা হয়েছে, তামাক টানছেন আর আলাপ জমানোর চেষ্টা করছেন পাত্রপক্ষীয়দের সজে। জুত হচ্ছে না, তারা সসঙ্কোচে একপাশে ছুপচাপ বসে আছে, জিজ্ঞাসার উত্তরে নিতান্ত না বললে নয় এমনি হুটো-একটা কথার জবাব দিছে।

উকি দিয়ে এক নজর দেখে সারদা পীতাম্বরকে জিজ্ঞাসা করলেন, ঝাঁক-বেখে এসেছে যে! অভগুলো কারা? বরের পুড়ো এসেছেন, ছোট ভাই এসেছে। জ্ঞাত-কুটুবনের ক্ষতক জ্ঞাছেন। তার উপর পুরুত ঠাকুর, সেরেন্ডার লোক একটি ভাষি ঠসক, —বুবলে না ?

সারদা বললেন, যাই বল, বরকে আমি একটু দেখতে পারি, তার ব্যবহা
কর। তোমায় বিখাস নেই, তারার বেলা যা হয়েছিল, তা আমি কথনো
হতে দেব না।

তারা হল বড় নেয়ে। বিয়ের দশ-বারো বছর পরে ইাপানি রোশ হয়েছে বড় জামাইটির। সারদা বলেন, রোগ প্রাবিধি ছিল, পীতাম্বর অবহেলা করে বিয়ের আগে যথেষ্ট খোঁজ-খবর নেন নি।

স্ত্রীর মুখের দিকে তাকিয়ে পীতাম্বর বললেন, তা হলে চল ম**ংযথোলার** বাড়ি। কি বুরান্ত ? না, শাশুড়ী এসেছেন হবু-জামাই পছন্দ করতে—

সারদা রাগ করে বলেন, যাবার কথা বলছি নাঝি আমি? কিছ তুমি। বে বাকে সামনে পাবে, ধরে এনে তার হাতে মেয়ে গছিয়ে দেবে—সে আমি আর হতে দিছিলে।

পীতামর বিরক্ত কঠে বললেন, মহিষখোলার গাঙ্গুলী—তারা যে সে মায়ৰ হল ? ফটকের পালে আগে হাতী বাঁধা থাকত। পিলথানা হয়েছে এখনোঃ তে-মহলায় থাকে, মোণ্ডামিঠাই থায়, সোনাদানা পরে, রোগপীড়া সে বাড়িছ তি-সীমানায় ঘেঁষতে পারে না। বর না হল, বরের ছোট ভাইকে দেখে নাও। ছ-ভাই প্রায় এক রকম। ওর থেকে আন্দাজ করতে পারবে।

সারদা সাগ্রহে জিজ্ঞাসা করেন, কোন্টি বল তো ?

কোঁকড়া চুল, গলায় সোনার হার, গরদের পিরান গায়ে দিয়ে এসেছে—

উৎসাহের আতিশয্যে সারদা বৈঠকথানার কানাচে চললেন। পাতিনেবুর ভাল স্বারিয়ে সম্ভর্পণে জানলার কাঁকে স্বামীর বর্ণনামতো দেখলেন বরের ছোট ভাইকে । পীতাশর তথন বৈঠকথানার আপ্যারনে ব্যস্ত ছিলেন। আবার তাঁকে ভাকিরে আন্নেমেন। মুথ কালো করে বললেন, অত আর থোশাম্দি করভে ছবে না। সম্বন্ধ ভেঙে দাও।

পীতাহ্বর আকাশ থেকে পড়লেন। হল কি হঠাৎ ?

সারদা বললেন, ঐ যদি ছোট ভাই হয়, পাত্রের বয়স তবে তো তোমার কাহাকাছি হবে। বুড়োর সঙ্গে ছগ্গার বিয়ে দেব না।

পীতাম্বর বোঝাবার চেষ্টা করেন, বড় মাহুয—টাকার আগুলের উপর বদে স্থায়েছে, দেদার থাছে, তাই ঐ রকম মৃটিয়ে গিয়েছে। দূর থেকে দেথেছ, বয়সের আফাক করতে পার নি।

সারদা ঘাড় নেড়ে আরও প্রবল কঠে বলেন, কালোর গুটি ওরা। ভাইকে দেখলাম, খুড়োকেও দেখলাম। হাতীর মত মোটা, হাঁড়ির তলার মতো ফালো—মেরে আমার ভরেই মারা পড়বে ওদের বাড়ি গেলে।

ভবতারিণী পীতাম্বরের জ্ঞাতিসম্পর্কীয় বোন—এই বাড়িরই লাগোয়া ভাইপোর সংসারে থাকেন। তিনি এসেছেন। সারদার কথায় তিনি হাঁ-হাঁ করে উঠলেন।

এ কি আধিকোতা বউ? মেয়ে যতক্ষণ ঘাড়ের উপর, অমন কথা কথনো
মুখে আনবি নে, ধবরদার! একটু গায়ে-গতরে হবে না তো কি পাকাটির
মতো জামাই করতে চাস? রং কালো তো বয়ে গেল—ছেলে কালো আর
'ধান কালো!

বাড়িস্থ স্বাই বিপক্ষে, প্রাণপণে বোঝাতে চাচ্ছে তখন সারদা মেত্রে নিয়ে দোভলার কুঠরিতে খিল এঁটে দিলেন।

পীতামর ব্যাকুল হয়ে ছয়োর ঝাঁকাঝাঁকি করছেন।

কি পাগলামি করছ, ভদ্রলোকেরা কি মনে করবেন বল তো? বিয়ে ওখানে না দিতে চাও, মেয়ে দেখতে দিলে ক্ষতিটা কি ?

অহবোধ বগড়াবাটি—কোন রকমে দরজা থোলানো গেল না। বিষম একত্ত্রে সারদা—কেউ তাঁকে বাগ মানাতে পারে না। পীতাম্বর তথন কাঁদোকাঁদো হয়ে বৈঠকথানায় এসে বললেন, মেয়ে হঠাৎ কেন জানি অজ্ঞান হয়ে
পড়েছে, জল ঢালাঢালি হছে, কথন সেরে উঠবে ঠিক নেই। নিজ-গুণে মাপ
করে নেবেন আপনারা।

ভদ্রনোকদের সামনে ঠাস-ঠাস করে পণ্ডিত নিজের গাল চড়াতে ।

নৌকা যাচ্ছে ভাঁটার টানে মন্থর গতিতে। একথানা একেবারে বাটের কাছে এসে পড়েছে, ছপ-ছপ করে বোঠে বাইছে—বোঠের জলের ছিটে লাগল তুর্গার গায়ে। পিছন ফিরে কুটুম্বদের এঁটো-বাসন মাজছিল, রাগ করে সেম্থ বোরাল। তথন আর রাগ রইল না, হাসির আভা মুথের উপর। ডিঙির মাথায় কেশব মাঝি হয়ে বসেছে, নীলের ভরা নিয়ে যাচ্ছে।

দশ্মিক ছেড়ে হাল হাতে নিয়েছ ? ঠিক হয়েছে, যাকে যা মানায়!

কেশব হেসে বলে, পণ্ডিত মশায় বরাবর বলতেন, গোবর-পোরা মাথা—
চাষার ঘরে জন্মালি নে কেন হতভাগা ? গুরুজনের ইচ্ছে—বামুনের ঘরে জন্মেও
শেষ পর্যন্ত সেই চাষা হতে হল।

জ্ৰ কুঁচকে তুৰ্গা বলে, ধরলে কিনা নীলের চাষ !

কেশব বলে, হাঙ্গামা কম—থদেরের জক্ত ভাবতে হয় না। ছুটো পেট আমাদের—বেশ চলে যায়। আর দরবার করে ফল হয়েছে, বাণ্ডিলের দর: বেড়ে যাবে শুনছি টুইডির চেষ্টায়। '' ভারপন্ন তুর্গার মুথের দিকে তাকিয়ে সকোতুকে সহসা জিজ্ঞাদা করল, তুই বে এথানে—ছেড়ে দিল এর মধ্যে ?

প্রশ্ন কানে না নিয়ে ছুর্গা বলল, নীলখোলায় যাচ্ছ—তা উজান বেয়ে মরছ কেন এদ্যুর উল্টো এসে ?

কেশ্ব বলে, যাছি—ধীরে স্বস্থে গিয়ে পৌছব। এই ক'টি মাল মোটে— সন্ধ্যের মধ্যে গিয়ে, ওজন ধরিয়ে দিলেই হল। কাজ চাই তো একটা—কি করি বসে বসে সমস্ত বিকালবেলা! বোঠে বেয়ে বেয়ে তাই হাতের স্থথ করে নিচ্ছি।

আবার প্রশ্ন করে, কুটুম্বরা চলে গেছে ? সাজ-গোজ করিস নি, চুল বাঁধিস নি, কপালে সিঁতুরের টিপও দিস নি —

মুখ টিপে হেসে তুগা বলে, সাজ-গোজের দরকার হল না। এমনিতেই পছন্দ করে গেছে।

विनम कि?

চারিদিক দেখে নিয়ে ঘাড় ছলিয়ে ছুর্গা বলল, তাই তো বলল। খু—উ—ব শহদদ ওদের।

বিষ্ণ নে। তুর্গার মুখের উপর আবার একবার নজর বুলিয়ে নিয়ে কেশব বলল, কি আছে তোর চেহারায় পছন্দ করবার ?

আচ্ছা, দেখতে পাবে এই আবণে—

আশ্চর্য হয়ে কেশব বলে, আমার মতো গাধা আরও আছে তা হলে ছনিয়ায় ?

গাধা নয়, মহিষ । বলতে বলতে তুর্গা হেসে ফেলল। বলে, মা বলছিল, মহিষখোলা থেকে একদল মহিষ নেমস্তপ্ত করে এনেছেন বাবা। কালো কুঁদ আর এই মোটা—

মুখতি করে ছ-হাতে ছুর্গা ছুলজের বে পরিমাণ দেখাল, তাতে হো-ছো করে ছেলে ওঠে কেশব। বলে, তাই—আসবে দেখিস ঐ রকম সব ছ-পেরে জন্ত-জানোয়ার। এ জন্মে কলাতলায় তোকে যেতে হবে না, এই একটা কথা বলে দিলাম।

আবার বিষয় কঠে বলে, মশারি পুড়িয়ে দিয়েছি—ভাল মুখে বললেই হন্ত, একখানার জায়গায় ত্-খানা আমি কিনে দিতাম। তা নয়—বাড়ি চুকতে মানা হয়ে গেল। মনে বড়ড দাগা দিয়েছেন সতিয় তোর মা।

পরনিন পীতাম্বর কুঠিতে গেলে টুইডি সোম্বেগে জিজ্ঞাসা করলেন, মেরে কেমন আছে পণ্ডিত? সামান্ত উত্তেজনার কারণ ঘটলে ঐ রকম ফিট হরে পড়া ভাল কথা নয়। আমি বরং চিঠি লিখে দিছিছ ডাক্তার টমসনের কাছে, মেয়েকে একদিন সদরে নিয়ে গিয়ে দেখিয়ে আন।

একটু ইতন্তত করে অবশেষে পীতাম্বর সমন্ত খুলে বললেন। ছংখিত স্বরে বললেন, আমি দেখছি সাহেব, বিয়ে ছুর্গার অদৃষ্টে নেই। সর্বাংশে স্থান্দর পাক্ত আমাদের মত অবস্থার লোকে কেমন করে যোগাড করবে ?

টুইডি হেসে আকুল। সরল প্রাণথোলা হাসি। বলেন, ফরশা ছেলে না হলে পছন্দ নয় তোমার স্ত্রীর ? আমাদের হেলির সঙ্গে হয় তো বল। বরকর্তা হয়ে জাঁকিয়ে বসে একদিন ভালমন্দ থেয়ে আসি। আমার গায়ের রং দেখে নিশ্চয় ভ্রোরে বিল এঁটে দেবেন না তোমার স্ত্রী।

একটুগানি থেমে বলেন, সে তো হবার জোনেই। ভোমাদের পালটি ঘর নই—রং পছন হলেও কুলে শীলে মিলবে না যে!

ডেনিস হেলি টুইডির ভাগিনের সম্পর্কীর। ছোকরা মাহ্র্য—ভারি তুর্বড়,
আগরহাটি কন্সার্নের ম্যানেজার। প্রতি রবিবার সকালবেলা ঘোড়ায় চড়ে

আনে জন্ধনানপুরের গির্জায় প্রার্থনা করতে। সমস্ত দিন থেকে সন্ধ্যায় কিরে বায়। মাছ-ধরার শথ অছে, ছিপ নিয়ে নদীর ধারে গিয়ে বসে। ফেলিসিরা উপকরণ যোগাড় করে দেয়, ফাইফরমাশ থাটে, তারপর এক সময়ে ছায়ার মতো বসে পড়ে তার পাশটিতে। চারের মাছ পালিয়ে যাবে সেজক্ত কথাবার্তা বলবার উপায় নেই। এক একবার সজোরে ছিপে টান দিয়ে ব্যর্থতার লজ্জায় হেলি যথন ফেলিসিয়ার দিকে তাকাত, ফেলিসিয়া তথনও একটা কথা বলত না, দেখা যেত ভার চোধ ঘটো হাসছে ভধু। শীতকালের ছপুরে মাছ ধরতে না বসে কথন কথন ভারা হু-জনে হুই বন্দুক নিয়ে ভদ্রার ক্লে ক্লে পাখী শিকার করে বেড়াত। গ্রামের মধ্যে গিয়ে পীতাম্বর পণ্ডিতের ছড়কোর ধারে গিয়ে দাঁড়াত হয় তো কোন দিন। পীতাম্বর সমন্ত্রমে ছেকে বসাতেন, ডাব আর থেজুর-চিনি থেতে দিতেন। এমনি করে হেলির সঙ্গেও পীতাম্বর-পরিবারের জানাশোনা হয়েছিল।

বিনা মেখে বজাঘাতের মতো এই সময়ে এক বিপর্যয় ঘটল, নিশিকান্ত। ওলাউঠার ফেলিসিয়া মারা গেল। টুইডি এর পর বেঁচে রইলেন বটে—কিন্ধ কাজকর্ম দেখেন না, ঘর থেকে বেরোনই না মোটে। ষাট বৎসর বয়স দেহ এতটুকু বাঁকাতে পারে নি, কুঠিবাড়ির ঐ প্রাচীন দেবদারুগাছটির মতোই বরাবর তিনি খাড়া ছিলেন। তুর্ঘটনার পর সেই মান্ত্র্য রাতারাতি অর্থব বুড়ো হয়ে পড়লেন।

আগরহাটি থেকে হেলিকে নিয়ে এসে টুইডি জয়রামপুরের সদর-কুঠিতে নিজের জায়গায় বসিয়ে দিলেন। আর কিছুদিন পরে এদেশের সঙ্গে সম্পর্ক চুকিয়ে তিনি জাহাজে চড়লেন, ছায়াছয় জামফল-তলার ভদ্রার ক্লে আদরের মেয়ে যুমুতে লাগল।

একটা ছটো করে ক্রমশ সকল নীলকৃঠির এলাকায় গোলযোগ প্রবল হয়ে উঠল। অশান্তির লক্ষণ দেখা যাছে জয়রামপুরেও। টুইডি তাঁর সন্তদয়তার বাঁধ দিয়ে এত দিন আন্দোলন ঠেকিয়ে রেখেছিলেন, তিনি চলে যাবার পর হেলির পক্ষে সামলানো অসম্ভব হয়ে উঠল। বয়স কম হেলির—কিছ দোর্দণ্ড প্রতাপ। টুইডির আমলের ব্যবস্থা ইতিমধ্যে আগাগোড়া উলটে গেছে। কতকটা কোম্পানির ইচ্ছায়, কতকটা হেলির নিজের বৃদ্ধিতে। বুড়ো টুইডির যে কোন ব্যবস্থা ইণ্ডিগো-কোম্পানি চোথ বুজে অস্থুমোদন করত, হেলির আমলে সেটা আর সম্ভব নয়। প্রজারা হাত পাতলেই আর টাকা পায় না। অনেক ঘোরাত্ময়ির করতে হয়, নায়েব-গোমন্তার তোয়াজ করতে হয়, বাজে থরচও করতে হয় প্রচ্ব। আর দেখা গেল, টুইডি সাহেব যত সদাশয়ই হোন, যাকে যা দিয়েছেন সমন্ত পাকা-খাতায় লেখা রয়েছে, দিকি পয়সার হেরফের হয় নি।

হেলি মারম্থি হয়ে বলে, কোম্পানির টাকা দাদন নিয়ে নিয়ে বসে আছে—
চালাকি নাকি? না পোষায় টাকাকড়ি শোধ করে জায়গা-জমি ইন্ডফা দিয়ে
গ্রাম ছেড়ে সব চলে যাক। নিজ-আবাদি চাষ করব, ওদের ভিটের উপর
নীল বুনব আমি।

পীতাম্বরের সম্পর্কেই অমুগ্রহ পূর্বাপর বজায় আছে। টুইডি কিছু বলে নিমেছিলেন কিনা কে জানে—হেলি একদিন কুঠির তাইদগিরকে দিয়ে পণ্ডিতকে ডেকে পাঠাল।

দেখতে পাওয়া যায় না পণ্ডিত মশায়কে। কেনই বা আধনবেন—যাকে-পড়াতে আসতেন, সে-ই যথন চলে গেল।

হেলির গলার স্থর ভারি হল। কি লিখছিল—মিনিটখানেক থস-থস করে লিখে চলল। তারপর মুথ তুলে পীতাম্বরের দিকে চেয়ে বলল, ফেলিসিয়ার শিক্ষক আপনি। আঙ্কলের প্রতিশ্রুতি আমি বর্ণে বর্ণে পালন করব। মেয়ের বিয়ের যোগাড়ে লেগে যান, কোন রকম ভাবনা করবেন না।

পীতাম্বর কৃতজ্ঞতার অভিভূত হয়ে কুঠি থেকে ফিরলেন। এমন সদাশয়

আলিত প্রতিপাদকদের বিরুদ্ধে লোকে জোট বাঁধছে! ভদ্র-সন্থানরাও নাকি জুটেছে পিছনে। একটিকে তো দেখেছেন তিনি—কেশব—টুইডির কাছে দরবার করতে এসেছিল চাযা-ভূষার সঙ্গে। এরাই সব পরামর্শ দেয়, খবরের কাগজে চিঠি ছাপায়। এদের আশকারা পেয়েই তো সাংহবের চোখরাঙানিতে ভয় পায় না আর রায়তেরা। শোনা যাচছে, সদরে অনেক দরখান্ত পড়েছে কুঠিয়ালদের নামে। কুমীরের সঙ্গে ঝগড়া করবে, আবার জলেও বাস করবে—তুটো এক সঙ্গে কি করে চলবে, সে ঐ মন্ত্রণাদাতা বুদ্ধিমন্তর দল জানে।

হেলির কাছ থেকে স্পষ্ট ভরসা পেয়ে পীতাম্বর আবার নব উত্তমে পাত্র খুঁজতে লাগলেন! নিশ্চেষ্ট কোন দিনই ছিলেন না! এখন সারদা গত হয়েছেন—
যে সম্বন্ধই আহ্বন, তা নিয়ে খুঁত-খুঁত করবার মাহ্ম্য নেই! অনেক দেখেন্ডনে বড় আশা ছেড়ে দিয়েছেন তিনি। মোটা-ভাত মোটা-কাপড়ের সংস্থান আছে, এমনি যেমন-তেমন একটা পাত্র জুটলেই কন্তাদায়ের পাথর গলা থেকে নামিয়ে রেছাই পান। কিন্তু স্থবিধা হচ্ছে না। আগে হয় নি সারদার জন্ত, এখন বে কার জন্ত—কে এমন সজাগ সতর্ক থেকে শক্রতা সাধছে, সঠিক সেটা ধরা যাছে না। ধরতে পারলে পীতাম্বর পণ্ডিত তার কাঁচা মুণ্ড চিবিয়ে থেয়ে ফেলবেন।

প্রায়ই কুটুর আসছে তুর্গাকে দেখতে। এসে খেয়েদেয়ে রকমারি ভদ্রতার কথা বলে চলে যায়। এর জক্ত এতদিনে যা খরচপত্র হল, তাতে বোধ করি তিন-চারটে মেয়ে পার হতে পারে। ঘুরে ফিরে কেশবের কথাও উঠেছিল, কিন্তু এখন পীতার্থরই সভয়ে পিছিয়ে যাছেন। আগরহাটি থানার দারোগা মধুসুদন সরকার—পীতার্থরের পুরুষামুক্রমিক শিয়। বিশেষ ভক্তিশ্রকা করেন তিনি পীতার্থরকে। কুঠিয়ালদেব সজে মধুস্দনের পুর দহরম-মহরম, কাজের পরজ্বের পরস্পর থাতির জমেছে। তিনি অনেক গুপ্ত কথা প্রকাশ করলেন

কেশবের সহক্ষে। অত্যন্ত ভরানক কথা, লাঠি-সোঁটা ঢাল-শভ্কির ব্যাপার।
ভনে পীতাহর শত হস্ত পিছিয়ে আলেন। সে বাক গে—বে পাতে খাওয়া হবে না,
তা কুকুরে চাটুক। মোটের উপর আরও তিন বছরের অবিরত চেষ্টা সক্ষেও
কোথাও কিছু স্থবিধা হচ্ছে না। এক হতে পারে, বয়স বেড়ে যাওয়ার দরুন
ছুর্গার চেহারার লালিত্য নষ্ট হয়েছে। অলু কারণও আছে বলে পীতাহরের
প্রবল সন্দেহ। কিন্তু সেটার ধরা-ছোঁওয়া পাওয়া বাচ্ছে না কোন রক্ষে।

তৃথপুকুরের রায়-বাড়িতে কথাবার্তা চলছে। ঘনস্থাম রায় মেয়ে দেখতে রওনা হবেন, এমনি সময় উড়ো চিঠি এসে উপস্থিত। অচেনা কে-একজন হাটুরে মানুষের হাতে এই চিঠি দিয়ে রায়-বাড়ি পৌছে দিতে বলেছে। লিখেছে—ভাল মেয়ে নয়। কুঠির সাহেব অঢেল টাকা খরচ করতে রাজী এই এই মেয়ের বিয়েয়—তবু যে বিয়ে হচ্ছে না, ভিতরে 'কিন্তু' আছে বলেই।

চিঠিটা হাতে করে ঘনশ্রাম স্ত্রীর কাছে এলেন।

কাণ্ড দেখ। কত রকমের শক্ততা মাহুষ যে করে!

গিন্ধি বললেন, সত্যিও তো হতে পারে ? আমাদের অত কি মাথাব্যথা— মেয়ের কিছু মন্বস্তব হয় নি। বেরুছ—বেশ তো, ওথানে না গিয়ে কাশিমপুরে পাকাপাকি করে এসোগে।

দিন চার-পাঁচের মধ্যেও ঘনখামের সাড়াশন্ধ মিলল না, তথন পীতাছর নিজে চলে এলেন ভাইপো স্থথময়কে সঙ্গে নিয়ে।

व्यवत्र कि त्राय मनाय ?

বড় লজ্জিত আছি ভায়া। কাশিমপুরের ওঁরা এসে পড়েছিলেন। আর গিন্নিরও একান্ত ইচ্ছে—ওঁর মামার ,বাড়ির সহক্ষের মধ্যে পড়ে যায় কিনা! শ্রেখানে দিনক্ষণ সাব্যস্ত হয়ে গেছে।

রান্তায় এসে পীতাম্বর বোমার মতো ফেটে পড়লেন।

ছোটলোক—পাজির পা-ঝাড়া। বাঁদর নাচাচ্ছে যেন বেটারা আমায় নিয়ে
এই তিন বছর। বুড়ো মাহুষ বলে দয়ামায়া নেই। কথাবার্তা ঠিকঠাক—তার
মধ্যে কাশিমপুর হঠাৎ এসে পড়ল কি করে?

স্থাময় একটু ভেবে বলে, কেউ ভাংচি দিয়েছে কিনা দেখুন।
হ — স্থামিও ছাড়ছি নে। চল থানায়।
স্থাময় বিশ্বিত হয়ে বলে, থানায় কি হবে ?
মধুকুদনের কাছে—

স্থানর বলে, এই দেখুন—মশা মার্তে কানান দাগা বলে একে। দারোগাপুলিস না করে গাঁরের দশজনের সামনে আচ্ছা করে হটো দাবড়ি দিয়ে দিন যার
উপর আপনার সন্দেহ হয়।

সন্দেহ কাকে করি, কেউ আমার শত্রু নয়---

বলতে বলতে কণ্ঠস্বর অঞ্চতে ভিজে ওঠে। বললেন, কারো কোন ক্ষতি করি নি জীবনে—কেন যে লোকে পিছনে লাগে! থানায় যাচ্ছি বাবা এজাহার দিতে নয়। মরে গেলেও ওসব তালে যাব না। খুব এক ভাল সম্বন্ধ—কাল স্থুবদন ধবর দিয়ে পাঠিয়েছে।

সম্বন্ধ আগরহাটি কনসারনের নায়েব পশুপতি চক্রবর্তীর সঙ্গে। পদবী নায়েব বটে, আসলে ম্যানেজার সে-ই। বৃদ্ধিমান কর্মঠ যুবা, হেলির অত্যন্ত প্রিয়। জয়রামপুরে চলে আসবার সময় হেলি তারই উপর ওথানকার ভার দিয়ে এসেছে। ইণ্ডিগো-কোম্পানির ডিরেক্টররা এথনো ইতন্তত করছেন দেশী লোককে প্রোপুরি ম্যানেজারের পদে বসাতে। সেই জন্ম নায়েব নামে সে বহাল হয়েছে। কিন্তু দিন দিন অবস্থা যা হয়ে দাঁড়াচ্ছে, তাতে সাহেবরা এ-ও ভাবছেন, অতংপর নিজেরা পিছনে থেকে দেশী লোকদের কর্ডা করে সামনে বসাবেন কি

না? গওগোল বাথে তো ওরা নিজেরা মাথা কাটাফাটি করে মরবে, কুঠিরালের গায়ে আঁচড় পড়বে না। এই রকম নানা বিবেচনায় হেলির জায়গায় নৃতন কাউকে আনা হয় নি, পঞ্পতিই কাজ চালিয়ে যাছে। নিখ্ত ভাবে চালাছে, হেলির চেয়ে ভাল বই মন্দ নয়।

সাহেবস্থবোর সক্ষে ঘূরে ঘূরে পশুপতির চেহারাও খুলেছে প্রায় তাদের
মতো। স্থময়ের তো চোথে পলক পড়ে না। বলে, আর ঘোরাঘূরি নয়
থুড়োমশায়, এইখানেই লাগাতে হবে। জোর কপাল তুর্গার, এদিন তাই তার
বিয়ে হয়ে যায় নি। লাখে একটা মেলে না এমন পাত্র।

রূপ ও স্বাস্থ্য শুধু নয়—বিভাও অগাধ। সাহেবদের সঙ্গে টকর দিয়ে অনর্গণ ইংরেজী বলে যেতে পারে। মধুস্থদন দারোগা শত করে সেই সব গল্প করতে লাগলেন। বললেন, ওদের বাসায় চলুন ঠাকুর মশায়, জুত করে আলাপ-সালাপ করবেন।তথন ব্যবেন, বাড়িয়ে বলেছি কিনা আমি। বৃদ্ধির আলো ঠিকরে বেক্লছে চোখ-মুথ দিয়ে। আপনাকে কষ্ঠ দিয়ে এতদুর কি অমনি অমনি নিয়ে এলাম ?

বাসায় গিয়ে চাক্ষ্য পরিচয়ের পর পীতাম্বর কোন ক্রমে আর ভরসা রাথতে পারেন না। স্থথময়কে বলেন, কত হেঁকে বসবে তার ঠিক কি ? হেলি সাহায্য করবে বলেছে—কিন্তু আমি তো আকাশের চাঁদ ধরে দিতে বলতে পারি নে তাকে। তোর সমবয়সী আছে—হাসি-মন্তরার ভিতর দিয়ে দেখ দিকি ছোকরাকে একটুথানি বাজিরে।

পশুপতির দক্ষে ছটো-একটা কথা বলে তিনি বাইরে গিয়ে বদলেন। বসে স্থির থাকতে পারেন না, চোথ-ইদারায় স্থথময়কে ডেকে আবার বলে দিলেন, চেষ্টা করে দেখ ভূই। না হয় ঘর-বাড়ি জায়গা-জমি যা কিছু আছে, বিক্রিকরে দেব। তুর্গার বিয়ে হয়ে গেলে আর আমার দায়টা কিদের ? এমন ছেলের ক্রম্ম ছু-পাঁচ শ বেশি যদি যায়, সে টাকা জলে পড়বে না। বরের ভিতর স্থানম পশুপতির সব্দে বেশ জমিয়ে নিরেছে। পীতাধর বারাণ্ডার করে স্থাবের শোভা দেখছেন, আর উৎকর্ণ হয়ে আছেন ওদের প্রতিটি কথা শোনবার জন্ম।

স্থ্যময় পশুপতির হাত জড়িয়ে ধরল। পশুপতি রাঙা হয়ে ওঠে।

ছিঃ-ছি: ! অমন করে বলছেন কেন ? এক সময় টোল ছিল আমাদের দেশের বাড়িতে, আমার বড়-ঠাকুরদা সারাজীবন টোলে পড়িয়ে গেছেন শিক্ষা- ব্রতীর সম্মান আমরা জানি। বড়লোকের বাব্-মেয়ের চেয়ে শিক্ষাকের হাতে-গড়া মেয়ে সংসারে বেশি স্থখশস্তি আনবে। বুঝিয়ে বলতে হবে না আমায় কিছু।

মেয়ের রং একটু চাপা শুনে পশুপতি জবাব দিল, আহা সোজাস্থলি বলুন না কেন—কালো মেয়ে। তাতে সঙ্কোচের কি আছে ? কালো মেয়ের বিয়ে হবে না—পড়ে থাকে নাকি ? আমার মতো রাঙা-ম্লোগুলোই বুঝি কেবল মাহ্য — রং মন্ত্রলা হলে মাহ্য বলবেন না তাদের ? দারোগাবাবুর কাছে সমস্ত শুনেছি—আমায় কিছু বলতে হবে না। মাকে আপনারা ভাল করে বলুন। ভা হলে কোন অস্থ্বিধা হবে বলে মনে হয় না।

তারপর খুড়ো-ভাইপোয় আবার যুক্তি-পরামর্শ হল। স্থময় এদিক-ওদিক তাকিয়ে মৃত্ হেসে বলে, আমার মনে হচ্ছে খুড়ো মলায়, হেলির টিপ রয়েছে পিছনে। মধু-দারোগাকে জিজ্ঞানা করে দেখবেন তো। নইলে একেবারে প্রকাজন—কথা না পড়তে হাঁ-হাঁ করে উঠছে—পিছনের চাপাচাপি না থাকলে অমনটা হয় না!

পীতাম্বর অতিমাত্রায় চটে উঠলেন।

তোদের পাপ-মন-সব জিনিসের পিছনে উদ্দেশ্য খ্র্জিস।

পশুপতির মা'র কাছে গিয়ে আনন্দের আতিশব্যে তিনি একেবারে বেহান বলে ডেকে বসলেন। বর্ষীয়সী বিধবা মহিলা—তবু ঠিক সামনে এলেন না, ক্পাটের আড়াল থেকে কথাবার্ডা চলতে লাগল। পীজানর বললেন, মেয়েটার মা নেই, আপনাকে মেয়ে বলে নিডেই হবে বেহান ঠাকজন—

হেসে রিশিক্তার ভাবে আবার বললেন, পাদপল্লে এনে রেখে বাব। কেমন ভূলে না নেন দেখব।

বেহান কিন্তু ভাবাবেগে উচ্ছুসিত হলেন না, সকল স্থকম থবর নিলেন।
নীলকুঠির সক্ষে পণ্ডিতের ঘনিষ্ঠতার ইতিহাস খুঁটিয়ে খুঁটিয়ে গুনলেন। শুনে
একটুথানি কি ভাবলেন। বললেন, মেয়ের রঙের জন্ম আটকাবে না। পশুপতি
আমার ফরশা আছে, ছেলেপিলে হতকুচ্ছিৎ হবে না। গহনা-বরশয্যাও যা
আপনার সাধ্যে কুলোয় দেবেন—

আনন্দে পীতাম্বরের বাকরোধ হয়ে আসছে। সত্যযুগের মাত্রুদের সামনে এসে পড়েছেন নাকি দৈবাৎ ?

একটুথানি কিন্ত গোলবোগ আছে পণ্ডিত মশার, আগে ভারে খুলে বলঃ উচিত। আমরা শ্রোত্রিয়, আপনার কুল ভেঙে বাবে। রাজী আছেন? সাত পাক ঘুরে গেলে চোদ্দ পাকেও আর তা খুলবে না। ভাল করে ভেবে চিন্তে দেখুন বাড়ি গিয়ে। আমাদেরও তো শুধু দারোগাবাবুর মুখে শোনা— আর-কিছু খবরাথবর নিই—

প্রচুর আদর-আপ্যায়ন হল। গুঞ্জোজানর পর বিছানায় গড়াতে গড়াভে স্থাময় বলল, কি ঠিক করলেন খুড়োমশায় ?

তাই ভাবছি বাবা।

আর থা ভাববার ভাব্ন, কিন্তু ছেলে নেই—কুলের ভাবনা ভাবতে যাবেন কার জন্ম । মেয়ে ভাল থাকবে, তা হলেই হল। এমন পাত্র কদাচ হাতছাড়া হতে দেবেন না।

वर्टिहे र्छा! वर्टि शिटाश्व हुन क्वरणन। आवाद व्यापन, व्यापि श्रूथमय,

বাড়ি গিয়ে বউমাকে লাগাতে হবে, তিনি যেন ছগ্গার সংক এই নিয়ে কথাবার্ডা বলেন। মেয়ে সেয়ানা হয়েছে—তার ইছেটাও শোনা উচিত। বিয়ে নিয়ে ওর মায়ের প্তথ্তানি ছিল। সে নেই—এখন একলা আমি ঝাঁ কয়ে কিছু কয়ে বসতে ভরসা পাই নে। বউমাকে বলবি, বেশ কায়দা কয়ে য়েন জিলাসাবাদ করেন!

যাবার মুথে ঝি আর এক দফা পান এনে দিল। ঘরের ভিতর থেকে পশুপতির মা বললেন, মা-লন্দ্রীকে এইথানে এনে দেখিয়ে যেতে হবে। মেয়েমান্থর আমি—আপনাদের ওথানে যেতে পারব না ভা!

পীতাম্বর বিরক্ত হলেন এ প্রস্তাবে। তবু মেয়ের বাবা। হাসিম্থে মোলায়েম কঠে বললেন, মা-লক্ষীও তো মেয়ে বেহান ঠাকরুন। এন্দুর তাকে ঘাড়ে করে নিয়ে আসা কি ঠিক হবে ?

পশুপতির মা দৃঢ় কঠে পূর্ব কথার পুনরাত্তি করলেন, মেয়ে চোথে না দেখা পর্যন্ত পাকা-কথা দেওয়া যাছে না। মাঘ মাসে কাজ করতে চান তো ছ-দশ দিনের মধ্যে মেয়ে-দেখানোর ব্যবস্থা করন।

স্থানয় বকবক করে পাত্রের গুণপনা এবং পাত্রপক্ষের আপ্যায়নের প্রশংসা করছে, পীতাছর চুপচাপ আগে আগে চলেছেন। বরাবর সদর রাভা ধরে বাবার কথা—তা নয় ডাইনে বেঁকে নদীর ঘাটে এসে তিনি মাঝির সঙ্গে দরদন্তর করতে লাগলেন।

ক্সথময় বলে, আবার কোথা ?

টিনেটোলায় একটা খবর আছে।

এটার কি হল ?

নিরাসকভাবে পীতাম্বর বললেন, এটা তো রয়েচেই—

স্থপময় বিরক্ত হরে বলে, একনাগড় পাত্র ঠিক করে বেড়াচ্ছেন—মেরে তো দাকুল্যে একটা।

পীতাম্বর বললেন, আজ অবধি যত পাত্র দেখেছি—একুন করলে দেড় কুড়ি পৌণে-তৃ'কুড়ি পৌছয়। ক'টা তার মধ্যে গেঁথেছে বল দিকি বাবা ? পোড়া অনৃষ্টে শেষ অবধি সমস্ত ফসকে যায়। সাধ করে কি এদেশ-ওদেশ খোড়দোঁড় করে দরি ?

একটু থেমে আবার বললেন, শ্রোত্রিয়ের ঘরে না হয় কাজ করলাম, কিছ আবদার শুনলে তো, মেয়ে তুলে এনে ওঁলের দেখিয়ে যেতে হবে। হুগ্গাপ্ত তার মায়ের মতো—শুনে যদি একবার বেঁকে বসে, খুন করে ফেললেও এক পান্য নানা যাবে না। মুশকিল আমার সকল দিকে।

চিনেটোলায় পৌছতে রাত্রি হয়ে গেল। পাত্রের বাপের তালুক আছে.
সাত শ' সাতায় টাকা সেস দেয়। বাজি-ঘরদোরও ভাল। কিন্তু ছেলে কালকর্ম
কিছু করে না। একেবারে কিছু করে না, তা নয়—তবলা বাজায়, আর এক
টাট্র ঘোড়া আছে, তার থেজনত করে। ঘোড়া ছুটিরে বেড়ায় এগ্রাম-সেগ্রাম।

পীতাম্বর স্থময়কে জিজ্ঞাসা করেন, কেমন রে ?

ভালই তো মনে হয়—

যা দেখিস, সবই তোর কাছে ভালো। গুনলি তো, ছেলে কিছু করে না—
ফুখনন্ন বলে, করে বই কি! ঘোড়া ছুটোন্ন, তবলান্ন তেহাই দেন্ন। আর কিছু করতে যাবে কোন্ হুংখে? আমাদের বাপের তালুক থাকলে আমরাও করতাম না ওর বেশি কিছু।

পীতামর তব্ ইতন্তত করছেন দেখে বলল, চোথ ব্রুজে পাকা-কথা কেলে বাড়ি চলুন। এরাও কিছু কম যায় না—মেয়ে দেখে পছল করলে বাছকে দিয়ে দেবেন। বেশি খুঁতখুঁত করেই তো মুশকিল বাধাচ্ছেন। বেশি যে বাছে ভার শাকে পোকা বেরোয়।

ছ্— ছ্ ভারগায় কথাবার্তা বলে অনেকটা স্থান্থির হরে পীতান্থর বাড়ি ফিরলেন। স্থান্থরকে পই-পই করে সামাল করে দেন, কোন রকম উচ্চবাচ্য না হয় এ নিয়ে।

চিনেটোলার কুট্ছরা আসছেন, বিশেষ রকম হাট-বাজার করবার দরকার।
সক্ষার পর হাঠ যে সময় ভাঙো-ভাঙো, পাড়ার সকলের চোথ বাঁচিয়ে খুড়ো∻
ভাইশো চুপিচুপি হাটে চললেন।

কুটুম্বরা ত্-জন আসছেন। অন্ধকারে পথের আন্দান্ধ পাচ্ছেন না—ডেকে সাড়া নিচ্ছেন, পীতাম্বর চাটুজ্জে মশায়ের বাড়িটা কোন্ দিকে ?

কাঁঠালতলার দিক থেকে জ্রুতপদে একজন চলে এল। খাতির করে বলে, পণ্ডিত মশারের বাড়ি থাবেন ? চলুন, আমি দেখিয়ে দিছিছে।

শেতে বেতে বলে, মেয়ে দেখতে যাচ্ছেন বৃঝি ? তা এদূর এসেছেন যথন দেখে বাবেন বই কি! নিশ্চয় দেখবেন।

পাত্রের বাপ বিশ্বিত হয়ে প্রশ্ন করলেন, কেন? কেন?

গ্রামের কুমারী মেয়ে—বলা আমার উচিত হবে না। পণ্ডিত মশায় আহবান করে এনেছেন, ধরতে গেলে গ্রামেরই অতিথ আপনারা।

বউ করে ঘরে তুলতে যাচ্ছি, খবরাধবর জানব না ? বলতেই হবে মশায় — 

অবশেষে নিতান্ত অনিচ্ছুক ভাবে লোকটি বলল, মেরের গায়ে খেতি আছে।
তা আবার আপনারা দেখতেও পাবেন না, হাঁটুর উপরটায় কিনা! গ্রামের 
বিষেবে বলে ছোটবেলা থেকে আমরা জানি। আর তা ছাড়া—

তা ছাড়া ?

প্রবীণ ভদ্রলোকটি এবারে তার হাত জড়িয়ে ধরলেন। থামবেন না মশার, সমস্ত খুলে বলতে হবে।

শেষ পর্যন্ত বলতেই হল। তুগ্গার মাথামাথি আছে গ্রামের কেশব নামক-এক ছোকরার সকে। ভনে ভদ্রবোকেরা থমকে দাঁড়ালেন। লাল ভেরেণ্ডার বেড়ার বেরা বাঞ্চিলানন। লোকটা আঙুল দিয়ে দেখিরে বলে, চলে যান—এ যে আলো জলতে । চলেই যাব। অনেক ঘূর-পথে এসেছি। পাথরঘাটা পৌছবার লোজা রাভাটা দেখিরে দেন যদি দয়া করে—

সে কি, রাত্তিরবেলা যাবেন কোথা ? গ্রামের অপমান যে তা হলে ৷ পণ্ডিত
মশায়ের মনে কি রকমটা হবে, ভাবুন দিকি ?

খুড়ো-ভাইপো ঠিক সেই সময়টা হাটবেসাতি করে ফিরছেন! কারা ?

ভদ্রলোকেরা উত্তর দিলেন, বিদেশি মাহ্য। পাথরঘাটায় যাব, **আমাদের** পানসি আছে সেথানে।

পীতাম্বর কাছে এসে দেখে সমন্ত্রমে অভ্যর্থনা করলেন। আহ্বন—আসতে আজ্ঞা হয়। ওরে হুথময়, দৌড়ে আলো এনে হুড়কোর কাছে ধর্—

মাপ করবেন। এই জোয়ারে ফিরে যেতে হবে।

স্তম্ভিত পীতাম্বর প্রশ্ন করেন, কেন? করজোড়ে তাঁদের পথ আটকে কাড়ালেন। দোষটা কি হয়েছে বলে যেতে হবে।

জোচ্চুরি করে খেতিওয়ালা মেয়ে গছাতে থাচ্ছিলেন—

কিন্তু পাত্রের বাপ প্রবীণ ভরুলোকটি ধমক দিয়ে মুখফোঁড় সহগামীর কথা বন্ধ করে দিলেন। বললেন, কিছু নয় চাটুজ্জে মশায়। কুমারী মেয়ের সম্ভন্তে বলে আমরা কি জন্ত নিমিন্তের ভাগী হতে যাব ? আপনাদের গ্রামের লোক উনিই বলবেন—

পিছন ফিরে দেবলেন, লোকটি ইতিমধ্যে সরে পড়েছে।

ভূপুর গড়িয়ে গেছে। রাত ভূপুরের মতো নির্জন নি**ন্তর গ্রাম। কেশ**ৰ

শেই সময় চাষা-পাড়া থেকে বাড়ি ফিরল। পুকুর-খাটে থেজুর-গুড়িতে পা ববে মবে কানা ধুল। উঠানে এনে হাঁক পাড়ল, পিলিমা—

স্ব-সম্পর্কীয় এক পিশি তার বাড়ি থাকেন। তিনি রাখাবাড়া করে দেন। তেলের ভাঁড় নিয়ে পিশি বেরিয়ে এলেন ঘর থেকে। কেশব বলে, ভাত বেড়ে ফো শিশিমা—

খানিকটা তেল মাথায় থাবড়ে গামছা ও থড়মজোড়া নিয়ে আবার পুকুরে গেল। গোটা কয়েক ডুব দিয়ে গা মুছে গামছা পরে পরনের কাপড়টা কেচেনিয়ে থড়ম পায়ে দিতে যাছে, তুর্গা কোন্ দিক দিয়ে ঝড়ের মতো এসে পায়ের আঘাতে থড়ম একগাছা ছড়ে দিল ঘাটের দিকে।

কেশব মুহূৰ্তকাল স্তৰভাবে চেয়ে থাকে।

খড়ম ফেললে কেন ?

মারা উচিত ছিল। সেটা যে পেরে উঠলাম না।

বলতে বলতে ত্-ফোঁটা জল গড়িয়ে পড়ল তুর্গার কপোল বেয়ে। কেশবের বে রাগ হয়েছিল তা ঐ সঙ্গে জল হয়ে গেল।

ব্যাপার কি ?

खान मा ?

না তো-

স্পায়ত চোথের স্থির দৃষ্টিতে তুর্গা তার দিকে তাকাল। কেশব চঞ্চল হরে ১৪ঠে, দৃষ্টি যেন দগ্ধ করছে তাকে।

আমি জানি। তাই স্পষ্টাস্পষ্টি বলে দিতে এসেছি, ওসব করে লাভ কিছু হবেনা।

কেশবের কণ্ঠম্বর সহসা কাতর হয়ে উঠল। কিসে লাভ হবে, সেটাও বলে বাও তা হলে। এ জন্মে হবে না। শত্রুতায় হবে না, কেঁদে-ককিয়েও নয়। মিথুকে শঠি কোথাকার! বেলা করি তোমাকে। বাবাকে এখনো বলি নি, বললে তোমাল খুন করে ফেলবেন।

এত গালিগালাজ কেশবের কানেই যাছে না যেন। বরঞ্চ হাসির আভা মুখে। বলে, যাকে দেখতে নারি তার চলন বাঁকা। কে মিথ্যে করে আমার নামে কি বলেছে।

কেউ বলে নি, জানবে কে? সাক্ষি রেখে করবার মতো কাঁচা লোক কি তুমি?

কেশব হেসে বলে, সেইটে মনে রেখো—কাঁচা লোক আমি নই। যা করছি আর যা করব, এক জনও তার সাক্ষি থাকবে না।

কেমন এক রহস্তপূর্ণ ভাবে কেশব তাকায়। এ দৃষ্টি আজকালই তার চোথে দেখতে পাচছে। তুর্গা ত্'টি চোথের স্বচ্ছ আয়নায় চিরদিনের চেনা গুছুক্থোর নিরেট-মন্তিক কেশবের নৃতন মূর্তি দেখে।

সারা অঞ্চলে গোলমাল। নীলচাষের ভয়ে চাষীরা ঘরবাড়ি ছেড়ে পালাছে। পাগলা টুইডির জয়রামপুর—এ গ্রামের অবস্থা সম্পূর্ণ আলাদা। পালাবার নাম কেউ মুখে আনে না এখানে। ইণ্ডিগো-কোম্পানি গ্রামের পত্তনিদার—তার উপর টুইডি যাকে যা দিয়েছিলেন, দীর্ঘকাল পরে হেলির আমলে চক্রকৃদ্ধি হারে স্থান সমস্ত টাকার স্থাত দিতে হয়েছে। এ সব সত্ত্বেও কালবৈশাধীর বড়ে এবার যথন চালের পচা ছাউনি উড়ে গেল, আর ছঁশ হল—খোরাকি ধান আউড়ির তলায় এসে ঠেকেছে, নির্লজ্জ চাষীরা তখন আবার দলে দলে নীলকুঠিতে গিয়ে হাত পাততে লাগল। হেলি বিমুখ করল না কাউকে—নীলের জক্ত দাদন নিছে, এই মর্মে চুক্তিপত্র লিখিয়ে আবার টাকা দিল। পাচ আনা মন হিসাবে দাম কেটে নিয়ে পরিমাণ মতো নীলের বীজ-ও দিয়ে দিল এ সক্তে।

সদরে প্লান্টার্স ক্লাবে হেলি দেমাক করে বলে এল, আর যেখানে যা-ই হোক, তার এলাকার চাষ অনেক বেশি হবে অস্থান্ত বৎসরের তুলনায়। সত্যই চাষ ভাল এবার—গোণ পেয়ে চাষীরা বিষম খাটছে। হেলি মাঝে মাঝে মাঠে গিয়ে প্রসম দৃষ্টিতে তাকিয়ে চাষ দেখে।

চাৰ হল, বীজ ছড়াল, অন্ধুরোদাম হল—আরে আরে, কি সর্বনাশ! নীল তো নর, আউশ্ধান।

গোঁরো চাষীর এত সাহস! হেলি হেন ব্যক্তিকে ডাহা বেকুব বানিয়ে দিল!

ক্লাবে মুথ দেখানোর উপায় রইল না। অন্তের হুর্দশার আনন্দ করবার মতো
মনের স্থথ এখন কোন কুঠিয়ালের নেই। হেলির কিন্তু নিশ্চিত ধারণা, অত্য
কনসারনের লোকেরা মুথ টিপে হাসে তাকে দেখলে। যত তাবে, ততই সে
ক্ষেপে যার। কুঠির লোক দিয়ে এক দিন ধানবনে হৈ-হলা করে লাঙল
দেওয়াল। কচি ধান-চারা ফলার মুথে উপড়ে নিশ্চিক্ত হল জলে-কাদায়। কিন্তু
এলাকা জুড়ে এই চালাকি করেছে, কঁ:হাতক লাঙল চয়ে চয়ে জমি ভেঙে
বেড়ানো যায়? ক'টাকে কয়েদখানায় পুরবে, লাঠি দিয়ে ঠেঙাবে? তাতে
তো নীলের চারা গজাবে না ক্ষেতে। মরস্মটা পুরোপুরি বরবাদ হয়ে গেল।

প্রতিহিংসা নিতে গিয়ে দেখা গেল উলটো-উৎপত্তি ঘটছে। সাহেবের সামনে দৈবাৎ এসে পড়লে আগে যারা থরহরি কাঁপত, তারাই মুখোমুখি দাঁড়িয়ে বলে, মুই নীল বুনব না। ভয়ে পালিয়ে যাছিল, এতে তবু ইচ্ছত বজায় থাকে—কিন্তু ভয় ভেডে যারা মরীয়া হয়েছে তাদের নিয়ে উপায় কি এৎন ?

মধুস্থন পীতাম্বরকে বলেছিলেন, ভদ্র ঘরের মাথাওয়ালা কুলান্ধার কতকগুলো দলে জুটেছে। পিছন থেকে তারা উদকে দেয়। নইলে ওদের ক্ষমতা কত্টুকু—ছ-দিনের ভিতর ঠাণ্ডা করে দেওয়া যেত।

ছুর্গা ভনেছে সমস্ত। মাথাওয়ালা দলের ভিতর কেশবেরও নাম বেরিয়েছে,

এর চেয়ে হাস্তকর কি আছে? কথাটা পুরোপুরি বিশাস করতে পারে নি শে।
কিন্ত আলকে কেশবের সঙ্গে কথাবার্ডার সহসা তার মনে হল, বাজে গুজুব বলে
কোন থবর উড়িয়ে দেবার নয় এ সময়ে : কেমন যেন ভয় হতে লাগল কেশবের
মুখোমুখি দাড়িয়ে থাকতে।

কেশব হাসতে হাসতে বলল, গ্রামের মেরে—তার উপর পণ্ডিত মশারের মেরে—যার তার হাতে পড়ে কষ্ট না পাও, সেইজন্ম আঁাকু-পাকু করি। নইলে আমার কি যায় আসে বল।

কিচ্ছু আদে যায় না ভোমার ?

না, কিছু নয়। পণ্ডিত মশায় সোজা মাহুয—যে সম্বন্ধটা আসে, তাতেই নেচে ওঠেন। ভাবেন, এমন পাত্র ভূ-ভারতে নেই।

তুর্গা বলল, স্থপাত্র তুমি একলাই ভূ-ভারতে ?

মান হেসে কেশব বলে, আমার কথা আর কেন? আমি তো সকল বিবেচনার বাইরে। কথা দিচ্ছি ছুর্গা, ভাল ছেলে আস্কক—সময়ে যদি কুলোম নিজে আমি বরের চারিদিকে কনের পিড়ি ঘোরাব।

সময়ে যদি কুলোয়—বড় ব্যস্ত আজকাল তুমি বুঝি?

এ প্রশ্ন কানে না নিয়ে কেশব বলতে লাগল, চিনেটোলার ছোঁড়াটাকে আমি
জানি। এক নম্বর হতছোড়া। সকল রকম নেশা করে। ভেগে গিয়ে থাকে
তো ভালই হয়েছে। তার জন্ম ছঃখ পাওয়া কিম্বা আমাকে বেয়া করার কোন
কারণ নেই।

কিন্তু সত্যি একটা ভাল সম্বন্ধ এসেছে। আগরহাটি যাচ্ছি বাবা আর আমি। অমন পাত্র তপস্থা করে মেলে না—স্থুখময়-দা ব্যাখ্যান করছিলেন।

কেশব সপ্রশ্ন চোখে তাকিয়ে আছে।

তুর্গা বলতে লাগল, যাচ্ছি--- यनि দরা করে পছল করেন। দিন আছেক আৰু

সুধে বেগ্ম আর সর খসছি, খুব খবামাজা করছি—কালোর উপর বলি একটু চিকন আভা খোলে। পাত্রের কুলমর্থালা নেই—স্থেময়-দা'র বউকে দিয়ে সেই সহাত্রে বাবা আমার মতামত জানতে চাচ্ছিলেন। আমি খুলি মনে মত দিয়েছি।

কেশ্ব জিজ্ঞাসা করে, আগরহাটির পাত্র—কে বল দিকি ?

পশুপতি চক্রবর্তী। নিশ্চয় চেন তুমি। তোমার বা কাজ, একে না চিনে উপায় নেই।

গন্তীর কঠে কেশব বলে, চিনেছি। কুলমর্যাদা কেন, কোন মর্যাদাই নেই ভার। ওর চেয়ে চিনেটোলার পাত্র ভাল। নেশা করে করে একদিন সে নিজে স্বরবে, কিন্তু পশুপতির মতো দেশস্কুদকে মেরে বাবে না।

তুর্গা সভয়ে বলে, আবার তৃমি বাগড়া দেবে নাকি? খবরদার!

কেশব বলে, কুঠিবাড়ির পাকা-দালানে উঠবার সভিয় সাধ হয়েছে? তাই হোক—একটা কথাও আমি বলতে যাচ্ছিনে। কি দরকার? ক'দিন পরে কোন পান্তাই হয় তো পাবে না আরু আমার।

কোথায় যাবে ?

কেশব হেদে উঠল।

কৃঠির নায়েবের বউ হচ্ছ—কেন তোমায় সাক্ষি রাথতে যাব ?

थ्रंभ कूष्टिय भारत भारत शीरत शीरत रा तानाचरतत निरक हनन।

তার পরেও তুর্গা অনেকক্ষণ এক জায়গায় শুরু হয়ে দাঁড়িয়ে রইল। রাগ হচ্ছে, হিংসা হচ্ছে। লেখাপড়ার ব্যাপারে কেশব চিরদিনই নিচে। কত লোকে তাকে ঠাট্টা-তামাসা করেছে তুর্গার সলে তুলনা দিয়ে। আজকে কেশব ভাকে ছাড়িয়ে চলে যাছে। অনেক উপরে—নাগ্বালের বাইরে যাছে ক্রেমশ। ক্ষা বলে আজকাল উচু চঙে, যেন কন্ত দুরের মান্ত্য!

শেষ রাত্তে পীতাশ্বর গরুর গাড়ি নিয়ে এলেন। এলে রুখে উঠলেন মেশ্বের উপর।

পড়ে পড়ে ঘুমুচ্ছিদ এখনো—ঘুম আদে এ অবস্থার ? জেগে আছি।

চুপচাপ পড়ে আছিল তবে কোন্ আকেলে? পায়ে মল পরেছিল কই? খোপা কই?

তিন-চার দিন ধরে যাবার কথাবার্তা হচ্ছে, এই প্রথম তুর্গা আপন্তি করল। ক্রন্দনোচ্ছল কঠে বলে, আমি যাব না বাবা।

পীতামর ক্ষেপে উঠে বলেন, যাবি নে কিরে ? সবে তো শুরু—গাঁরে গাঁরে তিকে ফিরি করে নিয়ে বেড়াব। ভেবেছিস কি ?

গাড়ির চালার উপর বসে পীতাম্বর গজর-গজর করতে লাগলেন, অপমান-জ্ঞান তোরই আছে, মন বলে আমার কোন পদার্থ নেই ? এক কাজ করিস, ভাতের সঙ্গে বিষ মিশিয়ে দিস একদিন। তথন আর কিছু বলব না, কোধাও নিয়ে বেতে চাইব না।

আকাশে শুকতারা দপদপ করছে, সেই সময় তারা রওনা হল। সমস্ত গ্রাম অংশারে ঘুমুছে। কেশবের নিশুক বাড়ির সামনে দিয়ে থাবার সময় গভীর নিশাস ফেলল তুর্গা। কোথায় চলে থাবে সে আর ক'দিন পরে! সভ্যিকার আপন জন কেউ থাকলে থাবার কথা বলতে পারত কি অমন করে? যেতে কি দিত তারা?

বাসায় একলা পশুপতির মা। আজ তিনি সামনে বেরিয়ে এলেন। এই মেয়ে ?

তারপর অন্ধকার মুখে তিনি আহ্বান করলেন, এস বাছা। ওরে. বাইরের ঘরটা খুলে বসতে দে এঁদের।

পীতাৰৰ বিজ্ঞানা করলেন, বাবাকী? বেরিয়ে গেছে। বড়্ড গোলমাল।

থানার জমাদার ঐ-দিক দিয়ে ব্যস্ত ভাবে ছুটে যাছিল। পশুপতির মা ডাকলেন।

বজ্ঞ যে ঢাকের বাজনা। অনেকক্ষণ ধরে বাজছে। পরব-টরব নাকি, নটবর ?
নটবর এই পাড়ারই—অবসর মতো এঁদের ফাইফরমাল থেটে কিছু
রোজগারও করে। কাছে এসে নিমকঠে সে বল্ল, ঢাক-বাড়ি করেছে মা
রসকে-মুচির গোয়াল-ঘরে। রাজ্যের ঢাকঢোল এনে জড় করেছে। কুঠির
পাইক-বরকলাজ বেকলে ঢাকে কাঠি পড়ে, গাঁয়ের মানুষ সামাল হয়ে যায়।

থামছে না তো মোটে! ভোরবেলা থেকে ড্যাডাং-ড্যাডাং বেজে চলেছে।
নটবর বলে, বিষম কাণ্ড আজকে। দল বেঁধে যত চাষী ঢাল-শড়কি নিম্নে
রসকের উঠোনে নাচছে ঢাকের বাভির তালে তালে। আর চেঁচিয়ে চেঁচিয়ে যা
সমস্ত বলছে, শুনে কানে আঙুল দিতে হয়।

কাঁদো-কাঁদো হয়ে পশুপতির মা বললেন, সর্বনাশ ! পশুপতি আমার খানিক আগে বেরিয়ে গেল যে !

বেক্সতে পারেন নি। থানা অবধি গিয়ে আটকে গেছেন। নেচে কুঁদে ওরা বাড়ি ফিরে যাবে, করবে কচু। ভয় নেই মা, সদর থেকে সিপাহি এসে পড়ল বলে, ছ-দিনে সব ঠাণ্ডা করে দেবে। এই দেখ—আম্পর্ধা দেখ হারামজাদাদের— এই দেয়ালেও কি-সব লিখেছে দেখ—

স্বাই একসঙ্গে মুথ ফেরালেন। দেয়ালের বালির জমাটে কয়লা দিয়ে বড় বড় অক্ষারে কবিতা লিখেছে—

> আগরহাটির লখা লাঠি পশুপতির মুখু কাটি

## আবার লিখেছে-

জমির শস্ত্র নীল মাছের শস্ত্র চিল পশুপতির কানডা ধরে পিঠে মারি কিল।

ঢাকের আওয়াজ ছাপিয়ে মায়্রের কোলালল কানে আসছে এবার। অনেক লোক মিলিত-কঠে জকার দিছে। কেঁচোর মতো নগণ্য মায়্রের দল সাপ হয়ে কণা তুলেছে। গা শিরশির করে উঠল তুর্গার। কেশব আছে কি ওর মধ্যে ? এথানে না থাকলেও আছে নিশ্চয় কোন না কোনথানে রায়তদলের ভিতর। দেয়ালের লেথাগুলো—হাঁা, কেশবের হাতের আঁকোবাঁকা অক্সরের মতোই মনে হয়। কেশব এতদ্র এই আগরহাটি এসে জুটেছে—এ অনুমান হয়তো ঠিক নয়। তবু যেথানে গগুগোল, তুর্গা মনে মনে সেইথানে কেশবের অন্তিত্ব ধরে নেয়।

পীতাম্বরের মুখ ছাইয়ের মতো সাদা হয়ে গেছে। বললেন, আপনার মন ভাল নেই বেহান। আজকে ফিরে যাওয়া যাক, কি বলেন? আপনার কনে দেখা তো একরকম হয়ে গেল। হান্দামা মিটে যাক। বাবাজী এর পর বেদিন জন্মসামপুরের কুঠিতে যাবেন, আমাদের বাড়িতে যান যেন একটিবার।

গরুর গাড়ি ঘুরিয়ে নিষেছে। পশুপতির মা সহসা ভেকে বললেন, মিথের আশার খোরাতে চাই নে পণ্ডিত মশাই—ভালই বলুন আর মন্দই বলুন, পশুপতি যাবে না।

পীতাম্বর বিহবল দৃষ্টিতে তাকালেন।

শ্রামবর্ণ বলছিলেন—এ তো কালো। চুগ পাকিয়ে ফেললেন, কাকে কোন রং বলে জানেন না? এই ধিন্দি মেয়ে—ঠানদিদির মতো দেখাবে যে আমার পশুপতির পাশে! একবার ঢোক গিলে বললেন, বুড়ো মাহ্য বার বার আসছেন, তাই খোলনা কথা বলে দিছি। হেলি সাহেব এসেছিলেন, আমি জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, এমন কোন বাধ্যবাধকতা নেই যে আমার ছেলেকে করতেই হবে এ বিয়ে। আর এই কালো মেয়ে ফরশার কদরে বিকোবে, এমন সাহায্য এ হংসময়ে হেলি আপনাকে করতে পারবেন না। আপনি অক্ত চেষ্টা দেখুন পণ্ডিত দশাই।

তুর্গা অন্তদিকে মুথ ফেরাল। চোথে জল টলমল করছে, ক্যাঁচকোচ
আওয়াজ করে ধুলো উড়িয়ে গাড়ি চলেছে। মেয়ের দিকে চেয়ে পীতাম্বের
নন স্নেহে গলে গেল। গায়ের রং একটু ময়লা হতে পারে, কিছু কি চমৎকার
দেখাছে তাকে! দাঁতে দাঁত চেপে অফুট কঠে তিনি বলেন, চোথ নেই—কানা মা-মাগিটা। ছেলের দেমাকে আমার মেয়ের দিকে ভাল করে একবার
তাকিয়ে দেখল না।

কিন্তু বোগাঘোগ এমনি, এরই দিন পাঁচেক পরে পশুপতি পান্ধে হেঁটে স্পীতাম্বর পশুতের বাড়ি উপস্থিত।

পণ্ডিতের বাড়ির দক্ষিণে বড়-রান্তার লাগোয়া প্রকাণ্ড বিল। আবাঢ় মাস

—রুপরুপ করে বৃষ্টি হচ্ছে, অবিপ্রান্ত বেঙের ডাক। ধানবনে জল জমেছে।
রাত্রি শেষ প্রহর। অভ্যাসমতো পীতাম্বর তামাক থেতে উঠেছিলেন,
মাহ্মবের আর্তনাদের মতো কানে এল। উৎকর্ণ হয়ে রইলেন। বৃষ্টির একটানা
আপ্তরাজের মধ্যে স্পষ্ট বোঝা যাছে না। অবশেষে নিঃসন্দেহ হলেন—মান্তবই।

-সরজার থিল খুলতে দড়াম করে হটো কবাট হ'দিকে আছড়ে পড়ল, বাতাকে
মেটে প্রদীপ নিভে গেল। বাইরে কি হুর্যোগ চলছে, দরজা না থোলা পর্বস্ক

জলে-কাদার মাথামাথি—টলতে টলতে এক মূর্তি এসে করে চুকল। আর হাঁটবার জো নেই—প্রাণের টানেই কেবল এতনুর চলে এসেছে। এসেই মেজের উপর ধপ করে বসে পড়ল, এগিয়ে ফরাস অবধি যাবার সব্র সইল না।

কে ভূমি ?

অস্পষ্ট একটা আওয়াজ বেরুল মাত্র।

পিছন দিককার দরজা খুলে পীতাম্বর চেঁচামেচি করতে লাগলেন, শিগনিক্স উঠে আয় স্থেময়, শিগনির—

আবার প্রদীপ ধরিয়ে চিনুতে পারা গেল। পশুপতি। কাপড়-চোপড়ে রক্তের দাগ—আট-দশটা পানি-জোঁক সর্বান্ধ ছেঁকে ধরেছে। থানিক সামলে নিম্নে পশুপতি তুটো-একটা কথা যা বলল—পীতাম্বর বুঝলেন, শোলা-ঝাড়ের ভিতর যে জায়গায় সে লাফিয়ে পড়েছিল, এখান থেকে সেটা ক্রোশ দেড়েকের কম নয়। একগলা ধানবনের ভিতর দিয়ে জল-কাদা ভেঙে এই দেড় ক্রোশ পথ অক্ককারে লক্ষ্যহীন ভাবে সে চলে এসেছে। ভাগা ভাল যে বেঁচে আসতে পেরেছে।

খুব কাঁপিয়ে জর এল। স্থময় আর পীতাম্বর ত্-জনে ধরাধরি করে দোডলার ঘরে তুলে থাটের উপর তাকে শুইয়ে দিলেন। পুরো তুটো দিন একটা রাজি বেছঁশ তারপর। প্রবল জরে কেবল উ:-আ: করছে। গা এত গরম যে মনে হচ্ছে ধান রেখে দিলে থই হয়ে ফুটে উঠবে। পীতাম্বরের ভয় হল, অথচ বাইরের কাউকে কিছু বলতে ভরসা হয় না। দেশের অবস্থা আর মান্ত্রের মতিগতি আশ্চর্য রকম বদলে গেছে। কুঠির লোকের নাম শুনলে মান্ত্র ঘেন কেপে ধারু, তাদের সঙ্গে অতি-সাধারণ সামাজিকতাটুকুও সন্দেহের চক্ষে দেখে। বাষ্টি বংসরের জীবনে পীতাম্বর স্থপ্নেও ভাবতে পারেন নি এ সমস্ত।

ভোগ বেশি হল না, এই বাঁচোয়া। দিন চারেকের মধ্যে পশুপতির জ্বর ছেড়ে গেল। বোঝা গেল, তারও ইচ্ছা নয়—সে কোথায় আছে, জানাজানি হতে দিতে। এমন কি মধুস্বন দারোগাকেও জানাতে মানা করল। তথু কয়েক ছত্ত্বের এক চিঠি স্থেময় একদিন চুপিচুপি তার মায়ের হাতে পৌছে দিয়ে এল। এক ডাজ্জব গল্প করল পশুপতি—বিচারের জন্ম কোন গোপন-আদালতে নাকি-হাকিমেরা নথিপত্র নিয়ে অপেক্ষা করছেন। রায়তদের ধরে ধরে তারা যেমন সাহেব-কুঠিয়ালদের কাছে হাজির করে, সেই রকমটা আর কি! তাকে ধরে নিয়ে যাচ্ছিল, পিতৃপুক্ষের পুণ্যে প্রাণ নিয়ে কোন গতিকে পালিয়ে এসেছে।

বনবিষ্টু পুর কতদ্র এ জায়গা থেকে ?

নিকটেই—তুর্গা অবধি জানে গ্রামটার নাম-। বর্ধাকালে থাল-বিল ঘুরে যেতে কিছু বেশি সময় লাগে, শুকনার সময় সোজা মাঠের ভিতর দিয়ে পথ অনেক কম।

বনবিষ্ঠুপুরে গিয়েছিল পশুপতি। রায়তেরা পালিয়েছে। একটা পাড়ার ঘর-বাড়ি সব পুড়ে গেছে। লোকে বলে, কুঠির বরকলাজেরা রাত্রিবেলা আশুন দিয়েছিল। এর অবশু কোন প্রমাণ নেই। পশুপতি গিয়েছিল—ওখানে খাস চার হবে, সেই ব্যবহা করতে। মোটামুটি কাজ শেষ করে ডিঙি নিয়ে সে সদর-কুঠিতে ফিরছিল। পাইক-বরকলাজদের গ্রামে মোতায়েন করে এসেছে, আমিন আছে শুর্ সঙ্গে। মাঝি ছপছপ করে বৈঠা বাইছে, আর ত্-জন মাল্লা শুণ টেনে চলেছে নদীর কিনারা দিয়ে। উজান কেটে তলে তলে চলছে নোকা। একটা মাছ্য নেই কোন দিকে, যেন মৃতপুরী। খালের জল কলকল করে নদীতে পড়ছে, কেবল তারই আওয়াজ।

আমিনের কাছে বন্দুক—টোটা পোরা আছে। চারিদিক তাকিয়ে তারপর বন্দুকের দিকে পশুপতির নজর পড়ল। বন্দুক রয়েছে, তথন ভর কিসের? বিরক্ত হরে মাঝিকে জিজ্ঞাসা করে, কত দেরি আর জোয়ারের? কত আর তোমরা গুণ টেনে মরবে? এই বে—জল থমথমে হয়ে গেছে। টান ফিরবে এবার।

মান্তবের গলা পাওয়া গেল এতক্ষণে। কাশবন—মান্তব দেখা বাছে নাহাঁক শোনা যায়।

নোকো কার ?

वनन मामञ्ज जामात्र नाम। माकिन वनविष्टे भूत्र।

चाटि धत्र। ७-भात्र गांव--

পশুপতি ক্ষেপে উঠল।

ওরে আমার নবাবের নাতি! ছকুম ঝাড়ছেন, ঘাটে ধর। কক্ষণো নয়—চালাও। বদন মাঝি সকাতরে বলে, এই আমাদের বেওয়াজ হজুর, পারে থেতে চাইলে 'না' বলবার নিয়ম নেই। আর এ-অঞ্চলের এরা লোক স্থবিধের নয়। হামেশা চলাচল করতে হয়, এদের চটিয়ে রাথতে সাহস পাই নে।

পশুপতি বলে, করবে কি, আমি তো রয়েছি—

আপনি আজকে রয়েছেন হজুর, কতক্ষণ আর থাকবেন! তার পরে?

সমস্ত ঠাণ্ডা করে দিচ্ছি—রোসো। তোমার গ্রামের ব্যাপার দেখলে তো ? এখন ঐ চলল—অমনি হবে সব জায়গায়।

কিন্তু পশুপতির কথা কানে নিল না মাঝি। কাশবন ছাড়িয়ে ডিঙি কুলের কাছাকাছি থেতে হুড়মুড় করে জন পাঁচেক লাফিয়ে উঠল।

রুক্ষ স্বরে পশুপতি বলে, নৌকো ডুবিয়ে দিবি নাকি রে তোরা? আমিনেরু বন্দুকের দিকে সে তাকাল আর একবার।

আগন্তকদলের অগ্রবর্তী লোকটি অতিশয় বিনয়ী। হাতজোর্ড করে কে বলল, দেওয়ানজি নাকি? আমরা নেংড়ের হাটথোলায় যাছিছ। এইটুকুন গিয়ে নেমে যাব। ক'থানা বোঠে আছে তোমার মাঝি? দাও—হাতে হাতে বেয়ে তাড়াতাড়ি হন্তুরকে পৌছে দিই। রাত হয়ে যাছে। ইইয়ের উপরে-রাথা আর তিনটে বোঠে ও ছ-থানা লগি তারা তুলে নিল।
বাইছে। মুহূর্ত পরে বিষম কাও। লগি ফেলে ছ-জনে জাপটে ধরল বন্দুকধারী
আমিনকে। বন্দুক কেড়ে নিল, গুণের দড়ি কেটে দিল। নৌকা গাঙের মাঝ-থানে। একজন পাঠা-কাটা মেলতুক নিয়ে এসেছিল দেখা যাছে গায়ের চাদরের নিচে।সে সেই মেলতুক ঘোরাতে লাগল, আমিন আর বদন মাঝির মাথার উপরে।

নাম, নেমে পড় একুণি, নইলে কেটে কুচি-কুচি করব।

গোপন যোগদাজশ ছিল বলে পশুপতির দলেহ। বদন মাঝি এবং তারপর আদিনও ঝুপঝাপ লাফিয়ে পড়ল নদীতে। জোয়ার এসেছে, মাঝির জায়গায় ওদেরই একজন বোঠে ধরে বদেছে। থরস্রোতে পাক থেয়ে ডিঙি থালের ভিতর গিয়ে উঠল।

সেই বিনয়ী লোকটা বলল, মিছে চেঁচাচ্ছেন হজুর, গলা ফাটিয়ে ফেললেও কেউ এদিকে আসবে না।

অপর একজন মন্তব্য করল, আর এলেও বাঁচাতে আসবে না তো? উল্টেছটো চড়-চাপড় দিয়ে কি অকথা-কুকথা বলে অপমান করে বসবে। কাজ কি—চুপচাপ থাকুন।

. নিরুপায় পশুপতি প্রশ্ন করে, কি চাও তোমরা ?

চার বোঠের তাড়নায় ডিঙি যেন উড়ে চলেছে। কেউ জবাব দিল না। নিবিভ অন্ধকার, আকাশ-ভরা কালো মেঘ।

কাতর কঠে পশুপতি বলে, আমার কি দোষ ভাইসব ? চাকরি করি— উপরওয়ালার ছকুমে সব করতে হয়।

গ্রাম জালাতে হর ? গৃহস্তর মেয়ে-বউ পথে তুলে দিতে হয় ? উপর-গুয়ালারাও রেহাই পাবে না। এখনো বাগে পাই নি তাই। মহারানীর অন্ধাতি বলে বাঁচতে পারবে না। আবার একসময় পশুপতি বলে উঠল, ছেডে মাও আমায়---

ছাড়বার এখতিয়ার নেই। পঞ্চায়েতে বিচার হবে। ছেড়ে দেবেন কি

রূপবেন না—তাঁরাই ঠিক করবেন বিচারের পর। আমাদের গ্রেপ্তার করে
পৌছে দেবার ছুকুম, তাই করছি।

ম্বলধারে বৃষ্টি নামল। কছরে মাথা রেখে পশুপতি গুরে ছিল। বুমোরার মতো ভাব। হঠাও উঠে থালের পাড়ে লাফিয়ে পড়ল। সে-ও লোক লোজা নয়—নইলে কম বয়সে এত উন্নতি করতে পারত না সাহেবি কনসারনে। এই এক চালাকি খেলল ওলের উপর। ভেবেছিল, শোলার ঝাড়ের ভিতর ভকনো ডাঙার গিয়ে পড়বে। কিন্তু জল সেখানেও—জুতা-জামাস্ত্রভ জলে পড়ে সেল। তব্ স্থবিধা হল—দিগ্ব্যাপ্ত ধানবন চারিদিকে। শার্থি নিচু করে ত্রিকে ধানবন দিয়ে চললে দিন তুপুরেই খুঁজে পাওরা বায় না—এ তো অন্ধকার রাজি। জলের ভিতর দিয়ে অনেকক্ষণ এদিক-ওদিক বুরে তবে পশুপতি গ্রাম পেরেছে। ভাগ্যক্রমে পীতাম্বর পণ্ডিতের বাড়ি এসে গোছে।

অন্নপথ্য সাত দিনের দিন। সকালবেলা ইন্সি বাটিতে করে গ্রান্থ নিয়ে এসেছে। পশুপতি মুখ ভার করে বলে, আমি থাব না।

ছুৰ্না শক্ষিত দৃষ্টিতে তাকায়। পশুপতি যত স্থান্থ হচ্ছে, ততই যেন ভাষের বস্তু হয়ে দাঁড়াছে।

পশুপতি বলল, অস্ত্রথে অটেতন ছিলাম—যা মুথে দিয়েছ, থেয়েছি। তোমার স্বোধার দেওয়া এই সব এখন আর থেতে যাব কেন ?

ছুর্গা ভালমন্দ কিছু বলে না, বেন দে ব্যতেই পারছে না তার কথা।

পশুপতি বলতে লাগল, নানারকম রটনা হচ্ছে আমার নামে। আমি নাকি সাথা হয়ে দাড়িয়েছি ওদের কনসারনের, যা বলি হেলি তাতেই খাড় নাড়েঞ ৰাষতেরা পেরে উঠলে চিঁড়ের মতো আমায় দাঁতে পিশে ফেলত। সবাই খুণাঠ করে। তোমরাও ভাবো ঐ রকম নিশ্চয়। নিতান্ত খাড়ে এসে পড়েছি, ফেলতে, পারছ না—কি করবে ? কিন্তু একটা কথা বলি তুর্গা—

প্রতিবাদ প্রত্যাশা করেছিল ছুর্গার কাছ থেকে। কিন্তু কোন সাড়া না শেরে কৈফিয়তের স্থরে পশুপতি বলতে লাগল, ব্যাপার হল—আমার উন্নতি বেশে সকলের চোথ টাটায়। সাহেবি কনসারনের ম্যানেজার হতে বাছি—ধর, প্রভাদিনের একটা বন্ধ দরজা খুলে গেল। জাতস্ক্র এতে খুশি হওয়া উচিত—ভা নয়, এ পোড়া দেশে পিছনে লাগতে আসে। কি করছে এরা বল তো? কোম্পানির রাজ্যে থেকে সাহেবের সঙ্গে ঝগড়া! লাঠি-ঠেডা ঢাল-সড়কি সমস্ত কম্কের গুলিতে ঠাণ্ডা করে দেবে। সদরে নালিশ করেই বা করেবে কি, জজ-ম্যাজিস্ট্রেটের সঙ্গে মুখ-শোথাণ্ড থি—ভাই-ব্রাদার ওরা সব। জাত-ভাইয়ের স্থার্থ না দেখে তারা কি রায়তের পক্ষে রায় দিতে যাবে?

এত কথার একটিও কানে যাচ্ছিল না ছুর্গার। ছুণা করে বলে পশুপতি অহ্বযোগ জানাল, সেইটাই শুধু মনের মধ্যে বারম্বার আনাগোনা করছে। কেশবকে একদিন সে-ই বলেছিল এমনি ছুণা করবার কথা। ছুর্গার চোথে জল এসে পড়ে। কথার মারথানে সে বলে উঠল, ছুণা আমি করি না। মিথ্যে কথা। আপনাকে না, কাউকে না। গর্ব করবার কি আছে যে অন্তকে ছুণা করতে যাব ?

ু পশুপতি সামনে বয়ে, কিন্তু বলছে যেন অনেক দ্রের আর কাকে উদ্দেশ করে।

পশুপতির মুধ হাসিতে ভরে গেল। বলে, দে জানি। এই কথাটাই শুনতে চাজিলাম ভোমার মুথ দিয়ে। ঘুণা থাকলে এমন দরদ দিয়ে কেউ দেবা করতে পারে? মাকে বাদ দিলে এই বাড়ির তোমরাই শুধু সভিয় সভিয় আরমার ভালবাস। এত বড় কনসারনের এলাকায় এই একটামাত্র জারগাঃ

শামার কাছে সকলের চেয়ে নিরাপদ। কুঠির মাইনে-খাওয়া লোকজনকেও তথ্যপ খুলে এমন বিশ্বাস করতে পারি নে।

ভক্তাপোশের প্রান্ত দেখিয়ে বলে, বোসো হুর্গা—ছুণা কর না ধধন, বোসেঃ
এই—এখানে।

তুৰ্গা বদে পড়ল।

কথা বল একটা-কিছু। শুরে পড়ে আছি। দিনরাত কাজকর্মে হৈ-হল্লার মধ্যে থাকা অভ্যাস—বড় কষ্ট হয় চুপচাপ থাকতে।

ক্ষীণকণ্ঠে তুৰ্গা বলে, কি কথা বলব ?

সেটা আমি শিথিয়ে দেব ?

স্পষ্ট অভিমানের স্থর পশুগতির কণ্ঠে। বলে, যাকগে—কষ্ট করতে হবে না তোমার। আমিই বলচি কথা। কথা না বলে বলে মরে যাচ্ছি এই ক'দিন।

বলতে লাগল তার তুর্দিবের কথা। রেখে ঢেকে বাইরে যত**্রকু বলা বার**এই মেয়েটির সহায়ভূতি আকর্ষণের জন্ত। একেবারে নির্দোষ তার উপর নির্মন ।
বছবল্লের মনগভা একটা কাহিনী সে বলে যেতে লাগল।

হঠাৎ দেখে তুর্গা ঘাড় ফিরিয়ে বদে আছে। পশুপতি চুপ করল।

বলুন--

তুমি শুনছ না, মিছে বকে মরছি।

শুনছি।

গণার স্বর অস্বাভাবিক মনে হল পশুপতির কাছে। রোগী এখনো সে— এক কাণ্ড করে বসল—হাত বাড়িয়ে হঠাৎ হুর্গার মূথ ফেরাল তার দিকে। ঝরঝর করে হুর্গার কপোল বেয়ে অশু ঝরছে। আর সে গোপন করল না, খনপক্ষ সঞ্জল হু'টি চোথ ভূলে নিঃশব্দে বসে রইল।

क्षन शांत शीरत शीरत शंकशिक वर्ता, मा कि-मव वर्ताहन अस्ति । कि

বারতেরা পেরে উঠলে চিঁড়ের মতো আমায় দাতে পিলে কেলত। সবাই খুলাঃ করে। তোমরাও ভাবো ঐ রকম নিশ্চর। নিতান্ত ঘাড়ে এসে পড়েছি, ফেলভে, পারছ না—কি করবে ? কিন্তু একটা কথা বলি তুর্গা—

প্রতিবাদ প্রত্যাশা করেছিল তুর্গার কাছ থেকে। কিন্তু কোন সাড়া না শেরে কৈনিয়তের হ্বরে পশুপতি বলতে লাগল, ব্যাপার হল—আমার উন্নতি দেখে সকলের চোথ টাটায়। সাহেবি কনসারনের ম্যানেজার হতে যাছি—ধর, প্রজনিরের একটা বন্ধ দরজা খুলে গেল। জাতহ্বদ্ধ এতে খুশি হওয়া উচিত—ভা নয়, এ পোড়া দেশে পিছনে লাগতে আসে। কি করছে এরা বল তো? কোম্পানির রাজ্যে থেকে সাহেবের সঙ্গে ঝগড়া! লাঠি-ঠেঙা ঢাল-সড়কি সমস্ত ক্মৃকের ভালতে ঠাণ্ডা করে দেবে। সদরে নালিশ করেই বা করেবে কি, জজনম্যাজিস্ট্রেটের সঙ্গে মুখ-শোখাণ্ড খি—ভাই-ব্রাদার ওরা সব। জাত-ভাইয়ের স্বার্থ না দেখে তারা কি রায়তের পক্ষে রায় দিতে যাবে?

এত কথার একটিও কানে যাচ্ছিল না হুর্গার। ছুণা করে বলে পশুপতি অহুযোগ জানাল, সেইটাই শুধু মনের মধ্যে বারম্বার আনাগোনা করছে। কেশবকে একদিন সে-ই বলেছিল এমনি ছুণা করবার কথা। ছুর্গার চোথে জল এসে পড়ে। কথার মাঝখানে সে বলে উঠল, ছুণা আমি করি না। মিথ্যে কথা। আপনাকে না, কাউকে না। গর্ব করবার কি আছে যে অন্তকে ছুণা করতে যাব ?

পশুপতি সামনে বসে, কিন্তু বলছে যেন অনেক দ্রের আর কাকে উদ্দেশ করে।

পশুপতির মুখ হাসিতে ভরে গেল। বলে, সে জানি। এই কথাটাই শুনতে চাচ্ছিলাম তোমার মুখ দিয়ে। ঘুণা থাকলে এমন দরদ দিয়ে কেউ সেবা করতে পারে? মাকে বাদ দিলে এই বাড়ির তোমরাই শুধু সত্যি সত্যি করামায় ভালবাস। এত বড় কনসারনের এলাকায় এই একটামাত্র জায়গা

স্পাদার কাছে সকলের চেয়ে নিরাপদ। কৃঠির মাইনে-খাওয়া লোকজনকেও স্প্রাণ খুলে এমন বিশ্বাস করতে পারি নে।

ভক্তাপোশের প্রান্ত দেখিয়ে বলে, বোসো তুর্গা—ছ্ণা কর না যখন, বোসেঃ এই—এখানে।

তুর্গা বদে পড়ল।

কথা বল একটা-কিছু। শুয়ে পড়ে আছি। দিনরাত কাজকর্মে হৈ-হলার মধ্যে থাকা অভ্যাস—বঙ্চ কষ্ট হয় চুপচাপ থাকতে।

ক্ষীণকণ্ঠে হুৰ্না বলে, কি কথা বলব ?

সেটা আমি শিথিয়ে দেব ?

স্পষ্ট অভিমানের স্থর পশুণতির কঠে। বলে, যাকগে—কষ্ট করতে হবে না তোমার। আমিই বলছি কথা। কথা না বলে বলে মরে যাচ্ছি এই ক'দিন।

বলতে লাগল তার তুর্দিবের কথা। রেখে ঢেকে বাইরে যত**ুকু বলা বায়** এই মেয়েটির সহামূভ্তি আকর্ষণের জন্ত। একেবারে নির্দোষ তার উপর নির্মশ বড়যন্তের মনগড়া একটা কাহিনী সে বলে যেতে লাগল।

হঠাৎ দেখে হুর্গা ঘাড় ফিরিয়ে বদে আছে। পশুপতি চুপ করল।

বলুন-

তুমি শুনছ না, মিছে বকে মরছি।

ভ্ৰম্ভি ।

গণার স্বর অস্বাভাবিক মনে হল পশুপতির কাছে। রোগী এখনো দে—
এক কাণ্ড করে বসল—হাত বাড়িয়ে হঠাৎ হুর্গার মুথ ফেরাল তার দিকে।
বরঝর করে হুর্গার কপোল বেয়ে অঞ্চ ঝরছে। আর সে গোপন করল না,
স্বনপক্ষ সঞ্জল হু'টি চোথ ভূলে নিঃশব্দে বসে রইল।

ক্ষণ পরে ধীরে ধীরে পশুপতি বলে, মা কি-সব বলেছেন শুনেছি। 🍑 🕏

লে জন্ত আমার দোবী কোরো না, আমার উপর বিরূপ হোয়ো না ছ্র্গা। নিইজি অসহার অবস্থায় তোমাদের আশ্রয়ে এনে ফেলেছে। তাই এত কথা মুখ কুটে কলতে পারছি। তোমায় না পেলে জীবন আমার নিম্নল হয়ে যাবে।

ছুর্গার বুকের ভিতর কাঁপে। কি করে বলে ফেলল, সে জানে না—কলল, জামি কালো-কুৎসিত—

কালো হতে পার—হাঁ, কালো নিশ্চয়ই, কিন্তু কুৎসিত কথনো নও।
কুৎসিত কেউ এমনি করে মন বাঁধতে পারে? কাল সারারাত তোমার কথা
ভেবেছি, সারারাত ঘুমোই নি। এর পরেও মা আপত্তি করলে আমাকে
অবাধ্যপনা করতে হবে।

তারপর হেসে উঠে বলল, তার দরকার হবে না। তোমরা আমার জীবন দিয়েছ। আমি জানি—খুশি হয়েই মা মত দেখেন।

চলে যাবার দিন পশুপতি স্থময়কে বলে গেল, পাকা-দেখা দেখতে আদবে এই মাসের মধ্যেই। মধুস্দনবাবু আদবেন, আদীর্বাদ যা পাঠাবার—মা তাঁর হাত দিয়ে পাঠাবেন।

হেনে বলে, হেলি কি ছাড়বে? সে-ও এসে তার মামার মতো গাঁটি হয়ে **ফরালে চেপে বসবে।** এসব কাজে তার উৎসাহ খুব—

কথা রাখল পশুপতি। মাসের ভিতরেই মধুহদন দারোগা এসে পড়লেন।
পশুপতি নিজেও আছে। হেলি এসে জুটল দলে। আরও বিতর লোক,
বিষম সমারোহ। এসে পৌচেছে শেষ রাতে, এখন অবধি পীতাম্বরের বাড়ি
আসবার ফুরসৎ হয় নি! উত্তরপাড়ায় আছে। খবর পাঠিয়েছে—সন্ধার দিকে
আসবে, থাওয়া-দাওয়ার যোগাড় থাকে যেন ছ-তিন জনের মতো। রাতটুকু:
প্রবাড়িতে থেকেও যেতে পারে, জানিয়ে দিয়েছে।

বিষম কাণ্ড উত্তরপাড়ায়, ভয়ানক লাকা। কেলায় মতো ত্র্ভেম করে প্রুলেছে ও-পাক্ষায় বাড়িদর—মেরে-পুরুষ ছেলে-বুড়ো সকলে মরিয়া। প্রথম মহড়ায় সড়কি এসে বেঁণে মধুসনন দারোগার পায়ে। ধরাধরি করে নৌকোয় তুলে তাঁকে সদরে পাঠিয়েছে। অতঃপর কেপে গেল থানার পুলিশ আর কুঠির বরকলাজের দল। খবর পেয়ে ও-পক্ষেও আশপাশের গ্রাম থেকে পিঁপড়ের সারির মতো অসংখ্য লোক জমায়েত হয়েছে। হঠবার পাত্র কেউ নয়—লড়াই দক্ষরমতো। খবর পাওয়া গেছে, ঐ যে পঞ্চায়েত-আদালতের কথা শোনা যায়, সে আদালত নাকি কেশবেরই বাড়িতে। কিন্তু সে অবধি পৌছরে, সাধ্য কার ? বল্লম হাতে বটগাছে চড়ে কেশব নিজে বিপক্ষদলের গতিবিধি দেখছে, আর সেখান থেকে উৎসাই দিছে রায়তদের।

ছুর্গা ব্যাকুল হয়ে ঘর-বাহির করছে। নানা থবর আসছে মুহ্মুছ। টোটার বলুক চালাচ্ছে হেলি এইবার। বিকালবেলা শোনা গেল, রণ-জয় হয়েছে হেলির, গুলি থেয়ে কেশব মারা গেছে। মাতকার রায়তদের ধরে তালাচাবি দিয়ে রেথেছে কেশবেরই শোবার ঘরের ভিতর। যে বাড়ি থেকে য়ায় ফেজিনিস ইচ্ছা, টেনে নিয়ে ফেলছে, ছড়াচ্ছে, ভাঙছে—কিছুমাত্র বাধা নেই। নানারকম গুজব জনতার মুথে মুথে—রাত্রি হলে নাকি আয়ও নানাবিধ কাঞ্ছবে। সমন্ত গ্রামে আর যে ক'জন পুক্র আছে, তাদেরও নিয়ে আটকাবে। তারপর নিঃসহায় স্ত্রীলোক ও শিশুদের নিয়ে তাবে অবশ্য অন্থমানের কথা। কিন্তুন্গে বার নম্না দেখে সত্যি এবার ভয় পেয়ে গেছে জয়য়মপ্রের মান্থকান।

এরই মধ্যে একটু আনন্দের থবর একজনে দিয়ে গেল। কেশবের মৃতদেহের সন্ধান ওরা পায় নি, স্থাকোশলে সরিয়ে নদীকূলে কেয়াবনে চুকিয়ে রেখেছে। গভীর রাত্রে চারিদিক নিশুতি হলে চুপি চুপি দাহ করবে। এত ভালবাসে তাকে সকলে, কিন্তু তার শেষক্রত্যে হরিধ্বনিও দেওয়া চলবে না একটিবার। প্রচরথানেক রাত্রি। অতন নিত্তরতা, দিনের তুম্ন উত্তেশার বিত্তর বিষয় নাত্র নেই। উত্তরপাড়ার পথে পথে বলম হাতে টহল দিরে ক্রেক্টি নাত্রক বরকলাজের দল। এতক্ষণে সম্পূর্ণ নিশ্চিম্ভ হয়ে পশুপতি পীতাছরের নাড়ি এল। একা নার—হেলি সাহেবকে নিয়ে এসেছে। আর ক-জন বরকলাজ এসেছে, তারা বাড়ি চুকল না—হড়কোর বাইরে বকুলতলায় দাড়াল। এখান থেকে পাহারা দেবে যতক্ষণ এরা আছেন এখানে।

সাড়া পেয়ে পীতাছর বেরিয়ে এলেন। পাংশুমুখে চেয়ে রইলেন তিনি। গলা কঠি হয়ে গেছে, ভালমন্দ একটি কথা বেরুল না মুখ দিয়ে।

হেলি বলল, ভোমার বাড়ি এলাম পণ্ডিত। অতিথি। রাতে আবার বেরুতে হবে কি-না! কাজ আছে। তাই আর কুঠি অবধি ফিরে গেলাম না। বলে সে বাঁকাহাসি হাসল।

তুর্গাকে ডাক দিয়ে পশুপতি বলন, বড্ড কট্ট হয়েছে, থিদেও পেয়েছে।
থাবার দাও।

হেলিকে দেখিয়ে বলে, আর এক ঘটি গরম জল নিয়ে এস দিকি তাড়াতাড়ি। সাহেব হাত-পা থোবেন।

তুর্গা সমন্ত্রমে অভ্যর্থনা করে, আহ্বন-আসতে আজ্ঞা হয়।

পীতাম্বর বিপন্ন ভাবে চুপিচুপি মেয়েকে বললেন, সত্যি যে এসে উঠল। কি করি বলু তো এখন ?

আপনার লোক বলে জান্ধে তাই এসেছে—

সংক্ষেপে বাপের কথার জবাব সেরে ওদের সঙ্গে সংশ্ব সে বৈঠকথানায় এল। পশুপতির দিকে চেয়ে কলকঠে বলল, বীরসজ্জা ছাতুন। ভাল হয়ে বসবেন চলুন উপরের ঘরে।

নড়বড়ে ভাঙা সিঁড়ি, দোতলার সঙ্কীর্ণ ঘর, আমের ডাল হয়ে পড়েছে

আনলার কাছে। ছ-জনকে বসিরে সেই বে ছুর্গা চলে গেছে, আর দেখা নেই।

শুপুরে পোলমালের মধ্যে খাওয়া-লাওয়া হয় নি। খাপ্রেও তাবে নি, এত হালামা
পোয়াতে হবে এইটুকু এক পাড়া শাসন করতে এসে। কিন্তু এত দেরি করে
কেন ছর্গা । খাবার তৈরি করে নিয়ে আসছে । হয়তো তাই। আগে আঙ্গে
খবর পাঠিয়েছে অবশু, কিন্তু সমন্তটা দিন যে ঝড় গ্রামের উপর দিয়ে বয়ে গেছে
তাতে মাথার ঠিক থাকে কি কারো । তাদের নিজেদেরই ছিল না, আর এরা
তো নিরীহ নির্বিরোধী সেকেলে-পশুতের পরিবার।

আমগাছে বাহড় ঝটপট করছে। ছ-ছ করে হাওয়া বয়ে গেল, পুরামো জীর্ণ চাটুজ্জে-বাড়ি সহস্র পদশব্দে বেজে উঠল যেন। আমডালের ক্ষর্কারের দিকে চেয়ে পশুপতির রোম খাড়া হয়ে ওঠে, দাঙ্গায় আহত মাহ্যশুলোর আর্তনাদ নিঃশব্দতার মধ্যে যেন কানে ভেসে আসছে।

এতক্ষণে কিন্তু হুর্গার আসা উচিত। নাড়ি হজম হয়ে যাবার জোগাড়—আর সে বোড়শোপচারে আয়োজন করছে নিশ্চয় বসে বসে। কুঠির সাহেব বাড়িতে বসে থাবে, এদের পক্ষে এ স্বপ্নাতীত ব্যাপার। হেলিকে এনেই মুশকিল হয়েছে, মনের মতো করে না সাজিয়ে তার সামনে থালা আনবে না কিছুতেই। এলে পশুপতি মুথ ফিরিয়ে থাকবে, কথা কাবে না হুর্গার সঙ্গে। থিদেয় টলে পড়ে যাজি, দেখে গেলে—তাড়াতাড়ি কিছু ব্যবস্থা করা উচিত ছিল না কি তোমার ?

পারের শব্দ। কান পেতে শুনছে পশুপতি। সিঁড়ি বেরে শব্দ উঠে আসছে খীরে ধীরে। ছ-চোথের উদগ্র দৃষ্টি স্থাপিত করে সে তাকাল। হাঁ, ছর্গাই। এতক্ষণের ভেবে-রাখা অভিমানের কোন কথাই এল না পশুপতির মুখে। স্লিশ্ধ কঠে রলে, এলে ? र्गा-

ঘরে এল তুর্গা। কুলুলির প্রদীপটা উচু করে ধরল সিঁড়ির দিকে। আলোঁ পড়ে অপক্ষপ ঔজ্জন্য ফুটেছে তার কালো মুখে। সিঁড়িতে অনেক লোক। এদের দেখিয়ে দেয়, এই যে—সেবারের পালানো আসামী। আর এই সাহেব, কেশব-দাকৈ যে খুন করেছে—

এর পরের কথা সঠিক কিছু বলতে পারব না নিশিকান্ত। এ-ও যা বললাম নিভান্তই গল্প, ঠাকুরমার কাছে শুনেছি। গ্রামের যে-কোন মুক্ববীর মুখে শুনতে পাবে নোটামুটি এই কাহিনী। উত্তরপাড়া আছে আজও। চাটুজ্জে-বাড়ি বলতে লোকে একটা উচু চিবি দেখিয়ে দেয়। দলিলপত্রে পাওয়া যায়, নীল-বিদ্রোহের পরেই ইণ্ডিগো-কোম্পানি নামমাত্র মূল্যে জয়রামপুরের কনসারন বিক্রিক করে দেন নামখানার চৌধুরীদের কাছে। চৌধুরীরা চালাতে পারলেন না। কনসারনের সমস্ত কুঠি বন্ধ হয়ে গেল বছর চার-পাঁচের মধ্যে।

কাজকর্মেও লোকজনের যাতায়াতে নীলখোলা সমন্তটা দিন সরগরম থাকত—
ভার আজকে দেখলে নিশিকান্ত তার অবস্থা। নাটা, বৈচি ও কালকাম্পুলের
জ্বল, দেয়ালের ফাটলে সাপের আন্তানা, জঙ্গলে লাঠি পিটলে বুনো-শুয়োর
বেশ্-বেশ্-বি করে বেরিয়ে পালায়। কোথায় সেই টুইডির দল! ঠাকুরমার মুখে
এবং এর-তার মুখে শোনা গল্পের টুকরো সাজিয়ে গুছিয়ে দিব্যি তোমার কাছে
প্রত্যাক করে বলে গেলাম। বন নিজের চোখে দেখেছি। কিন্তু গল্প গল্পই।
কেশব বলে একজন ছিল বটে, কিন্তু গুর্গার সঙ্গে তার ভালবাসা ছিল—না-ও
হতে পারে এমনটা। সেকালের সহদ্ধে স্পষ্ট কোন ধারণা নেই—এখনকার কালের
মাহ্যযগুলোকে আন্দাজি পুরানো ছকে ফেলে গল্প জমাই। তবে এটা ঠিক,
নীলকরদের বিক্লছে হালার হাজার গ্রাম্য রায়ত কথে দাঁড়িয়েছিল, সাদা

সাহেব বলে আতহ খুচে নিরেছিল সেই দুর অতীতেই। তাদের এমন অমিরে-তোলা ব্যবসা অসম্ভব করে তুলেছিল। তথু জয়রামপুরের এই একটা মাত্র নর—এক এক করে বাংলার সমস্ত কলসারন এদেশী ধনীদের কাছে বিজিক্তরে তালা বিদার নিতে লাগল। ধরিদ্ধার অভাবে তালা পড়ল কোন কোন কুঠিতে। জার্মান ল্যাবরেটারির সন্তা নীল এসে পড়ায় নীল-চাষ বন্ধ হরে গেল—এমনি একটা কথা সাহেবেরা রটনা করে নিজেদের মুখ রক্ষার জন্তা। কিন্তু বুরোদেখ নিশিকান্ত, জার্মানিকে নির্গোলে ব্যবসা ছেড়ে দিয়ে স্বেচ্ছায় বানপ্রেম্ব নেবে—তেমনি পাত্র কি ওরা? একালের ছেলেরা নীল-চাবের কথা বইরে পড়ে পাকে, চোথে দেখে নি। বিল্পু ম্যামথের কন্ধালের মতো এগ্রামে-ওগ্রামে ছড়ানো নীলকুঠির ধ্বংসাবশেষগুলো না থাকলে তাদের বিশ্বাস করানো শক্ত হয়ে দাড়াত নীলকুঠি ও নীল-বিজ্যাহের কাহিনী। তেমনি আমার মনে হয়, আর এক শ' বছর পরে আগামী কালের ভাগ্যবান ছেলেরা ভারতবর্ষে ইংরেজ-প্রভূত্বের ইতিহাসে-পড়া কাহিনীও বিশ্বাস করতে চাইবে না; এখনকার এই বিক্তর দিনের কণামাত্র ছায়া পড়বে না তাদের শাস্ত কিশোর মনের উপর।

নীলের ব্যবসা বন্ধ হলেও সাহেবদের আনাগোনা বন্ধ হয় নি কথনো জয়রামপুরে। টুইডির আমলে গ্রাম পত্তনি নেওয়া ছিল—কুঠির হাতায় একটা বরে কাছারি বসিয়ে নায়েব-গোমন্তা রেথে কিন্তিতে কিন্তিতে থাজনা আদায় হত। পৌষ-কিন্তির সময় বেশি জমজমাট হত কাছারি। ধান কাটার মুখে বাদায় অনেক পাথী এসে পড়ত, শহর থেকে সাহেবেরা দল বেঁধে আসত পাথী শিকার করতে। ত্থ-মাছ তরিতরকারি প্রচুর মিলত ঐ সময়টায়। কুঠিবাড়িতে অহরহ মেলা জমে থাকত।

ভুধু এই সামাক্ত সম্পত্তির ব্যাপারে এত দ্র টানা-পোড়েন পোষায় না। লারমোর নামে একজন নৃতন ব্যবসা ফেঁদে বসল। নীলের চাষ গিয়ে পাট- চাবের বেশি চলন হরেছে—হাটথোলার পাশে ভজার ধারে টিনের ঘর বেঁথে লারমোরের পাটের গুলাম হল। লারমোরকে লালমোহন সাহেব বলত চাবাভ্রা সকলে। পাটের মরস্থমে লারমোর নিজে এসে চেপে বসত। প্রচুর পাট কিনে গাঁইট বাঁথা হত, পরে কলকাতার চালান দিত মনের মতো দর পেলে। ভজা মজে আস্ছিল। এই সময় ছোট-লাইন বসল, লারমোরের ব্যবসার স্থবিধা হল এতে। শুধু নৌকাযোগে নয়, স্থলপথে খ্ব অল্প সময়ে পাট চালান যেতে

রেলগাড়ি ধোঁয়া উড়িয়ে জয়য়ামপুরের ভিতর দিয়ে প্রথম যেদিন স্টেশনে এসে দাড়াল, গ্রামবাসী সকলের কি উৎসাহ আর উত্তেজনা! নিতান্ত ছেলেমাছ্রম আমি তথন। গোড়ায় একথানা মাত্র গাড়ি দিয়েছিল—সেইটে সকালবেলা ছুটত শোলাদানা অভিমুথে, বিকালে আবার আগরহাটি ফিরে যেত। শোলাদানা নোনা জায়গা—মাছের সায়র ছিল, স্থলরবন অঞ্চলের অনেক মাছ আমদানি হত ওখানে। ঐ মাছ এবং মধ্যবর্তী বিভিন্ন জায়গা থেকে পাট ও মাছর চালান যাবে, এই ভরসায় এক বিলাতি কোম্পানি লাইন খুলেছিল। আমাদের জয়য়য়মপুরে রেলের ওয়ার্কশপ হল। এই উপলক্ষে অনেক ফিরিলি কর্মচারী সপরিবারে এসে উঠল পুরানো সাহেবপাড়ায়। অনেক নৃতন বাংলো উঠল, পাড়ায় শ্রী ফিরল। হাটও খুব জাকিয়ে উঠল লাইন খোলার পরে থেকে। গাড়ি অনেকক্ষণ থাকত এখানকার স্টেশনে, মাছ্য ও বিস্তর মালপত্রের ওঠা-নামা হত।

কার্জন বাংলাদেশকে ছ-টুকরো করেছে, তাই নিয়ে আমাদের গ্রামেও সোরগোল। তথন ফাস্ট ক্লাসে পড়ি। বছর ঘুরে আবার তিরিশে আখিন এক—বন্ধ-বাবচ্ছেদের তারিথ। পাজিতে পর্বদিনের নির্ঘটের ভিতর ছেপে দিয়েছে—ছাতীয় রাথিবন্ধন ও অরন্ধন। ভারাক্রান্ত মনে ইন্ধুলে গিয়েছি। পাঠশালায় পর্যন্ত ছুটি—আমাদের ইন্থুল পোলা আছে, ইন্থুল-কমিটির প্রেসিডেন্ট লারমোর সাহেব ঐদিন ইন্থুল-পরিদর্শনে আসছেন বলে।

নীলকমল দাশ আমাদের ক্লাসে ইতিহাস পড়াতেন। ফর্শা রং, লখা-চওড়া চেহারা, মাথার সামনের দিকে টাক। ফরিদপুরের দিকে কোথার বাড়ি, চাকরির ধান্দার ঘুরতে ঘুরতে জয়রামপুরে এসে পড়েন। চমৎকার পড়াতেন, অল্লদিনেই ছেলে-মহলে খুব নাম হল। তথনকার দিনে একথানা ইতিহাস পড়তে হত—'ভারতে ইংরেজের কার্যাবলী'এই গোছের নাম। ইতিহাস আদপেই নয়—ইংরেজ আমাদের আধা-অসভ্য ভারতবর্ধে রেলগাড়ি টেলিগ্রাফ পোস্ট-অফিস ইত্যাদি সহবোগে স্থরলোক রচনা করেছে, বইটার আতোপান্ত তারই ফিরিন্ডি। নীল-কমল মাস্টারের গজীর কণ্ঠন্থর গম-গম করে ক্লাসের মধ্যে বাল্লত, এক সেকেগুও ফাঁকি দিতেন না তিনি। সমন্ত ঘণ্টা পড়িয়ে অবশেষে মন্তব্য করতেন, যা পড়ালাম—আগাগোড়া মিথ্যে কথা। পেটের দায়ে ইংরেজ এসেছিল এদেশে, ছল-চাতুরী করে এখন অধীশ্বর হয়ে বসেছে। যা-কিছু করেছে, সমন্ত নিজেদের প্রভূষ বজায় রাথবার স্থবিধা হবে বলেই। পেটের দায়ে আমাদের এই আল্লগুরি ইতিহাস পড়িয়ে যেতে হচ্ছে। তোমরাও মুথস্থ করছ ভবিন্ততে পেট চালানোর স্থবিধা হবে বলে।

বলে তিনি হেদে উঠতেন।

দেদিনও তাঁর ক্লাস। কিন্তু মুথে হাস্থালেশ নেই। ইতিহাসের বই মা ধূলে বাংলাদেশের একথানা ম্যাপ এনে দেয়ালে টাঙালেন। আমাদের এক-জনের কাছ থেকে একটা ফল নিয়ে ম্যাপের উপরে সেটা দিয়ে তুই বাংলার সীমানা দেখিয়ে দিলেন। বললেন, আজকের দিনে বিশেষভাব উপলব্ধি কর— কি দশা করেছে আমাদের। সোনার বাংলা কেটে তু-ভাগ করেছে বাঙালীর আগশক্তি বিচ্লিত করবার জন্ত। হঠাৎ তিনি থেমে গেলেন, উপাত অশ্র সামলে নিচ্ছেন মেন। তাঁর ব্ৰথানাই চিরে ত্-ভাগ করেছে, ভাব দেখে এমনি মনে হল। বড্ড কষ্ট - হচ্ছিল আমাদের।

বারাজ্যর দিক থেকে হেডমাস্টারের উত্তেজিত কণ্ঠ শোনা গেল। চিৎকার করে ছকুম দিলেন, ফটক বন্ধ করে দাও। এই দিকেই আসছেন তিনি, জুতার মসমস আওয়ার পাওয়া যাচছে। নীলকমল মাস্টার তাড়াতাড়ি দেয়ালের ম্যাপ গুটিয়ে একথানা বই টেনে নিয়ে, পাতা উলটাতে লাগলেন। গোড়া থেকে শেষ অব্ধি উলটিয়ে যান, আবার গোড়ায় আসেন। একটি কথাও বেরুছেে না মুথ দিয়ে। রাস্তায় মূহমূহ বন্দেমাতরম্-ধ্বনি। স্বাই আমরা কৌতৃহলী, কিন্ধ হেডমাস্টারের আতকে গলা বাড়িয়ে বাইরে তাকাবারও সাহস নেই। লক্ষণ বাইরে গিয়েছিল—তোমাদের আজকের সভার সভাপতি লক্ষণ মাইতি, আমাদেরই সহপাঠী সে। ছুটতে ছুটতে সে এসে ঘরে ঢুকল।

नीनकमन मांजीत जिज्जांना कतलन, कि तत अमितक ?

লক্ষণ বলল, বড্ড মারধোর করছে। প্রাফুল-দার মাথা ফাটিয়ে দিয়েছে। রাস্তার পগারে অজ্ঞান হয়ে তিনি পড়ে গেছেন।

কোন প্রফুল ব্রুতে পারলে নিশিকান্ত? বৃড়ি-মেমের কুঠিতে যে হাসপাতাল করে দিয়েছে, আজকের উৎসব-সভার প্রধান উত্যোক্তা। চাল-সাপ্লাইয়ের কাজে ইদানীং তার প্রচুর টাকা। নৃতন যে বাড়িটা করেছে, এ অঞ্চলে তেমন বাড়ি আর নেই। সেই যে মাথা ফাটিয়ে দিয়েছিল, তার শতগুণ পুঞ্জার দিলেছে জীবনে! ফাটা-মাথার দৌলতে সে এখন এসেম্বলির মেম্বর। অচিরেই স্বাধীন দেশের মন্ত্রীর গণিতে সমাসীন হবে, এই রকম শোনা যাছে। আমাদের ত্-ক্লাস উপরে পড়ত প্রফুল, সেই তিরিশে আধিন তারিথে সে ইম্বল আসে নি। ভোরবেলা দল বেঁধে ভদায় লান করে তারপর এ-এর হাতে হলদে

রাধি পরিয়ে বেড়াজিল, আর বিলাতি কাপড় সংগ্রহ করে তুপাকার করছিল বিকালবেলা হাটথোলায় নিয়ে আগুন দেওয়া হবে সকলের সামনে। বাবার চোথ এড়িয়ে আমিও একবার ওদের সক্ষে খানিকটা বেড়িয়ে এসেছি। প্রক্রের সৌভাগ্যে কর্বা বোধ করছিলাম। বাবার কড়া শাসন না থাকলে আমিও কিছুপচাপ ক্লাসে এসে বসতাম আজকের দিনে? এই যে শোনা গেল, মার খেরে সে ধরাশায়ী হয়ে আছে—এর জন্তও হিংসা হচ্ছে প্রফুলর উপর।

নীলকমল মাস্টার বইয়ের পাতা উলটানো বন্ধ রেথে মুহুর্ত কাল টেবিলের দিকে চেয়ে রইলেন। কি ভাবছিলেন, কে জানে। তারপর আমাদের দিকে দৃষ্টি বিসারিত করে বলে উঠলেন, বন্দেমাতরম্ বলা বেআইনী হয়ে পেছে। রাস্তাঘাটে চেঁচামেচি করে থবরদার কেউ ডেপোমি করতে যাস নে।

চেয়ার থেকে উঠে সামনের দরজা বন্ধ করে দিলেন। বললেন, এন্ত গণুগোলে পড়াশুনো হয় ? অনেক সময় নই হয়েছে। চুপ কর তোমরা এইবার। আমি বললাম, চুপচাপ বসে থাকি। আজকে আর পড়াবেন না। ক্রকুটি করে তিনি প্রশ্ন করলেন, কেন ?

বাইরে ভূম্ল কাগু। ছয়োর এঁটে শাস্তমনে পড়াগুনোর সময় কি এখন । নীলকমল মাস্টার বললেন, বড় লড়াইয়ের ভিতর কারখানা এক মিনিটও বন্ধ রাখা চলে না। ঠাণ্ডা মাথায় মাপ মিলিয়ে কারিগর বারুদ-গোলাগুলি তৈরি করে।

একটি ছেলে বলল, আমরা বুঝি গোলাগুলি মাস্টার মণাই ? ইকুল কারখানা ?

গোলা-বারুদের চেরে ঢের বেশি জোরালো অস্ত্র তোমরা। দেশে রক্তের বক্তা বয়ে যাবে, সেদিনও ইঙ্কুল-কলেজ বন্ধ রাখা যাবে না একটা দিনের জক্ত। আর একটা কথাও না বলে তিনি ইতিহাস পড়াতে লাগলেন। সিপাহী- বিজ্ঞাহের অধ্যার পড়ালেন। যা পড়াছেন, ছাপা-বইরের সঙ্গে তা মেলে না ।
সেই প্রকটা দিন পড়লাম বটে নীলকমল মাস্টারের কাছে, আজকে বুড়ো বয়সেও:
তার স্থতি ভূলতে পারি নি। স্বাধীনতার জন্ম এই যে আমরা স্থানীর্য সংগ্রাম করে
চলেছি, সেদিন তারই যেন এক পশ্চাৎপট আমাদের কিশোর মনের উপরে
তিনি এঁকে দিলেন, ভারতের প্রথম ইংরেজ-বিতাড়ন ব্যর্থ ঘটনা-পরম্পরার বর্ণনা
করে। তাঁর মাস্টারি-জীবনের সেদিন শেষ পড়ানো—কোন দৈবশক্তির বলে
থেন টের পেরেছিলেন, তাই তিনি অমন প্রাণ ঢেলে পড়ালেন।

ঘণ্টা শেষ হয় নি, হেডমাস্টারের নিথিত ছকুম এল—সকলকে মাঠে যেতে ছবে তথনই। প্রেসিডেন্টের সামনে ইন্ধুলের সমস্ত ছেলে একসন্তে ছিল করবে, ক'দিন থেকে তার তোড়জোড় চলছিল। ছিলের পর সাহেব ছেলেদের সম্বোধন করে ছ্-চারটে উপদেশ দেবেন। কিন্তু সে তো এখন নয়, প্রেসিডেন্ট খুরে খুরে সমস্ত ক্লাস পরিদর্শন করবেন—তারপর। আমরা এ-ওর মুথে তাকা-ভাকি করি।

গিয়ে দেখলাম, কান্ত গাঙ্গুলী, আমাদের অনেক নিচে পড়ে—তাকে নিয়ে ব্যাপার। লারমোর সাহেব আর হেডমাস্টার মাঠের প্রান্তে পাশাপাশি ত্-থানাঃ চেয়ারে বসেছেন। ইস্কুলের দারোয়ান তাঁদের ঠিক সামনে দৃচ্মুষ্টিতে কানাইর হাত ধরে আছে। হেডমাস্টারের মুখে-চোখে খেন আগুনের হলা বেরুছে। সকল ছাত্র হাজির হলে তাদের সামনে খ্ব জাঁকালো রকমের শান্তি দেবেন—
এইজন্ম বছ কঠে ধৈর্থ ধারণ করে আছেন।

কান্থ—আমাদের কানাই। ফুটফুটে অতি হুন্দর চেহারা বলে ইস্কুলহুদ্ধ স্বাই ভালবাসত কান্তকে। ক-বছর আগেকার কথা—প্রথম যেবার কান্ত ভরতি হল। তথন তার আরও কম বয়স। এই নীলকমল মান্টারই ক্লাসে প্রভাছিতেন, কান্ত ভকনো মুখে বারান্দার ঘুরে বেড়াছিল। নীলকমল হাতছানি দিয়ে তাকে ডাকলেন। উক্ষ কণ্ঠে বললেন, ক্লাস ফাঁকি দিয়ে এখানে বেড়াচ্ছিস যে তুই ?

ভাগ লাগে না মাস্টার মশাই।

তার কোমল স্থরে মুহুর্তে নীলকমল মাস্টারের রাগ জল হলে গেল। ছোট শিশু, মা-ভাই-বোনের কাছ-ছাড়া হয়ে এসেছে—ইন্ধুলের এত ছেলে, মাস্টার ও নিয়মকাছনের মধ্যে নিজেকে নিতান্ত একলা মনে করছে। গলা নামিয়ে তিনি বললেন, তা বারান্দায় বেড়াস নে ও-রকম; হেডমাস্টার দেখলে রক্ষে রাখবে না। বেড়া গলে বেরিয়ে যা বাঁশতলা দিয়ে। কুমোরেরা ঐদিকে হাঁড়ি-মালসা পোড়াচ্ছে, দেখে আয়।

নীলকমলের মতো রাশভারি মাস্টার আমাদের সকলের সামনে অবলীলা ক্রমে এই এক ফোঁটা ছেলেকে ইঙ্কুল পালাতে পরামর্শ দিলেন। সেই নিরীহ শিশুর ইতিমধ্যে এমন উন্নতি হয়েছে যে তার শান্তি-গ্রহণের সাক্ষী হবার জন্ম শিক্ষক-ছাত্র সকলে মাঠে এসে দাড়িয়ে আছি কাঠফাটা রোন্তের মধ্যে। আমরা সবিস্ময়ে বলা-কওয়া করি—হাবা ছেলেটা কি কাও করে বসেছে না জানি, যার জন্মে কচি মাথার উপর বজ্ব-নিক্ষেপের এই আয়োজন!

অবশেষে অপরাধ জানা গেল। কাহুর ক্লাসের একটি ছেলে চুপিচুপি বলল।
লারমার হেডমাস্টারের সঙ্গে ক্লাস পরিদর্শন করে বেড়াচ্ছিলেন। কাহুদের
ক্লাসে গিয়ে সত্পদেশ দান করছিলেন, ছেলেরা এই যে 'বন্দে মাতরম্' বলে
হল্লা করে বেড়াচ্ছে, ধামা ধামা বিলাতি হুন এনে পুকুরের জলে ঢালছে, বিলাতি
কাপড়ে আগুন দিচ্ছে—এ সমস্ত অত্যন্ত অহুচিত, ছাত্রদের শুধু একমনে পড়াশুনা
করাই কর্তব্য। স্থারেন বাঁড়ুজ্যের নামে খুব গালিগালাজ করলেন এই প্রসঙ্গে।
কাহু উঠে সাহেবের কাছে এল। তার নধর স্থানর চেহারা দেখে প্রসন্ধ হাসি
ফুটল সাহেবের মুখে, কি চাই—বলে সঙ্গেহে তাকে প্রশ্ন করলেন। কাহু মুখে

কিছু না বলে একগাছি হলদে রাখি পরাতে গেল সাহেবের হাতে। পরাতে পারে নি, সাহেব ধান্ধা মেরে তাকে সরিয়ে দিলেন।

সকলে সারবন্দি দাঁড়িয়ে আছি। একবার কাহর দিকে আর একবার হেড-মাস্টার ও লারমোর সাহেবের দিকে তাকাই। হেডমাস্টার হুকার দিয়ে উঠলেন, সকলের সামনে সাহেরের পা ধরে মাপ চা, নয় তো রক্ষে নেই। নিজের কান নিজে মল। বল, আর ক্ষনো এমন করব না।

কাম জবাব দেয় না, ঘাড় গুঁজে দাড়িয়ে থাকে। হেডমাস্টার এক থাপ্পড় ক্ষিয়ে দিলেন তার গালে। কাম পড়তে পড়তে সামলে নিল। তেমনি স্থামর মতো সে দাড়িয়ে আছে। রাগে কাঁপতে কাঁপতে তিনি অফিস-ঘর থেকে বেত নিয়ে এসে সপাসপ কামুর পিঠে মারতে লাগলেন।

নীলকমল মাস্টার ছুটে গিয়ে কাহকে জড়িয়ে ধরলেন। ব্যাকুল পক্ষীমাতা যেমন পালক দিয়ে ঢাকে শাবককে।

হেডমাক্টার বললেন, সরে যান নীলকমলবাবু। এত বড় শয়তানের উপর স্বয়া দেখাতে চান ?

নীলকমল বললেন, সাহেব ইন্ধুলের প্রেসিডেণ্ট— আমাদের আপনার লোক।
তাই একটা রাখি পরাতে গিয়েছিল। এই সামান্ত ব্যাপারে এত উত্তেজিত
হয়েছেন কেন আপনারা ?

হেডমাস্টার বজ্ঞকঠে ধনক দিয়ে উঠলেন, সরে থেতে বলছি, আপনি তা ওনবেন না? বুঝতে, পারি না, আপনি কি করে উৎসাহ দেন এ ব্যাপারে।

नीनकमल मान मरकारक हारतामत्र वित्रमिनहे छेरमाह मिरव अरमरह ।

লালমোরের রোবদৃষ্টি কিখা হেডমাস্টারের আফালনে কিছুমাত্র দিক্পাত না করে কাশ্বর হাত ধরে তিনি বেরিয়ে গেলেন। হেডমাস্টার চেঁচিয়ে বললেন, স্পার ঢুকবেন না কোনদিন ও-ফটক দিয়ে। প্রেদিডেন্টের স্মুম্ভিক্রের স্থাপনাকে বর্থান্ত করা হল।

নীলকমল বললেন, ইস্কুলটাকে আপনারা জল্লাদথানা করে তুলেছেন। **কচি** ছেলেপুলের উপর জল্লাদ-বৃত্তি করা পোষাবে না আমারও।

নীলকমল আর ইঙ্কুলে চোকেন নি। ক'টি ছেলে পড়াতেন আর থাতা লিখতেন হাটথোলায় এক মহাজনের গদিতে। একলা মান্থয—নিজে রায়া করে থেতেন—এতেই চলে যেত। কিন্তু কান্থ ফিরেছিল। তার বাবা মহামহোপাখ্যায় হরিচরণ স্থায়তীর্থ এ অঞ্চলের সর্বশ্রেজয়। সাহেবপাড়াতেও তাঁর থাতির ছিল। একবার এই লারমোরের জন্মই বছ আয়োজনে তিনি তিন দিনব্যাপী শান্তিস্বত্যয়ন করেছিলেন। কান্থর বৃত্তান্ত কানে গেলে সেই বিকালেই স্থায়তীর্থ মশার ছেলেকে হিড়হিড় করে টেনে এনে হেডমাস্টারের সামনে হাজির করলেন।
লারমোর তথনো চলে যান নি। বৃদ্ধ আহ্মণ করজোড়ে কাকুতি-মিনতি করতে লাগলেন। তাঁর বড় ছেলে এই ইঙ্কুল থেকে বৃত্তি নিয়ে পাশ করেছে, এখনো সে সাহেবস্থবো ও প্রাজনের মুখের দিকে চেয়ে কথা বলতে সাহস করে না। আর এই একফোটা ছেলের এই রকম ছ্প্রার্ত্তি—নিশ্চয় কুসঙ্গে পড়ে এমনটা হয়েছে। ন্যায়তীর্থ মশায় হায় হায় হয়র করতে লাগলেন।

কাহর অপরাধের মার্জনা হল। যথারীতি সে ইস্কুলে পড়াণ্ডনা করতে কাগল। কিন্তু কুসন্ধ ছাড়াতে পারলেন না হেডমাস্টার বা স্থায়তীর্থ মশার অহরহ সতর্ক দৃষ্টি রেখেও।

क्राम्बद्र (मद्योत्न क्री ९ এक्रिन এक्थाना कांग्रक क्यों है। (मथनाम---

লারমোর ও তাঁহার তাঁবেদার ঐ হেডমাস্টার ত্রৈলোক্য গড়গড়িকে **আমরা**ফক্ষের পলকে শেষ করিতে পারি। কিন্তু মশা মারিবার জন্ম তোপের **অপব্যয়**করিব না। অস্ত্রবলে ইংরেজকে দুর করিব, তাহারই বিরাট আয়োজন

হইতেছে। আমরা তোমাদের মধ্যেই রহিয়াছি। যে কেহ আত্মদান করিতে চাও, অতি সহজে সন্ধান পাইবে।

সন্ধান পেরেছিলাম। আমি, কার ও আরও অনেকে। অস্ত্রের বিরাট আয়োজনই বটে! ইম্পাতের নয়—সর্বত্যাগী শত শত বীর কিশোরের দেশ-প্রেম ও বীর্ষের অস্ত্র।

হাল ফ্যাসানের বাড়িটা দেখছ অবাক হয়ে। পল্লীগ্রামে এমন বাড়ি তুর্লভ। প্রফুল্ল তৈরি করেছে—এরই কথা বলছিলাম নিশিকাস্ত। বিয়ালিশ সালে আমরা জেলে ছিলাম, তথন মিলিটারি সাপ্লাইয়ে এবং পরের বছর তুর্ভিক্ষের সময় চাল ধরে রেখে সে দেনার টাকা কামিয়েছে। বেনামী ব্যবসা—কাগজে-শত্রে কোথাও ধরা-ছোওয়া পাবে না। সব্যসাচী নাম দেওয়া চলে প্রফুল্লর—অর্থার্জন আর দেশসেবা একসঙ্গে দিব্যি চালিয়ে যাচ্ছে।

বিরালিশের আন্দোলনে শেষবার জেলে গিয়েছি। শেষবার বলা ঠিক হল না হয়তো। স্বাধীন-ভারত হলে কি হয়, আমাদের কথা বলবার জো নেই। গাজনের সয়াদীর অবস্থা হয়েছে, ঢাকের বাজনা শুনলেই পিঠ স্থড়স্থড় করে ওঠে। ইংরেজের সঙ্গে অসম-সংগ্রামে দীর্ঘকাল লাঞ্ছনা-নির্যাতন সয়ে সয়ে বড় স্পর্শকাতর হয়ে আছি আমরা। কামুর কথা প্রভাস মহারাজের কথা আরও কভজনের কত কথা মনে আসে! তাদের নিষ্ঠার মধ্যে একতিল ফাঁকিছিল না—তেমনি তাদের আস্মাদানে অর্জিত স্বাধীনতার মধ্যে একবিন্দু মালিজ সয়্থ হবৈ না আমাদের। এরকম মনোর্ভি নিয়ে কতদিন চলতে পারব

কিন্তু পাক এ সব। এক বছরের জেল হয়েছিল, সে তো আমাদের কাছে একদিনের স্দি-জ্বের সামিল। জেল থেকে বেরিয়ে কিছুকাল এদিক-সেদিক

ঘোরাঘ্রি করে গ্রামে এসেছি। প্রফুল এল দেখা করতে। কেন জানি না, আমার সে অত্যন্ত থাতির করে। অথচ নির্বিরোধী মাহ্ব আমি, চালের কারবারের তথ্য-উদ্ঘাটনে লেগে যাব—এমন আতঙ্ক নিশ্চরই তার নেই আমার সম্পর্কে। ইংরেজ ছাড়া কেউ কোন দিন আমার শক্র নয়। ইংরেজও আর শক্র থাকবে না যদি সরল মনে সত্যি সত্যি নিঃসম্পর্ক হয়ে যায় এদেশের সক্ষে—নাক ঢুকিয়ে ফের শয়তানি করতে না আসে।

প্রফুল বলল, ভাল হয়েছে—তুমি এসে গেছ। শুনেছ বোধ হয়, স্থাপলার মা'র বাড়ির জায়গাটা কিনে আমি বাড়ি তোলবার ব্যবস্থা করছি। হাসি কি করে টের পেয়ে গেছে কাতুর সমস্ত বুতাস্ত।

আজকে ঢাক-ঢোল বাজিয়ে প্রফুল আমাদের সেকালের গোপন কাহিনী কাহির করে বেড়াবে। তাতে তার পশার বাড়বে, আথেরের স্থবিধা হবে। কিন্তু সেদিন স্বাধীনতা আসে নি। তাই চারিদিক সন্তর্পণে তাকিয়ে চুপি-চুপি প্রকুল বলল, একসময় গিয়ে জায়গাটা নিরিথ করে দিয়ে এস। আমি পেরে উঠলাম না। জায়গা সাব্যস্ত হলে আলাদা করে বিরে সেথানে কায়ুর শ্বতিক্ত গোঁথে দেব।

ত্-একদিন অন্তর এসে ঐ কথা তোলে। তাগিদ দিয়ে দিয়ে অন্তর করে তুলন। শেষকালে একদিন কোদাল আর কয়েকটি ছেলে নিয়ে চলে এলাম এখানে। সেকালের মতো এখনকারও কিশোর একদল আমায় ভালবাসে, সঙ্গে সঙ্গে ঘোরে, যা বলি তথনই তামিল করে।

খোঁড় দিকি এই জায়গায়। হাত তিনেক খুঁড়লেই বোঝা যাবে। খোঁড়। আছো, আর খানিক দক্ষিণে গিয়ে খোঁড়—যতক্ষণ না পাদ্, এমনি খুঁড়তে খুঁড়তে তল যা। নিশ্চয় পাওয়া যাবে।

খুঁড়ছে তারা। কড়া রোদ, দর্বাঙ্গে ঘামের স্রোত বয়ে যাছে। খুঁড়ে যাছে তবু।
একজনে প্রশ্ন করল, শুগুধন আছে নাকি দাদা এথানে ? •

সে কি আজকের ব্যাপার নিশিকান্ত? জোয়ান-য্বা ছিলাম, এখন বুড়ো হৈছে—ছেলেদের কথায় হাসি পায়। সভিয়, গুপ্তধনই বটে! এমন মণিমাণিক্য ক'টা জাত উত্তরাধিকার হতে পেয়ে থাকে?

হাসিমুখে আমি জায়গার নির্দেশ দিছি—উন্ত, এদিকটায় আর নয়। ডোবা ছিল, ডোবার পাশে আমবাগান। এখানে হবে কি করে ? কি হে, হাত-পা ভটিয়ে দাভিয়ে কেন ? তোমাদের ওধারেই হবে।

কোদাল মারতে মারতে কি অবস্থা হয়েছে দেখুন দাদা—

ষার দিকে চেয়ে বলছিলাম, সে হাত মেলে দেখাল। টুকটুকে ফরসা বড়লোকের ছেলে—কোদালের মুঠো জীবনে ধরে নি। হাত রাঙা হয়ে গেছে।

এত কষ্ট দিছিছ ওদের, তার জন্ম অপ্রতিভ হই। বললাম, কি করব—

খরতে পারছি না যে! তথন এরকম ছিল না—বনজঙ্গল, বাগিচা, ন্যাপলার

মা'র দো-চালা কুঁড়েঘর একথানা। অন্ধকার রাত্রি—তাড়াতাড়ি পুঁতে

কেলেছিলাম। জায়গার নিশানা রাখা হয় নি, আর সময়ও ছিল না ভাই।

আবার কোন দিন যে খুঁড়ে দেথবার দিন আসবে, একালের সোনার ছেলে
তোমরা কোদাল হাতে এসে জুটবে, সে কি ভাবতে পেরেছি সেদিন ?

উৎসাহ দিয়ে বলি, খোঁড়—গোঁড়াখুঁড়ি করতে করতে পেয়ে যাবে একটা কলসি। সোনার নয়, পিতলের নয়, মাটির কলসি।

কলসির ভিতর ?

সেই ফরসা বাবু-ছেলেটি বলল, সোনার মোহর—

স্বার একটি ছেলে বলে, মোহর আসবে কোখেকে? বড়লোক ছিলেন না ভো এঁরা—

বড়লোকেরা দিত। টাকা নইলে এত সব কাজ চলত কি করে ?
আমামি বললাম, দিত কি সাধ ২েরে রে ভাই!

সেই পুরানো কালের কথা ভেবে কন্ট হয়। কত শক্তি, উত্যোগ ও জীবন নষ্ট হয়েছে টাকা-সংগ্রহের ব্যাপারে! তরুণেরা প্রাণ দিতে অকুঠে এগিয়ে এসেছিল, কিন্তু টাকার সিন্দুক আগলে ছিল বড়লোকেরা। সঙ্কীর্ণদৃষ্টি তারা স্থপ্নেপ্ত ভাবতে পারে নি, মহা শক্তিধর ইংরেজকে বিদায় নিতে হবে অদূরকালে, সর্বরিক্ত স্পপ্রবিলাসী আমাদেরই দল জয়যুক্ত হবে।

একটি ছেলে আমার কথার পরিপুরণ দিল, দিত না বলেই তো এঁরা ডাকাতি করে আনতেন।

আমি হেসে বলি, ডাকাতি কথনো স্বীকার করি নি। বলে স্থাসা হত, দেশের কাজে ঋণ নেওয়া হচ্ছে, স্বাধীন-ভারতে স্থাদ সমেত পরিশোধ করা হবে। সেই সব উত্তমর্ণের উত্তরাধিকারীরা জাতীয়-ঋণ বলে স্বচ্ছন্দে টাকার দাবি করতে পারে আজকের গবর্নমেণ্টের কাছে। দেশের কাজেই লেগেছিল দে টাকা পুরোপুরি। এক একটা রিভলভারেরই জন্ম লাগত পাঁচ-শ' থেকে হাজার। কি রকম থরচ তা হলে বোঝ।

গাছতলায় ঘুরে ঘুরে এদিক-ওদিক তাকাছি। নজরের সে জোর নেই।
একেবারে অপরিচিতের মধ্যে এসে পড়েছি, এইরকম মনে হছে। গাছপালাবিহীন এই স্প্রশন্ত জায়গা, আশে পাশে উদ্ধৃত আধুনিক বাড়ি কয়েকটা—
সেকালের সঙ্গে কিছুতে এদের যোগ ঘটাতে পারি নে। ত্-তিন বছর পরে এক
একবার জেল থেকে বেরিয়ে ন্তন পরিচয় তুরু করি—ভাল চেনা-জানা হবার
আগেই অংবার ধরে নিয়ে আটকে রাখে।

বিকাল অবধি বিশ-পঁচিশ জায়গায় খুঁড়েও মাটির কলসি পাওয়া গেল না।
সন্ধ্যার পর অম্ল্য ডাক্তারের বাড়ি গেলাম। ডাক্তার ষথারীতি কলে বেরিয়ে
গেছে। ছ-হাতে রোজগার করছে সে-ও, তাকে বাড়ি পাওয়া তুর্ঘট ব্যাপার।
মান-ইচ্ছত খুব। প্রফুল্ল হাসপাতালের সঙ্গে সংশ্লিষ্ট তো আছেই—তা ছাড়া

গবর্ণমেন্টের পেয়ারের লোক হয়ে উঠেছে এই জয়রামপুরে থাকা সবেও। আর বেশি দিন এখানে থাকবে না জানি, কলকাতায় গিয়ে উঠল বলে ভাল সরকারি চাকরি নিয়ে।

তিন বার গিয়ে রাত্রি সাড়ে-ন'টায় ডাক্তারের দেখা পেলাম। মোটর-সাইকেল কিনেছে, সাইকেল চাকরের জিন্মায় দিয়ে উপরে উঠে যাচ্ছিল, আমাকে তাকিয়ে তাকিয়ে দেখে বারান্দায় এল।

চোথে আজকাল কম দেখছি অমূল্য ভাই, ঠিক ঠাহর করতে পারলাম না।
ভূমি নিশ্চয় জারগাটা দেখিয়ে দিতে পারবে।

কোন্ জায়গা ?

মনে পড়ছে না ? স্থাপলার মা'র বাড়িতে সেই যে রাত্তিবেলা—

আনেক দিনের কথা, মনে না পড়ার জন্ম অমূল্যকে দোষ দেওয়া যায় না। অবশেষে তার মনে পড়ল। এদিক-ওদিক তাকিয়ে নিচু গলায় বলে, আমাকে আর ও-সবের মধ্যে কেন দাদা? ও. বি. ই. টাইটেল দিয়েছে এবার আমাকে।

বল্লাম, ভোরবেলা বেড়াতে বেড়াতে গিয়ে তুমি একটু আন্দাজ দিয়ে এসো। বেড়াচ্ছ না বেড়াচ্ছ—কে দেখছে অত সকালে? ছেলেরা আজ সমস্তটা দিন জমি কুপিয়ে আধ্যরা হয়ে গেছে।

কবে কে আমার হাত এড়াতে পেরেছে বল নিশিকান্ত? এখনই দেখছ তো—তোমাদের এমন জরুরি মীটিং, তবু কাজকর্ম ফেলে গল্প শুনে বেড়াচছ তুমি এই বুড়োর সঙ্গে। অমূল্য ডাক্তারকে এইখানে এনে তবে ছাড়লাম। খুব ভোরবেলা—রাত আছে বললেও হয়—দেই সময়ে ছ-জনে এসেছি। আমবাগান কেটে ফাঁকা করে ফেলেছে। বাড়ির সীমানা ঠিক করে খুঁটো পুঁতেছে। ইট এনে ঢেলেছে গাড়ি গাড়ি, খোয়া ভেঙে পাহাড় জমিয়েছে।

অমূল্যর চোখ চকচক করে উঠল।

উ:—বিষম বাড়ি ফেঁদেছে তো, এতটা ক্লমি নিয়ে! এদিকে আঞ্চল বড় একটা আসা হয় না—এত বড ব্যাপার—তা জানতাম না।

ঘুরে ঘুরে সন্ধান করছে, কিন্তু মন তার ওদিকে। আবার বলতে লাগল, আদেষলির মেম্ব—মোটা মাইনে-ভাতা, তার উপর সাপ্লাইতে কম টাকা পিটেছে! ডাক্তারি না করে পলিটিক্সে নামলে মুনাফা অনেক বেশি ছিল দেখছি। আর আমার স্থযোগও ছিল—আধাআধি তো নেমেই ছিলাম। কি বলেন ?

অবশেষে সন্ধান হল জায়গাটায়। অমূল্যই দেখাল।

কাঁঠালগাছের গর্তের ভিতর মৌচাক হয়েছিল—মনে আছে দাদা ? এই যে সেই গাছের গোড়া। আপনার চোথ থারাপ বলে দেখতে পান নি। কাঁঠাল-গাছের গোড়া নিশানা করে খুঁড়তে বলবেন ওদের।…খুঁড়তেও হবে না, ভিতের মধ্যে পড়ে গেছে, খড়ি দিয়ে দেগে দিয়ে গেছে এই দেখুন। কত বড় বড় ঘর ফেঁদেছে—উ:!

অমূল্য দেরি করল না, মাহুষজন এদিকে এসে পড়বার আগেই অদৃভা হল।

ভিতের. মধ্যে পড়ে গেছে, শ্বনে আরও ব্যস্ত হয়ে ছেলেদের ভেকে নিয়ে এলাম। প্রফুল্লর এত হাঁটাহাটি তো এই ভয়েই—কবরের উপর পাছে বাড়ি

থোঁড—

মিন্তি-মজুরেরা হাঁ-হাঁ করে এল। এখানে কি মশাই ? আর যেথানে বা ইচ্চে করুন গে, ভিতের উপর কোদাল চালাতে দেব না!

বললাম, তোমাদের বাবুকে থবর দাও গিয়ে। তার কাছ থেকে ভনে এস,
্রে-ই বা কি বলে।

ছুটে চলল তারা। কাজ বন্ধ করি নি, ছেলেরা খুঁড়ে চলেছে। কিন্তু মানা করতে কেউ ফিরে এল না। পরে সরকারবাব্র মুথে শুনেছিলাম, ওদের যা কথাবার্তা হয়েছিল প্রফুল্লর সঙ্গে। প্রফুল অবহেলার ভাবে জবাব দিল, যাকরে, বুড়োমান্ত্র যা করছেন করতে দাও—

সরকার আশ্চর্য হয়ে বলল, এদিনে এদিকে-ওদিকে হচ্ছিল—আজকে বেশানটায় আরম্ভ করেছেন, তাতে আমাদের প্লানমতো কাজ করা কোন মতেই আরু চলবে না।

প্রফুল বলল, প্রান বদলাতে হবে তা হলে। চুপচাপ ছু-চারদিন তোমরা বসে থাক গে, ওদিকে যেও না। ওঁর যা করবার, উনি করে চলে যান।

ছ-চার দিনের আর দরকার হয় নি নিশিকান্ত, কলসি সেইদিনই পাওয়া গোল। ঠুক করে একটু আওয়াজ হল কোদালের আগায়। গাছতলায় বসে ক'টি ছেলের সঙ্গে আমি গল্পগুজব করছিলাম। ক্ষীণ শব্দ গুনে ছুটে এলাম সেই জায়গায়।

বেরিয়েছে? ইস, কানার কোপ ঝেড়ে দফাটি সেরে দিয়েছিস একেবারে!
কলসির কানা একটুখানি ভেঙে গিয়েছিল কোদালের কোপ্লেগে!
ছেলেরা নেড়েচেড়ে দেখবার চেষ্টা করছে কি আছে ওর ভিতর—যার জুন্ত এত
উঠে পড়ে লেগেছি ঐ কলসি আবিষ্কারের জন্ত। কিন্তু দেখবার কিছু নেই
আপাতত। মাটি চুকে কলসির ভিতরটা বোঝাই—সোনার মোহর ইত্যাদি যদি
থাকে তা ঐ মাটি চাপা পড়ে আছে। মাটি বের করে দেখবে তার আগেই

হাা—এইটেই। এইটে বলে মনে হচ্ছে। এক কাজ কর্—একটা খোঁটা পুঁতে রাথ ঐথানটায়। কলসি ভূলে নিয়ে আয়—দেখি, সেই কলসি কি না— কলসি উপরে নিয়ে এল। ভিতরে হাত ঢুকিয়ে মাটি বের করে ফেলছি। ছেলেরা চারিপাশে থিরে দাঁড়িয়ে, নিশ্বাস পড়ছে না কারও যেন। তারা মনে করছে, কি তাজ্জব জিনিস না জানি এর মধ্যে, সাত রাজার খন কোন মানিক! মাটি বের করে বাচ্ছি আমি, কলসির তলা অবধি ভুধুই মাটি। এ কলসি নয় নাকি তবে? তারপর পেয়ে গেলাম। আনন্দোভাসিত কঠে ছেলেদের বলি, হাঁন—এই বটে!

মুঠো খুলে তাদের দেখালাম—কড়ি কতকগুলো। বললাম, পাওয়া গেছে রে—ঐ সেই জায়গা। কলসি যেমন ছিল বসিয়ে রেখে আয় ওখানে।

**इ्टिन वा अवाक हर्य आमात्र मिटक हिर्द्य आहि।** 

আনার চোথে সহসা জল আস্বার মতো হল। অনেক কটে সামলে নিয়ে বলগান, খোঁটার আগায় নিশান উড়িয়ে দে। কাফু গাঙ্গুলীর কবর এখানটায়।

গাঙ্গুলীর কবর—বলেন কি ?
মহামহোপাধ্যায় হরিচরণ স্থায়তীর্থ মশায়ের ছেলে।

বুড়ো হয়ে চোথের দৃষ্টি ঘোলাটে হয়ে গেছে নিশিকান্ত, অতি-নিকটের জিনিসও স্পষ্ট দেগতে পাই নে। মনের দৃষ্টি কিন্তু পরিচ্ছয় আছে। বরঞ্চ বুড়ো হয়ে যেন অচ্ছতর হচ্ছে দিন দিন, দূর-কালের ঘটনা জীবস্ত হয়ে দেখা দেয়। যেন এখন—এই মুয়ুর্তে ঘটছে সমস্ত চোথের উপর। আজকে জয়রামপুরের সমৃদ্ধি বেড়েছে, মিউনিসিপ্যালিটি বসেছে, অনেকগুলো পাকা-রাস্তা। তথন একটামাত্র পাকা-রাস্তা ছিল সাহেবপাড়া থেকে আগরহাটির গঞ্জ অবধি। তারপর মিটার-গেজের লাইন বসল পাকা-রাস্তার পাশ দিয়ে, রাস্তারই একটা অংশ দখল করে। ভদ্রার কুলে সাহেবপাড়ার প্রান্তে রেলের ওয়ার্কশপ। মোটরবাসের দৌরাজ্যো রেলললাইন শেষাশেষি অচল হয়ে ওঠে; সাহেব-কোম্পানি এক

ভাটিয়ার কাছে সবস্থ বিক্রি করে দিয়ে সরে পড়ল। এসব ভিন্ন এক কাহিনী। এখন ছোট-রেলের কোনই চিহ্ন নেই এ অঞ্চলে, যুদ্ধের সময় লোহার পাটিশুলা অবধি উপড়ে নিয়ে গেছে।

তথন দস্তরমতো গ্রাপুরুষ আমি—বয়স ছাবিরশ-সাতাশের বেশি নয়।

অন্ধকারে পিছল মেঠো-পথ ধরে টিপি টিপি চলেছি। আজকের স্বনামধন্ত প্রকুল

মজুমার এম এল এ মশায়ও সেই দলে। প্রকুলর বাড়ি থেকেই সব রওনা

হয়েছি। প্রফুলর বোন হাসি। মোটা থপথপে—বিধবা মেয়েটা তথন ছিল

নিতান্ত ছেলেমাল্লষ। কি রকম সন্দেহ হয়েছিল বুঝি তার—যাবার সময় জার

করে একমুটো সন্দেশ খাইয়ে দিল কালকে। কাল কিছুতে খাবে না, তথন হাসি

তার হাত ধরে ফেলল। জীবনে সেই প্রথম সে তার হাত ধরল—গা সিরসির

করে উঠেছিল কি-না বলতে পারিনে সে দিনের কুমারী মেয়ে হাসির।

অন্ধার বর্ধারাত্রে পা টিপে টিপে সকলে বাচ্ছি। নীলবতন মাস্টার কিসন্ধিদ করে নির্দেশ দিছেন, বুকের মধ্যে গুর-গুর করে ওঠে তাঁর কপ্তের মৃত্ আওয়াজে। হাা—দেয়ালে আঁটা সেই কাগজের লেথকের সন্ধান করতে করতে নীলরতন মাস্টার মশায়েরই নৃত্ন পরিচয় পেয়েছিলাম আমরা। ফেরারী হয়ে ছল্লনামে জয়রামপুরে এসে ছিলেন। বছর চারেক পরে আবার একদিন সহসা অদৃশ্য হয়ে যান।

ওয়ার্কশপের কুলি-বন্ডি উত্তীর্ণ হয়ে আর থানি কটা গিয়ে সাহেবপাভায় পা দিলে মনে হয়, নন্দনকাননে এসে পড়লাম নাকি ও ওদের স্কুন্থ ছেলেমেয়েগুলো পরিজ্জর লানের উপর ছুটোছুটি করে বেড়ায়, কোঁকড়ানো সোনালী চুল বাতাসে ওড়ে। রাত্রে জোরালো পেট্রোন্যাক্স জলে প্রতি বারান্দায়, রেকর্ডে নাচের বাজনা বেজে ওঠে। আর রাভায় অন্ধকার মোড় থেকে বন্তির ছেলেরা তাকিয়ে তাকিয়ে দেখে অকারণে উল্পান্ত হয়, ঘরে এসে সাহেবপাড়ায় কি দেখে এল সেই গায়গুলব

করে, দ্বের গ্রাম থেকে আর্থীয়-কুট্র ধারা আদে—তাদের কাছে সগর্বে ঐ সব কাহিনী বলে।

খবর এসেছিল, লারমোর সাহেব অনেক টাকা নিয়ে সদর থেকে এসেছেন।
মরশুম এসে পড়েছে—পাট কিনবার জক্ত এখন হপ্তায় হপ্তায় টাকা আসবে
কলকাতার হেড-অফিস থেকে। গাড়ি আজ লেট ছিল, সন্ধ্যার পরে এসে
পৌছেছেন, সমন্ত টাকা সাহেব নিজের কোয়ার্টারে আলমারির মধ্যে রেখে
দিয়েছেন, অফিসের আয়রন-সেফে রাখেন নি—এ অঞ্চল অনেক দিনের চেনাজানা—টাকা-কড়ি সহক্ষে অত্যধিক সতর্ক হবার প্রয়োজনও মনে করেন নি।

একটা কথা জেনে রাথ নিশিকান্ত, সাদা চামড়ার মাহ্যগুলোর মধ্যে এমন কাপুরুব আছে, যাদের জুড়ি, সারা ছনিয়ায় নেই। জালিয়ানওয়ালাবাগে, লবণসত্যাগ্রহে কিম্বা আগস্ট-আন্দোলনের সময় বহু ক্ষেত্রে ওদের বীরত্বের বহর সবাই দেখেছ—আর আজকে আমার কাছ থেকে শোন সেই রাত্রে সাহেব-পাড়ার বাসিন্দাদের বীরত্ব-কাহিনী। গুলি-বোঝাই ছয়-সিলিগুার রিজলভার হাতে রয়েছে, কিন্তু লারমোর সাহেব ট্রিগার টিপলেন না, কাঁপতে কাঁপতে তাঁর হাত থেকে রিজলভার পড়ে গেল। আর কানাই সেইটাই তুলে ধরল তাঁর মুখের সামনে। রাত তথন বেশি নয়। দলের একজন ছ-জন করে দাঁড়িয়েছে এক এক বাংলোয়, স্মাটের জ্ঞাতিগোষ্টি অতগুলো প্রাণীর তাতেই প্রায় মূছ্ণির অবহা। নোটের উপর এত নির্গোলে কাজ হাসিল হবে, কেউ আমরা স্বপ্লেও ভাবতে পারি নি।

বেরিয়ে চলে আসছি—সাহেবেরা নিপাট ভদ্রলোক, হাতথানা উচু করবার শক্তিও যেন হারিয়ে ফেলেছে, তারা কিছু করেনি—পিছন দিক থেকে রাইফেলের শুলি কাহর পিঠে এনে বিধল। বাহাছর বলে এক শুর্থা ছোকরা ছিল শাহারাদার—গুলি করেছে সে-ই। এর জন্তু কেউ প্রস্তুত ছিল না, আর অবার্থ টিপ—কানাই মাটিতে পড়ে গেল। আর ওদিকে এই গোলবোগে কুলিবন্তি থেকে পিল-পিল করে মাহ্র্য বেরুছে। মাহ্র্য দেখে সাহেবদের হতভহ ভাব কাটল এতক্ষণে, তারাও বেরুল। কাহ্ন অসাড়, ক্ষতস্থান দিরে রক্তের ধারা বয়ে যাছে। পাশে বলে একট্থানি দেখব, রক্ত বন্ধ করার চেষ্টা করব—সে উপায় নেই। পক্ষ-পালের মতো মাহ্র্য আসছে, বিষম হৈ-চৈ, টর্চের আলোর রান্তা আলোকিত হয়ে গেছে। মুহুর্তের মন্যে ঘটে গেল।

আজ বলে নয়—চিরদিনই সাফ বুজি প্রফুল্লর, সে এক চালাকি করল।
ওদের ধাঁধা দেবার জন্ম তিন-চার জনে মিলে উন্টোমুথো পাকা-রান্তা বেয়ে
ছুটল। বৃটজুতোর আওয়াজ তুলে সাহেব ক'জন পিছু ছুটেছে। বকুলতলার
অন্ধকারে আমি দাঁভিয়েছিলান স্থযোগের অপেক্ষায়। সবাই খুব থানিক এগিয়ে
এলে কাহুকে কাঁধে নিয়ে টিপটিপি জাঙালের ভিতর দিয়ে বিলের প্রাস্তে এনে
পৌছলাম।

নীরক্ষ অন্ধকার। কাহর মুখখানা ভাল করে একবার দেখবার চেষ্টা করলাম—যে মুখে ওরা লাখি মেরে গেছে। দেখা যাচ্ছে না। রক্তের ধারা গড়িরে পড়ছে তার সর্বান্ধ বেয়ে। সাহেবরা প্রফুলর পিছু-পিছু যখন ছুটছিল, বকুলতলা থেকে ওদের টর্চের আলোয় দেখলাম—ছুটতে ছুটতে থমকে দাড়িয়ে একজন বুটের লাখি ঝেড়ে দিয়ে গেল চেতনাহীন কাহর মুখে। ফুটফুটে ছেলে কানাই—পবিত্র প্ণ্যবান বংশের ছেলে। নিঃশব্দে নিম্পলক চোখ মেলে আমি দেখলাম, লাখি মেরে আক্রোশ মিটিয়ে ওরা আবার ছুটল।

কান্থকে নিয়ে এলাম এখন ঐ যে বিশাল কম্পাউও—ওরই ভিতর। তখন প্রকাণ্ড আমবাগান, তার এক প্রান্তে জেলেদের এক বৃড়ি কুঁড়ে বেঁধে বসতি করত—ভাপলার মা বলে ডাকত সকলে। কখন কখন শুধুমাত্র 'মা' বলে ভাকতাম আমরা, মা ডাকে বৃড়ি গলে যেত। কত যে ঝঞাট পোহাত! রাতবিরেতে যখনই দায় পড়ত, আমরা চলে আসতাম স্থাপলার মা'র ওথানে।
স্থাপলার মা আজ বেঁচে নেই, তার ঘরবাড়ির চিহ্নমাত্র নেই—কতদিন আমাদের
কত সাহায্য করেছে, কত ঘটনার সাক্ষী ছিল সে! দশ বাড়ি ধান জেনে
গোবর-মাটি লেপে থাওয়া-পরা চালাত—বক-বক করা ছিল তার স্বভাব, কাজ
করতে করতে কোন্ অদৃশ্য অলক্ষ্য শত্রুর উদ্দেশে গালি পাড়ত, যত কই হত্ত
গালিরও জোর বাড়ত তত বেশি। কিন্তু আশ্চর্য এই, কথনো কোন অবস্থায়
আমাদের বিষয়ে একটা কথা বৃড়ি উচ্চারণ করে নি।

স্থাপলার মা'র ঘরের ভিতর তো এনে নামালাম কাছকে। টেমি জলছিল, ফুঁ

দিয়ে বুড়ি দেটা নিভিয়ে দিল—কি জানি থোঁজে থোঁজে কেউ যদি এসে শড়ে!

কাহর তথন জ্ঞান ফিরেছে অল্ল অল্ল। অস্পষ্ট কঠে জল চাইল। স্থাপলার মা

সজল চোথে—বাসনপত্র তো নেই—নারিকেলের মালায় জল গড়িয়ে দিল।

কাহকে নামিয়ে রেথে আমি ছুটে বেরিয়েছি ডাক্তারের সন্ধানে। ডাক্তার

এনে কল যা হবে, সে অবশ্য জানাই আছে। তবু মনকে প্রবোধ দেওয়া—

ডাক্তার দেখানো হয়েছিল। আর ডাক্তারও সেই সময়টা সহজলতা ছিল—ঐ

অম্লা সরকার। তাকে থবর দেওয়ার অপেকা।

পুরোপুরি ডাক্তার নয় তথন অম্ল্য, ফোর্থ ইয়ারে পড়ত। পুরিশির মতো হয়—মাস ছয়েক তাই গ্রামে থেকে িপ্রাম করছিল। এ ব্যাপারে বাইরের কাউকে ডাকা চলে না। অভএব অম্ল্যের চেয়ে ভাল ডাক্তার আর কোধায়?

অমূল্য ঘুম্ছিল। বাইরের একধানা চৌরিঘরে সে ওত, আমার জানা ছিল। দরজার টোকা দিলাম, ঘুম ভাঙল না। তথন ই্যাচা-বাঁশের বেড়া ছ্-হাতে একটু ফাঁক করে ফিসফিস করে ডাকতে লাগলাম, অমূল্য ! অমূল্য ! সে পাল ফিরে ওল। বাখারি ছিল একটা পড়ে, সেইটে চুকিয়ে খোঁচা দিতে খড়মড় করে অমূল্য উঠে বসল।

कि?

চুপ! বেরিয়ে এসো-

মেম্ব জমে আছে আকাশে, গুঁড়ি-গুঁড়ি বৃষ্টি পড়ছে। বললাম, বুলেট রয়ে গৈছে, বের করে ফেলতে হবে। শিগগির চল।

অমূল্য বলে, তাই তো—অপারেশনের যন্ত্রপাতি কিছু যে নেই আমার কাছে। যেন যন্ত্রপাতি থাকলেই আর কোন রকম ভাবনার বিষয় ছিল না। যাই হোক, যন্ত্রও মিলল অবশেষে, খুঁজে পেতে ভোঁতা একটা ল্যানসেট পাওয়া গেল তার বাল্লের মধ্যে। সেইটে আর এক শিশি আইডিন পকেটে পুরে অমূল্য ক্রতপায়ে আমার সঙ্গে চলল।

গিয়ে অবাক। আশাতীত ব্যাপার— কাছবেশ চাঙ্গা হয়ে উঠেছে ইতিমধ্যে, 
টরটর করে কথা বলছে। প্রফুল্ল ফিরে এসেছে, হাঁপাছে সে তথনও—হাঁপাতে
হাঁপাতে কৃতিত্বের গল্প করছে, কেমন করে ধোঁকা দিয়ে দলস্ক সে থেয়াঘাট
অবধি নিয়ে গিয়েছিল। তারপর বোঁ—করে দৌড় দিল পাটক্ষেতের দিকে
—পুরো দমে ছুটলে তাকে ধরতে পারে কে? এ ক্ষেত থেকে সে ক্ষেত—
শেষকালে চারিদিকে দেখে শুনে সন্তর্পনে এখানে চলে এসেছে।

স্থাবার টেমি জালতে হল ডাক্তারকে অবস্থা দেখাবার জন্ম। হাসিতে উদ্থাসিত কান্তর মুথ, প্রফুল্লর গল্প সে খুব উপভোগ করছে। বুলেট আটকে রয়েছে পিঠের দিকটায়, এখনও রক্ত বন্ধ হয় নি, যন্ত্রণায় মুখ এক একবার স্থালিবর্ণ হচ্ছে, দেহ আকুঞ্চিত হয়ে উঠছে, হাসির প্রলেপ কিন্তু তার ঠোঁট ছ-খানার উপর।

টেমির আলোর তিন দিকে ভাল করে চেকে দেওয়া হল, কাছর দেহ ছাড়া বাইরে কোন দিকে আলোর রেশ না বেরোয়। প্রফুল্ল আর আমি ত্-পাশে তৈরি হয়ে বসেছি, কাহু ইদারায় মানা করল—ধরবার প্রয়োজন হবে না তাকে। দীতে দাঁত চেপে সে উপুড় হয়ে আছে, অমৃগ্য ডাক্তার হাঁটু গেড়ে বসে গানসেট একবার আধ-ইঞ্চিথানেক বদিয়ে আবার তুলে নিল। যাছে না ঠিকমতো। নৃতন হাঁড়ি চেয়ে নিয়ে তাতে ঘষে ঘষে ধার দিল যন্ত্রটায়। আগুন করে একটুথানি সেঁকে নিয়ে তারপর এমনভাবে চিরতে লাগল যে মুখ ফিরিয়ে নিতে হল। এ বীভৎস ব্যাপার চোথ মেলে দেখা যায় না—কাজ সেরে টেমি নেভাতে পারলে বেঁচে যাই।

কিন্তু কোন লাভ হল না নিশিকান্ত, চামড়া চিরে খোঁচাথুঁচিই হল থানিকটা।
নিঃশব্দে অমূল্য নাড়ি ধরে বসে আছে। একবার দেশলাই জেলে হাত্বড়ি
দেখল—সাড়ে-তিনটে। মেঘভাঙা অল্প অল্প জ্যোৎসা ফুটেছে তথন। তিনজনে
আমরা মাটির উপর উবু হয়ে বসে আছি। ফাপলার মা জল গরম করবার জন্ত মাচার উপর থেকে টেনে টেনে শুকনো নারিকেল-পাতা বের করছে। প্রাফুল্ল ডেকে বলল—থাক মা, আর দরকার হবে না।

ধপ করে দাওয়ার উপর সেইখানে বসে পড়ল ত্যাপলার মা।

আমগাছের বাসা থেকে হঠাৎ কাক ডেকে উঠল। আছের ভাব কাটিরে আমরা চমকে উঠলাম—রাত আছে মোটে ঘণ্টা দেড়েক। স্থায়তীর্থ মশায় গত হয়েছেন—প্রফুল্ল ছুটল কাহ্যর দাদা বলরামের কাছে—একটিবার শেষ দেখা দেখতে দেওয়া উচিত। ইঁয়া নিশিকাস, রায়সাহেব বলরাম গাঙ্গুলী, ডাকনাম ছিল বলাই। অমন অবাক হয়ে তাকাবার কি আছে? এমনি সর্বত্ত—ঠগ বাছতে গাঁ উল্লাড় হয়ে যাবে। ইংরেজের খোশামুদি করে যারা দিন গুজরান করত, খোঁল করলে হয়তো দেখতে পাবে ইংরেজের প্রবলতম শক্র তাদের বাড়িতেই। লাঠি মেরে মাথা ফাটানো যায়, কিন্তু মনের মাথায় যে লাঠি পড়ে না! শেষাশেষি আর এদেশে ইংরেজদের নিরাপদ ভূমি এক টুকরাও ছিল না—কেউ ভাল চোখে দেখত না ওদের। ক্ম মুশকিলে পড়ে ওরা ভারত ছেড়েছে!

হাত তিনেক গর্ত খোঁড়া হয়ে গেছে ইতিমধ্যে আমতলায় নাটার ঝোপের আড়ালে। গর্তের ভিতর কাহকে এনে নামানো হল। এমন সময় রায়লাহের এলেন, ভাইয়ের দিকে তাকিয়ে গভীর একটা নিখাস চেপে নিলেন।

বলরামকে বললাম, আপনি একা এলেন গাঙ্গুলী মশাই, আপনার মাকে নিম্নে এলেন না কেন ? তিনিও একটু দেখে যেতেন।

বলরাম বিচলিতভাবে না-না করে উঠলেন। বললেন মা দেখে তো কণ্টই
পাবেন শুধু, হাউ-হাউ করে কেঁদে উঠবেন। তার চেয়ে আমি রটিয়ে দেব,
কাল নিক্দেশ হয়ে গেছে। ইদানীং বেড়াছিল সেইভাবে,—একদিন এক পলক
দেখা গেল তো মাসখানেক আর পাতা নেই। না-না, মাকে আর এর মধ্যে
টানাটানি করতে যেও না। এক কান ছ-কান করে ছড়িয়ে যাবে। বাঘে
ছুঁলে আঠার ঘা—বাড়িস্ক টান পড়ে যাবে আমাদের।

পাতার কাঁক দিয়ে চাঁদের মান আলো এসে পড়েছে কাহুর মুখের উপর।
ঝুরঝুর করে আমি আর অমূল্য গুঁড়ো-মাটি ছড়িয়ে দিছিছ দেহের চারিদিকে।
প্রকুল চলে গেছে আজকের ব্যাপারে টাকাকড়ি যা পাওয়া গেছে, তার
বিলিব্যবস্থা করতে। নিস্পলক চোখে চেয়ে চেয়ে সহসা রায়সাহেব বলে উঠলেন,
মহামহোপাধ্যায়ের ছেলের শেষটায় কবর দিলে তোমরা ?

পরক্ষণেই সামলে নিয়ে তাড়াতাড়ি বলে উঠলেন, আমি কিছু বলছি নে এ নিয়ে। শ্বশানে নিতে গেলে জানাজানি হয়ে পড়বে, এ ছাড়া উপায় কি ? যে যেমন অনৃষ্ঠ করে এসেছে!

वल नियोग काल हुन हरत रंगलन।

আমি বললাম, হিন্দু আর মুসলমান, খাশানঘাট আর কবরথানা—যারা থবরের কাগজের রাজনীতি করে, পাথার নিচে বসে বথরার হিসাব করে, তাদের কাছে! লড়াইয়ের মুখে জাত-বেজাতের হিসাব থাকে না রায়সাহেব। মাটির বড় চাঁইগুলো কাহর নধর গায়ে চাপাতে কেমন মায়া লাগছিল, তার স্মাথার ধারে বলে হাতের মুঠোর মাটি গুড়িয়ে গুড়িয়ে কেলছি। স্থাপলার মা এই সময়ে মাটির কলসি আর পাঁচ কাহন কড়ি এনে কলল, দাও বাবা, এসব ওয়া সকে দিতে হয়। কড়ি নইলে বৈতরণী পার হতে দেবে না যে!

ইংলোক আর পরলোকের মধ্যে ত্তর ভয়াল বৈতরণী নদী। কাছর বিদেহী আত্মার পারানি কড়ি কলসির মধ্যে পুঁতে দেওরা হল তার সঙ্গে। ধরণীর এত ঐশর্থের মধ্যে পাঁচ কাহন কড়ি মাত্র শেষ সন্ধল—যা এত বছর তার নিংশেষিত দেহ-চিক্রের নিশানা হয়ে রয়েছে ভূমি-গর্তে।

গর্ভ ভরাট হল। তার উপর নারিকেল-পাতা বাঁশ **আ**র বাঁশের চেলা **সাঞ্জিরে** চেকে দিলাম। এইসব কাঠ-পাতা যেন অনেকদিন ধরেই এই রকম পড়ে আছে —কেউ যাতে তিলমাত্র সন্দেহ করতে না পারে!

সন্দেহ কেউ করে নি। অম্লা বড় ডাক্তার—সরকার মহলে অনেক নাম।
রায়সাহেব বলরাম যথারীতি সেলাম বাজিয়ে রায় বাহাত্র-রূপে কিছুকাল আরে
রিটায়ার করেছেন। আমাদের প্রফুল এম. এল. এ. হয়ে সরকারি চাল-সাপ্লাইয়ের
কাজ বাগিয়ে নিয়েছে। তাপলার মা বুড়ি কোন্ কালে মরে গেছে। তার সেই
বাড়ি আর আশপাশের অনেক জমি নিয়ে অপরূপ বাগানবাড়ি হয়েছে প্রফুলর।

কান্তর স্থৃতিগুপ্ত আজও হয়ে ওঠে নি। কিছ এবারে স্বাধীন-ভারতে
নিশ্চয় প্রফুল্ল গেঁথে দেবে—আর টালবাহানা করবে না। বছরের একটা দিন
বিশ-পঞ্চাশ জন জমায়েত হয়ে সভা করেও যাবে হয়তো এখানে। কিছ ঐ
পর্যস্ত । সেকালের সে প্রফুল্ল আর নেই। ক-জনই বা মনে রেখেছে কান্তকে!
মড়ার পাশে তাড়াতাড়ি ফুঁ দিয়ে টেমি নিভিয়ে দিয়েছিলাম কেউ দেখতে পাবে
বলে—সে আলো আবার কেউ জালাতে আসবে না কবরের উপর। কিছা…
ঠিক বলা যায় না, প্রফুল্লর বোন ঐ মোটা হাসির ভাবটা কেমন কেমন!

লাহেছিবালা তার কাছে একদিন অবশেষে বলে কেলেছিলাম আগাগোড়া এই কাহিনী। আমা হেন লোক—আমারও মুথ খুলতে হয়েছিল দলের বাইরে ঐ মেরেটার কাছে। হাসি হাত ধরে জিজ্ঞাসা করেছিল, সেই যে চলে গেলে—কোধার গেলে তোমরা তারপর দাদা ? কানাই গেল কোধার ? মিথ্যা বলা আমাদের অনেক সাধনা করে অভ্যাস করতে হয়, জাদরেল পুলিস-অফিসারদের মুখের উপর অবাধে কত মিথ্যা বলে গিয়েছি, কিন্তু সজল-চোথ মেয়েটার সামনে মুখ দিয়ে কিছুতেই আমার মিথ্যা বেরল না। হাসির চেহারা দেখে তোমার হাসি পাবে হয়তো। ঐ য়ূলবপুর নিচে একটি বেদনা-খিয় মন আছে, বিশ্বাস করা শক্ত। কিন্তু চুপিচুপি বলি নিশিকান্ত, আমার মুথে কারুর কাহিনী শুনে বিধবা মেয়েটা আকুল হয়ে কেঁদেছিল সারা বেলা ধরে।

দেশব্যাপী কি ঝড় উঠেছিল, ভাবতে গেলে এখন তাজ্জব লাগে। আশার ক্ষীণতম আলো ছিল না সেদিন চোধের সামনে, তবু প্রাণ দেবার মাহ্যের অভাব হর নি। বরঞ্চ এর জক্ত প্রতিযোগিতার অন্ত ছিল না, অনেক সময় বাজি ফেলে ঠিক করতে হত কে কোন্ এ্যাকসনে যাবে। মরে মরে তারা মরার ভয় ঘুচিয়ে দিয়ে গেল, তাদেরই মৃতদেহের উপর দিয়ে অধীনতার সিঁড়ি উঠেছে। কিন্তু ভুই বা তাদের কথা বলি কেন? নীলকর-আমলের গরিব রায়তদল কিম্বা বিয়াল্লিশের আগস্টের অনামী আত্মত্যাগীরা কি নয়? ভুধু এই এক জয়রাম-প্রের সংগ্রামীদের কথা আ্লুকে পুরো দিনটা ধরে বললেও বোধ হয় ফুরোয় না। এমনি দেশের সর্বত্ত! তার ক'টা ঘটনাই বা জানি আমরা? মোটের উপর—অত্যাচার যত কঠোর হয়েছে, মুক্তির আকাজ্জা ততই ছড়িয়ে পড়েছে প্রায়বের মধ্যে। জালিয়ানওয়ালাবাগে দশ মিনিটে যোল শ' গুলি ছুঁড়ে- মহাবীর ভায়ার অন্তে যোল শ' গুণ বাভিয়ে দিল আন্দোলনের গতিবেগ।

আরও আনেক বছর কেটেছে তারপর। মুক্তি-রথের সারথি গান্ধিনী। নানাকান্তে প্রায়ই বাইরে বাইরে থাকি। গ্রামে এলে চাষীরা খিরে ফেলে, গান্ধিরাজার থবর কি?

একদিন, মনে আছে নিশিকাস্ত, থেজুরবনের মধ্যে বসে পড়তে হরেছিল ভাদের আগ্রহাতিশয়ে। সাড়া পড়ে গেছে সমস্ত বিলে, লাঙল ছেড়ে একে হয়ে এসে জড় হচ্ছে। গোদার আগুন কল্পেয় ভেঙে দিয়ে কাদা-মাথা পা ছড়িরে আমায় বিরে বসেছে।

লড়াইয়ের থবর বল। কে জিতছে ? কোম্পানি না গান্ধিরাজা ?
আনেক দূরে—ঠিক কোন্ জায়গায় সঠিক আন্দাজ নেই, এই দেশেরই কোন
প্রান্তে ঘটছে প্রচণ্ড মহাযুদ্ধ। অমিতপরাক্রম গান্ধিরাজার হাজার হাজার লক্ষ
লক্ষ কোটি কোটি সৈত, বিপুল অস্ত্রসম্ভার। ইংরেজ নাজেহাল হয়ে যাছে।

লোকালয় অনেক দ্রে, বিলের বাতাস হু-ছ করে বইছিল। চবা ক্ষেত্রের
মাটির চাংড়ার উপর বদে অসাধ্য-সাধনের চেষ্টা করেছিলাম আমি। সে ছবি
আজও মনে করতে পারি নিশিকান্ত। তারা ব্রুবে না, কিছুতে বিশ্বাস করবে
না—ইংরেজের প্রবল প্রতিপক্ষ সেই মহারাজার হাঁটুর নিচে কাপড় জোটে না।
দিল্ডে আক্রমণ করতে চলেছেন গান্ধি-রাজা, কিন্তু সৈক্তসংখ্যা গোণা উনআশি
জন। আরও পরমাশ্চর্য ব্যাপার—না রাজা না সৈন্ত, কারো হাতে অক্ত নেই—
গঙ্গতাড়ানোর পাচনবাড়ির মতো একটুকরা লাঠিও নেই। ঘোড়ার পিঠে নয়,
রেলগাড়ি বা নোটরগাড়িতে নয়—সবরমতী থেকে ডান্ডি এই ছ্-শ মাইল পারে
হেঁটে চলেছেন তাঁরা। তাতেই থরথরি কম্পমান ইংরেজ সরকার।

শোতাদের দিকে তাকিয়ে ব্রতে পারছি, একেবারে অরণ্যের-রোদন হচ্ছে, কেউ একবর্ণ বিশ্বাস করছে না আমার কথা। গান্ধি-রাজার মহৈশ্বনের সিংহাসনের উপর অর্থনায় ফ্রকিরকে আরোপ করতে তাদের অন্তরাত্মা সায় দিচ্ছে না। ক্ষানেৰে একদিন গান্ধি-রাজার সৈত্ত আমাদের জন্মসামপুর অবধি হানা:

ক্ষিল। তিন জন মাত্র তারা। সৈত্যবাহিনীর অবস্থা কিছু ভাল রাজার চেয়ে।

মাধার সাদা টুপি, গা ঢাকা আছে জামা দিয়ে।

গান্ধি-মহারাজের জয়!

সঞ্চালবেলা তিনকণ্ঠে সমবেত জকার দিয়ে তারা গ্রামে ঢুকল। যত দিন যাচ্ছে, ততই প্রবল হচ্ছে জয়ধবনি। গান্ধি-রাজার গৈলে গ্রাম ভরে গেল দেখতে দেখতে, তিনটি মাত্র ছেলের জায়গায় শ'তিনেক হয়েছে—সারা অঞ্চল টহল দিয়ে বেড়াচ্ছে তারা।

নোনাথোলা বলে একটা জায়গা আছে নিশিকান্ত, আর থানিকটা এগিয়ে ভাইনের দিকে। উচু টিলা—অনতিদ্রে মজা থাল। চারিপাশের দিগ্ব্যাপ্ত ধানকেতের মধ্যে অমুর্বর খেতাভ টিলার মাটি, একটা ত্র্বাদাসও জন্মে না এমন ভ্রানক নোনা। মাটির কণিকা জিভে দিলেও নোনতা স্থাদ পাওয়া যায়। কোদালি দিয়ে সেই মাটি তুলে নিয়ে জলে গোলা হল। আর ওদিকে আমাদেরই হু-জন আড়াআড়ি মাঠ ভেঙে ছুটল আগরহাটি থানায় থবর দিতে।

দারোগা বললেন, মুন তৈরি করছেন, তালগাছ কেটে কেটে বেড়াচ্ছেন, কিছ সেই সঙ্গে আমাদের পিছনে এমন করে লেগেছেন কেন বলুন তো ? কেশবপুরে মদের দোকানের সামনে লাঠি-পেটা করে এই সবে এসে দাঁড়িয়েছি মশাস্ত্র, সঙ্গে নতুন আর একদফা নিমন্ত্রণ। এক গ্লাস ভল খেয়ে ঠাণ্ডা হব. কি টের পাই নি বলে ঘটো জায়গায় যাওয়া বন্ধ রাখব—তারও আপনারা উপায় রাখেন না। আমাদের মেরে ফেলবেন নাকি দৌড়বাঁপ করিয়ে?

সংবাদ-বাহকেরা হেসে উঠল।

শারোগো আভন হয়ে বললেন, চরকির মতো ঘুরপাক থেয়ে মরছি—
হাদ্বেন বই কি আপনারা! কিন্তু থাকবে না ও-হাসি। নিংড়ে মুছে দেব।

লাঠি কেরে হবে না, মার খেরে খেরে চামড়া পুরু হরে গেছে—ৰলুক দিরে

দারোগা দেদিন অবশ্য ভয় দেখানোর কথা বলেছিলেন। কিন্তু কণে-অকণে কথা পড়ে যায় নিশিকান্ত। এর কিছুকাল পরে গ্রামের লোকে চৌকিদারি-টাাল্ক বল্ধ করল। ট্যাক্সের লায়ে গরু-বাছুর থালা-ঘট-বাটি টেনে-টুনে নিয়ে যাছে, আর ওদিকে ফুর্তি করে শঙ্খ-ঘন্টা বাজাছে সকলে পাড়ায় পাড়ায়। সেই চরম উত্তেজনার সময় পুলিসের গুলিতে সত্যিই মারা পড়ল আমাদের বাস্ত্ব। বাস্ত্বর নাম আছে দেখো আজকের সভায় যায়া শহীদ-পদক পাবে ভাদের তালিকার মধ্যে। লক্ষণ কম্পমান হাতে পদক ভূলে আমাদের নাম পড়বে।

কিন্তু যা বলছিলাম। তুপুর-রোদে তেতেপুড়ে দারোগা দলবল নিয়ে হাজির হলেন নোনাথোলায়। টগবগ করে ফুটছে নোনাজল। লাঠির ঘায়ে হাঁড়ি ভাঙল, উত্তন নিভে গেল জল পড়ে।

কিন্তু গান্ধি-রাজার দৈক্ত কেউ পালায় না থানার মাহ্র্য দেখে। সরল সাধাসিধে কথা। আমাদের গাঁয়ের মাটিতে ঈশ্বরের দেওয়া হ্বন আপনি ফুটে বেরিয়েছে, তুলে থাব আমরা। স্বাভাবিক অতি-সাধারণ এই অধিকার।

জয়রামপুরের গৃহস্থ-চাষী মেয়ে-পুরুষ মন্ত্রের জ্বোরে সহসা নৃতন আত্মর্মধাদা পেয়েছে। নিচু মাথা সবল সমুন্নত হয়েছে, বজ্রদৃঢ় হয়েছে শির্দাড়া। গান্ধি-রাজার সম্পর্কে কত অলোকিক আজগুনি কাহিনী চলিত ছিল—হঠাৎ সবাই উপলব্ধি করল, কোন সময়ে তারাও গান্ধিরাজার সৈন্ত হয়ে গেছে।

বাস্থর কথা বলছিলাম। এস, এই ভাঙা চাতালটার উপর বসি। গল্পটা আংগে শোন, তারপর একটি প্রশ্ন করব তোমার কাছে। ইদানীং প্রায়ই একটা সন্দেহ জেগে উঠে মনকে পীড়িত করে—জেলের মধ্যে অনেক ভেবেছি, ভারপর বেরিয়ে এনে শান্তি-বউদিকে জিজ্ঞাসা করেছিলাম। বাস্থর কথা নর—
তার পাবও বাপ যতীন-দার কথা। কিন্তু শান্তি জবাব দেয় না। শুরু হয়ে
পায়ের নথে রাশ্তার ধুলোয় দাগ কাটে। আমার প্রশ্ন যেন কানেই যাছে না—
দে ঘুরে ফিরে কেবলই বাস্থর কথা তোলে। তার মানে যতীন-দার প্রসক্ষে
লক্ষ্যা পায়, লোকে যতীন-দার কথা ভুলে গেলে হাঁপ ছেড়ে বাঁচে যেন বউদি।
এই বাটে কাল শান্তিবউদি আছড়ে আছড়ে কারে-সেদ্ধ কাপড় কাচছিল। দশের
মধ্যে দাঁড়িয়ে হাত পেতে বাস্থর পদক্রধানা নিতে হবে তো, তাই বউদি কাপড
কেচে সাফসাফাই করে নিয়েছে।

বাস্থকে যেন চোথের উপর দেখতে পাচ্ছি, নিশিকান্ত। এক মাথা ঝাঁকড়া কার্ম কারে বাঁধা রূপোর কবচ—তার ভিতর নারায়ণের ভূলদী, যাতে কোনরকম বিপদ-আপদ না ছুঁতে পারে। তু-তিনটে মরে যাবার পর এই ছেলে—সর্বক্ষণ বউদির মন পড়ে থাকত তার উপর, তিলেক সে চোথের আড়াল হলে বউদি অস্থির হয়ে উঠত।

বাহ্বর সঙ্গে পেরে ওঠা সোজা কথা ? হাটবারে গ্রামের পাশ দিয়ে সারবন্দি বোঝাই গঙ্গর-গাড়ি যেত। কতদিন দেখেছি, বাহ্ম পিছন দিক্ দিয়ে কোন্ ফাঁকে তার একটায় উঠে গুঁটিহাঁট হয়ে বসে আছে। লক্ষ্য, নীলখোলার বৈঁচিবন—পায়ে হেঁটে যাবার কইটুকু এড়াতে চাইত এমনি করে। আজকে দেখছ নিশিকান্ত, ভাঙা-চোরা একখানা ছ-খানা ঘর আর পোড়ো-ভিটে। সে আমলে মনে আছে, এর ঘ্রের কানাচ দিয়ে ওর উঠোন পার হয়ে আমাদের পাড়ার ভিতর চুকতে হত। গোলকধাঁধা-বিশেষ— চুকে পড়ে ন্তন লোকের পক্ষে মুশকিল হত বেরিয়ে যাওয়া। ভিটের উপর দেখ, এখানেও কসাড় বৈঁচির জন্মল এঁটে এসেছে। বাহ্ম থাকলে হ্মবিধা হত, কি বল—কই/করে আর তার নীলখোলা অবধি যেতে হত না।

একটা তাজ্জ্ব কাণ্ড ঘটে মাঝে মাঝে নিশিকান্ত, এইখানে এসে যখন বসে -थाकि। এक नहमात्र मध्य कि हत्य यात्र-कात्थत जेशत न्लेह तिथ, अहे পুকুরের চারপাশে চারটে ঘাট—থেজুরগুঁড়ি দিয়ে বাঁধা, ঠিক যেমনটি দেৰে এনেছি ছেলেবয়স থেকে। পাড়ার মধ্যে একটিমাত্র পুকুর—আমাদের বেটা-ছেলেদের ভারি মুশকিল ছিল, থানিক বেলা না হলে আসবার উপায় ছিল না কোন ঘাটে। দেখ, নৃতন বউ ওদিকে পানকৌড়ির মতো ঝুপ-ঝুপ করে ছুব मिल्ह, जन बाज्यात जन अलाज्य मिल्ह शामहात वाजि, जनक्या त्वार बिन-मिन করছে। দেখ, দক্ষিণ-ঘাটে ঝকঝকে পিতলের কলসি কাঁথে শাস্তি-বউদি কতক্ষণ দাঁড়িয়ে আছে, একরাশ এঁটোবাসন নিয়ে ঘাট জুড়ে আছে অন-সেখানে পা ফেলবার উপায় নেই— তুখি কাল মুক্তেশ্বরের মেলা থেকে এসেছে, বাসন কেলে রেথে হাঁ করে গিলছে তার কথা। শান্তি-বউদিকে দেখে বলন, এই হয়ে গেছে, দিদি দাঁড়াও—এই ক'খানা ধূয়ে নিয়ে উঠছি আমি। **থালার** উপর মাজনি দিয়ে জোরে জোরে সে ঘষতে লাগল। আর গাবতলার ঘাটে যেন ভাকাত পড়েছে, দাপাদাপি করছে একপাল ছেলে-মেয়ে, সাঁতার কাটার মুরোদ নেই—থোঁটা ধরে পা ছুঁড়ছে। মুক্তোপিদি স্নান করতে এদে এদের কাণ্ড দেখে জলে উঠলেন।

ঘূলিয়ে জল দই-দই করে ফেলল হতচ্ছাড়ারা ? ওঠ একুণি — নয়তো কান ধরে ধরে সব উঠিয়ে দেব।

উঠতে তাদের বয়ে গেছে। মুক্তোপিদিকে জানে—উপ্টে ি: দির গায়েই জল ছিটাতে লাগল। ক্ষেপে গেছে মুক্তোপিদি, হাতের কাছে যা পাছেছ ছুঁড়ছে আর গালিগালাজ করছে, মরিদ নে কেন তোরা ? মরে যা—হাড় জুড়োক পাড়াটার।

শান্তি-বউদি কলসি নামিয়ে রেথে জ্রুত ও-ঘাটে গেল। ঠিকই ভেবেছে, তার -বাস্থও ওর মধ্যে। পালি ছেলে—কুলো কঞ্চি দিয়ে তোমার আগা-পাশুলা পেটাব। আয়— আয় উঠে।

উনিশ-কুড়ি বছর হতে চলল তো নিশিকান্ত, কিছু একেবারে সেদিনের কথা বলে মনে হয়। দেখ—কাঁটাঝিটকের ঝোপে কোন্ স্থায়গায় ঘাট ছিল বোঝবারই জো নেই, খেজুরগুঁড়িগুলো পচে বর্ষার জলে ভেসে গেছে। কাল শান্তি-বউদি আমার সঙ্গে বলতে লাগল সেই সব দিনের কথা। বলবার কি আছে, আমি স্পষ্ট দেখতে পাচ্ছি। ওসব পোড়ো-ভিটে নয়—ভিটের উপর ঘর-ত্রোর মাহ্যব-জন গরু-বাছুর। এতটুকু বয়স থেকে দেখে এসেছি নিশিকান্ত, সব একেবারে মুখস্থ হয়ে আছে—পুলিসের অত্যাচারে পাড়ার মাহ্যুয় ঘরছুয়োর ছেড়ে যেদিন পথে এসে দাড়াল, কিন্তু মাথা নোয়াল না—সেই তথ্ন অবধি। চুপ করে তু-দণ্ড বসলে সমন্ত চোথের সামনে ঘুরে ফিরে বেড়ায়, কেবল যথন জল এসে দৃষ্টি ঝাপসা করে দেয় সেই সময়টা ছাড়া। চোথের জলের একটা অষ্ধ্

বাহ্বর কথা বলতে ডেকে বসাই নি কিন্ত। স্বাই তা জানে, থবরের কাগজে পর্বন্ত উঠেছে। তোমাদের মীটিঙেও তার সম্বন্ধে কত বক্তৃতা হবে শহীদ-পদক দেবার সময়। আমি সেই দলের মধ্যে ছিলাম, সমন্ত জানি। তুমূল কাণ্ড, পাড়ায় পুলিস এসে পড়েছে, পুলিস-সাহেব থোদ হামিল্টন সেই দলের প্রথমে। নিরন্ধ জনতার সামনে ওদের বীরত্বের তুলনা নেই। এই হামিল্টনেরই পাশা-পানি মনে পড়ছে, আর একদিন এক কোঁটা কান্ত্র সামনে লালমোরের সে কি থরহারি কম্পমান অবস্থা! তার হাতে অন্ত ছিল, সেই জন্মই।

সব বাড়ির জিনিসপত্র টেনেটুনে দমাদম রাস্তায় এনে ফেলছিল। নিলাম হবে—কিন্তু থরিদার নেই। সদরে পাঠিয়ে দেবে, কিন্তু গরুর-গাড়ি পাওয়া যাছে না স্টেশনে পৌছে দেবার, কোন নৌকার মাঝিও নিরে যেতে রাজি হর না। হামিন্টন সাহেবের চোথমুথ আগুনের মতো রাঙা হয়েছ—রোদে পুড়ে আর রাগের ঝাঁজে। ছুটোছুটি করে বেড়াছে সে। বাড়ি বাড়ি ঝাঁজ-ঘটা বাজাছে, দাঁত বের করে হাসছে লোকগুলা, আর হামিন্টন ততই ক্ষেপে গিয়ে কি করেবে ভেবে পায় না। নিজের বুকেই বা গুলি করে বসে, এই রকম ভাব। দারোগা-কনেস্টবলরা এখন ভাতের হাঁড়ি ভাঙছে রালাঘরে চুকে, ছথের কড়াই আঁতাকুড়ে আছড়ে ফেলছে, ট্যা-ট্যা করে কাঁদছে ছেলেপিলে, ঝাঁজ-ঘন্টার আগুরাজে কালা ডুবে যাছে। এর উপর আবার উলু দিতে আরম্ভ করল এবার মেয়েরা। মুংলি জিওলগাছে বাঁধা ছিল। একজন চৌকিদার দড়ি খুলে তাকে রান্ডার দিকে নিয়ে চলেচে যেখানে ক্রোক-করা অন্তান্ত মালপত্র গালা করে রেখেছে। আর একজন দমাদম পিঠে লাঠির বাড়ি মারছে যেতে চায় না বলে। মুংলি হালা-রবে ডেকে উঠল।

কোথার ছিল মুক্তোপিসি—হস্তদন্ত হয়ে ছুটল। বকনাটা তার। বোবালবাড়ি গাই তুইত—কাটিবায়ে গাই মরে গেল, তথন রোগা মরণোমুধ
বাছুরটাকে সে চেয়ে নিয়েছিল বোষাল-গিন্নির কাছ থেকে। তৈলচিক্কন নধর
চেহারা এখন মুংলির—মুক্তোপিসি দড়ি ধরে মাঠে মাঠে ঘাস থাইয়ে বেড়ায়,
এর-তার বাড়ি থেকে পোয়াল-বিচালি চেয়েচিন্তে পরম যত্নে জাবনা মেথে দেয়।
নিঃস্ব বিধবার সন্তানের মতো হয়েছে ঐ মুংলি।

মুক্তোপিদি বাঘের মতো এদে পড়ল চৌকিদারের উপর।

কোন্ সাহসে মুংলিকে মারিস নচ্ছার হারামজাদারা ? মাত্রষ পিটে পিটে হাতের স্থথ বেড়ে গেছে—না ? তোদের সাহেব-বাবাকে বল্ গিয়ে, মুক্তো বেওরা কারো থেরে থায় নি, আধলা পয়সা টেক্স দেয় না মহারানীকে।

এমনি নির্ভেজাল স্বদেশী গালিগালাজ করতে করতে পিদি একটানে গরুর

দিছে নিয়ে নিল। নিরুপদ্রব সভ্যাগ্রহের সে ধার ধারে না। চৌকিদারী ট্যাক্স তাকে দিতে হয় না, একথাও ঠিক। ঘর-বাড়ি নেই, ট্যাক্স ধার্য হবে কিসের উপর? এর বাড়ি ধান ভেনে ওর বাড়ি চিড়ে কুটে দিন চালায়। রাত্রে আমাদের কাঠকুটো- রাথা চালাঘরে মাচার নিচে শোয়। মুংলি থাকে আমাদের গোয়ালে।

বিষম সোরগোল উঠল। হামিণ্টন ছুটে এসে দেখে, গরু ছিনিয়ে নিম্নে থাছে চৌকিদারের হাত থেকে। বন্দুক তুলল জনতার দিকে—ভয় দেখাতে কি সভ্যি সত্যি গুলি করতে, বলতে পারি নে। কিছু বাস্থ এই সময় এক কাণ্ড করে বসল। ঐটুকু ছেলে, তার সাহসটা বোঝ—পাথীর মতো যেন উড়ে এসে স্থামিণ্টনের হাতের বন্দুক কেড়ে নিল। এবার আর দ্বিধা নয়, কোমরের রিভলভার টেনে বাস্থর উপর তাক করল সাহেব। আওয়াজ হল, মুধ খুবড়ে পড়ল বারো বছর বয়সের কালো-কোলো ছেলেটা।

দেখলাম মুক্তোপিসিকে। বকনা ছেড়ে দিয়ে এই পুকুর থেকে আঁচল ভিজিয়ে জল নিয়ে এল। এক বেটা কনেস্টবল পথ আটকাল, পিসি এমন করে তার দিকে তাকাল যে স্থড়-স্থড় করে সে রাস্তার দিকে চলে গেল। বাস্থ হাঁ করছিল—মুক্তোপিসি আঁচল নিংড়ে ফোঁটা ফোঁটা ফল দিতে লাগল তার মুথে। আর সে জি ভুমূল বন্দে মাতরম্-ধ্বনি চারদিকে! এত বড় কাণ্ড হয়ে গেল, একজন কেউ পালায় নি—বাস্থর নির্ভীকতা ঢেউ তুলেছে সকলের ব্কের ভিতর। আচ্ছা, ফামিন্টনের থবর কিছু জান নিশিকান্ত ? ফট-ফট করে শিমূলবনে ফল ফাটার সময়ের মতো গুলি চালিয়ে রামদাস মোড়লের বারান্দায় উঠে হাতটা ধুয়ে মোড়ার উপর বসে দিবি সিগারেট ধরাল—হিম্মত আছে সাহেবের। এর অনেক দিন পরে জয়রামপুরের এই গওগোলের ব্যাপারের তদন্ত হয়েছিল, তদন্ত কমিটির সামনেও নাকি থুব চোথা-চোথা জবাব দিয়েছিল হামিন্টন।

বাস্থ পড়ে গেলে শুক্রবার ব্যবস্থা করেন নি কেন? আপনার লঞ্চে করে।
সম্বর হাসপাতালে নিয়ে যেতে পারতেন, ছেলেটা হয়তো বেঁচে যেত তা হলে।

হ্যামিণ্টন জবাব দিয়েছিল, সেটা আমার কাজ নয়। গ্রামের লোক ইচ্ছে করলে নিয়ে যেতে পারত। খুব সম্ভব আমি বাধা দিতাম না···

কলকাতার ইংরেজ-মেয়েরা নাকি অনেক টাকা তুলে ভোজে আপ্যায়িত করেছিল এই ছামিণ্টনকে, এক বড় সাহেনী ফার্ম থেকে অনেক টাকা মাইনের চাকরি দিতে চেয়েছিল তার কর্মক্ষমতার জক্ম। বুটিশ সামাজ্য বাঁচিয়েছিল সে বহু ক্ষেত্রে এমনি বীরত্ব প্রদর্শন করে। একা বাহ্ম নয়—এই রক্ষ অনেক— অনেক নাকি মরেছে তার হাতে। কোথায় আছে আজকাল ছামিণ্টন বলতে পার? বিলেত চলে গেছে? তার সাধের সামাজ্যের পরিণাম দেখে জানতে ইচ্ছা করে, আজকের দিনে কি ভাবছে সে মনে মনে।

কিন্তু যা বলতে যাচ্ছি—পাকুড়তলায় তোমরা মীটিং করছ, লক্ষণ মাইতি
নিজে হাতে করে সবাইকে মেডেল দেবে। লক্ষণের কাছ থেকে হাত পেতে
মেডেল নেওয়া ভারি গৌরবের কথা। শাস্তি-বউদি কাপড়-চোপড় ফরসা
করে তৈরি হয়ে আছে, এই আজ সকালেও সে বাস্থর কথা বলছিল আমার সঙ্গে।
সে কাঁদছে না, সত্যি বলছি—অনেক বড় বড় কথা বলছিল, নবেলে যে রকম
লেখা থাকে। আছ্ছা—আমাদের জয়রামপুরেই এই সেদিন অবধি যা সব
ঘটেছে, সে তো নবেলকে হার মানিয়ে দেয়। সে যুগে আমাদের গোপন
আছানায় নীলকমল মাস্টার শিখ আর রাজপুতের ইতিহাস থেকে বীরত্ব ও
দেশপ্রেমের গল্প শোনাতেন—কোথায় পড়ে থাকে এদের কাছে ইতিহাসের মরা
কাহিনী! কত লোকে কতই তো লিথেছে নিশিকান্ত, এই সব সত্যি ব্যাপার
নিয়ে তোমরা নবেল লেখ এইবার।

কেবলি অস্ত কথা এসে যাচেছ দেখ। যতীন-দার কথা বলব বলে বসালাম

তোমার। স্বাই তাকে স্থণা করি। অপবাতে মৃত্যু হয়েছে, ঈশ্বর উচিত শান্তি দিয়েছেন—এই কথা বলে বেড়ায় সকলে। বাহ্নকে যারা মেরে কেলল, বাপ হয়ে সেই দলের অত খোশামুদি করা—স্থণা হয় না কার বল ? বলতে কি—নিজে আমি থৃতু দিয়ে এসেছি যতীন-দার গায়ে। থৃতু দিয়ে মনে মনে দেমাক হয়েছিল, থুব একটা বীরত্বের কাজ করলাম। যতীন-দা যদি চুপচাপ গা-ঢাকা দিয়ে থাকত সেই রাত্রে! শান্তি-বউদি তো শ্রেফ বেকবুল গিয়েছিল, বাড়ি নেই যতীন মিন্তিরি, ঘোষগাঁতি কুট্মর বাড়ি গেছে।—ওরাও বিশ্বাস করে কিরে যাছিল, এমন সময় যতীন-দা বেরিয়ে এল। এসে বলে, আছি আমি হজুর। বউ মিছে কথা বলেছে, মনের অবস্থা বিবেচনা করে ওকে মাপ কর্লন। ছেলের জক্স কেনে কেনে মাথা খারাপ হয়ে গেছে। মাথা খারাপ না হলে—ছজুরেরা বিপদে পড়েছেন, এ সময় মিথ্যে বলে এমন এড়াবার চেষ্টা করে ?

সত্যি, যতীন-দা না বেঞ্লে বৈখনাথ আর সিরাক্ষউদ্দীন সাহেবের সে রাত্রে বিপদের পার ছিল না। পরের দিনও সম্ভবত বৃষ্টি-বাদলার মধ্যে জয়রামপুরে তাঁদের বন্দী হয়ে থাকতে হত। যে সে মাহ্য নন সিরাজউদ্দীন-বৈখনাথ— খামিণ্টনের ডান-হাত বাঁ-হাত। কে ডান-হাত আর কে বাঁ-হাত ঠিক করে বলা শক্ত—এ নিয়ে কিছু রেশারেশিও ছিল তাঁদের মধ্যে। কিন্তু সরকারী কাজের সময় একেবারে অভিন্ন ছদয়। মীটিঙে বৈখনাথকে দেখতে পাবে নিশিকান্ত, স্বাধীনতালাভের পর থেকে বিষম গান্ধিভক্ত হয়েছেন—গান্ধিটুপি মাথায় দিয়ে খোঁড়া পায়ে ভাদারক করে বেড়াচ্ছেন, অহ্নতানের অন্ততম মাতকরর তিনি। আর স্বাধীন-ভারত চোখে দেখবার জন্ম বেঁচে নেই যে সিরাজউদ্দীন—থাকলে তিনিও নিশ্বর দেশভক্তির পরাকান্তা দেখাতেন এমনি কোনখানে।

একেবারে রান্ডার উপর ঐ যে ক'টা ভিটে—ঐ ছিল আমাদের বাড়ি। আমার আর যতীন-দার ধর এক উঠোনের দক্ষিণ পোঁতা আর পশ্চিম পোঁতা। সম্পর্কে আমরা ভাই হই। খরে ওয়ে ওদের স্বামী-দ্রীর মধ্যে কথাবার্তা হর, তা পর্যন্ত কানে পৌচয়।

বাহ্ মারা পড়ল, তারপর কি হল শান্তি-বউদির—চল্লিশের কাছে, ভব্
একেবারে নৃতন বউয়ের অধম হয়ে উঠেছে। যতীন-দাকে নিয়ে সদাই ব্যস্ত—
কোলের ছেলেটার প্রতিও তেমন আর মনোযোগ নেই। রাতে ভাল করে
ঘুম্তে পারে না, ঘন ঘন উঠে বসে, যতীন-দার কোঁচার খুঁটের সঙ্গে শাড়ির আঁচল
বেঁধে রাথে। তাতেও সোয়ান্তি নেই, যদি কোন ফাকে খুঁট খুলে উঠে গিয়ে পাড়ার
সকলের সঙ্গে শলা-পরামর্শ করে আবার ভালমান্ত্য হয়ে এসে ভয়ে থাকে! দরজা
বন্ধ করে শোবার আগে একটুকরো কাগজ চুপিচুপি ছড়কোর সঙ্গে লাগিয়ে রাখে,
ঘতীন-দা লুকিয়ে যদি ছড়কো খুলে বেরোয়, অজান্তে কাগজের টুকরো পড়ে বাবে
নিশ্চয়। সকালবেলা শান্তি-বউদি মেজেয় ঠাউরে।ঠাউরে দেখে, বেরিয়ে যাবার
চিহ্ন আছে কিনা কোথাও। ঘুমন্ত যতীন-দার পায়ের তলা দেখে, পা ধুয়ে
ভয়েছিল—রাতে বেরিয়ে থাকে তো ধুলো-মাটির দাগ আছে। নানা কৌশল
করেও শান্তি-বউদি আবিন্ধার করতে পারে না স্বদেশী দলের সঙ্গে যতীন-দার
যোগাযোগ আছে। রাগ বেড়ে যায় আরও নিজের উপর, রাগ হয় ঘুমের উপর।
জেরা করে যতীন-দাকে, হঠাৎ বা ক্রেপে উঠে গালিগালাজ ভক্ত করে দেয়।

বেরিয়েছিলে তুমি। ঐ ও-বরের চারু বললে যে! মিথ্যুক তুমি—মিখ্যে বলে আমাকে তুলোও।

চারু আমার স্ত্রী। বউমাত্রয—তার সঙ্গে মোকাবিলা করা সম্ভব নর, 
যতীন-দা ভাত্রবধ্-সম্পর্কীয়ার সঙ্গে কথাটা আস্কারা করতে যাবে না—শান্তি-বউদি
তাই অবাধে তার নামটা করে দিল। চারু এবরে শুনতে পেয়ে রাগ করে।

দেখ কাও! ভাসুর ঠাকুরের কাছে ডাহা মিথ্যে লাগাচ্ছে আমার নামে। অনেক করে চারুকে আমি ঠাওা করি। শাস্তি-বউদি এমনি সব জনজাক্ত শাক্ষী-সাবুদের নামোল্লেথ করত—ভাঁওতা দিয়ে যতীন-দার মুথ থেকে আদায়া করতে পারে যদি কিছু। কিন্তু কিছুই পারে না, শান্ত-বউদি ক্ষেপে যায় আরও; চোথ দিয়ে যেন অগ্নি-জালা ছিটকে বেরোয়। বাইশ-তেইশ বছর এক সঙ্গে অরা করার পর শেষকালে ওদের দাম্পত্য জীবন বিষাক্ত হয়ে উঠেছে একেবারে।

একদিন রাত একটা-দেড়টা হবে তথন নিশিকান্ত, ফুটফুটে জ্যোৎস্নায় চারিদিক হাসছে। অনেকগুলো মাহুষ এল আমাদের উঠানে হুমদাম করে, ভারা ষতীনদার দাওয়ায় উঠল।

যতীন, যতীন মিন্ডিরি!

আমি আর আমার গা থেষে চারু—জানলার একথানা কবাট খুলে উকি-দিচিছ। যা ভেবেছি, থানার মানুষ—সেই পোশাক, সেই চালচলন।

শান্তি-বউদি বলল, না--বাড়ি নেই তো উনি।

দোর খুলে সঙ্গে ষতীন-দা বেরিয়ে এল। জ্যোৎস্নার আলোয় আমরা দেখতে লাগলাম।

ইদিকে এসো তো মিন্তিরি, দেখে যাও—

ভাষাটা অন্পরোধের, কিন্তু হাত ধরে হিড়হিড় করে টেনে নিয়ে রাস্তায় চলে গেল যেন সে খুনী আসামী। সবাই উঠানে নেমে এসেছি। যতীন-দার আগে পিছে জন-আষ্ট্রেক কনেস্ট্রল—হাতে দড়ি দেয় নি এই যা—হাত ধরে ক্রত নিয়ে চলেছে।

তা হলে বোধ হচ্ছে যতীন-দা একটা কিছু করে বসেছে গোপনে গোপনে আমরাও যা জানি নে—শাস্তি-বউদির সন্দেহ মিথ্যা নয় একেবারে। রাত থমথম করছে। এ অবস্থায় এখন কি করব ভেবে পাই নে। রামদাস কাশছে ওদের টিনের ঘরে কাশির আওয়াজ বিশ গুণ হয়ে বাইরে আসে। শাস্তি-বউদি ডাক্ছেডে কেঁদে উঠল।

ামদাস হাঁক দিচ্ছে, ও যতীন, হল কি ? কালা কেন তোনাদের বাড়ি ?
ক্ষান ভ্ৰুন করে ভিড় জনে গেল। রামদাস জিজ্ঞাসা করে, কি করেছিল
বল ডো ? করেছে নিশ্চয় কিছু—নইলে শুধু শুধু ধরতে যাবে কেন ? বুকের
জালা বুকের মধ্যে পুষে রেখেছিল, বাইরে কিছু টের পাওয়া যায় নি—

আ-হা-হা! বলে সহাত্ত্তির নিখাস ফেলে কাশতে কাশতে রামদাস বাড়ি ফিরে গেল।

কিন্তু নিয়ে গেল কোথায় এইরাত্রে ? এগিয়ে মোড় অবধি গিয়ে দেখি, ফিরে আসছে। সঙ্গে অনেক পুলিস। খানাতল্লাসি করতে সঙ্গে নিয়ে আসছে নাকি ? যতীন-দা আগে আগে—দলস্ক সে রামদাসের বাড়ি নিয়ে তুলল। ডেকেবলে, রাত্তিরটুকু সিরাজউদ্দীন সাহেব এইখানে থাকবেন। বভিনাথবাবু আরু সিরাজউদ্দীন সাহেবের নাম শুনেছ—এই যে এঁরাই। বনবিষ্টুপুর চলেছেন। টিনের বেড়া-দেওয়া ভাল ঘর—তাই ভোমার এখানে ব্যবস্থা করলাম। দোর খুলে দাও শিগগির, বিছানা গভোর কি আছে নিয়ে এদ।

হাঁকড কে বাড়িস্থক তালপাড় করে তুলেছে। সেই কাণ্ডের পর থেকে হামিন্টন আর সদর ছেড়ে এথানে আসে না। হয়তো বা সদরই ছেড়েছে। ইতিমধ্যে এই ছজনের নাম জেলামর ছড়িয়ে পড়েছে। আমাদের জয়য়ামপুরে শুভাগমন হয়েছে—মহাপ্রভু ছ'টিকে একবার চোথে না দেখে পারি নে। গাবতলায় এসে তাই দাঁড়িয়েছি। যতীন-দা তথন বলছে, খাওয়া-দাওয়ার কি হবে হজুর ? ভাত চলবে, না লুচি-টুচি ?

বৈছ্যনাথ তাঁর পক্ষে যতটা সম্ভব মোলায়েম করে বললেন, এখন আর হাঙ্গামে দরকার নেই মিন্ডিরি, ভরপেট আমরা থাবার থেয়ে রওনা হয়েছি—

সে কি কথা হস্তুর, কত ভাগ্যে অতিথ হয়েছেন আমাদের পাড়ায়! ঘাড় নেড়ে আরও জোর গলায় বলল, আজ্ঞে না, সে হবে না—কক্ষনো হতে পারে না— বিরাক্ষরীদীন দেখি চোণ কট-মট করছেন বৈহুনাথের উপর। বিপুল দেছ— ভাব দেখে মনে হয়, নিদারণ থিদে পেয়েছে। বৈহুনাথ ফিসফিস করে তাঁকে কি বললেন। কি বললেন না শুনেও আন্দাক করতে পারি। মনে মনে বেশ জানেন, লোকে কি চোথে দেখে ওঁদের! রাত্রিবেলা অজানা জায়গায় থাবারের সঙ্গে বিষ-টিস মিশিয়ে দেওয়াও অসম্ভব নয়।

বৈগ্যনাথ বললেন, কাজকর্ম চুকে যাক—সময় থাকে তো বরঞ্চ সকালবেলার দিকে দেখা যাবে। পার তো আমাদের সিরাজউদ্দীন সাহেরকে একটা ডাব খাইয়ে দাও। শোবার আগে ওঁর ডাবের জল থাওয়া অভ্যাস। আর ধকলটা কি রকম দেখছ তো—সকলেরই তেষ্টা পেয়ে গেছে।

निक्ठम, निक्रम-अভागि राम राम राम यथन मार्रादत-

সেই ছপুর রাত্রে লোকাভাবে নিজেই যতীন-দা নারকেলগাছের মাথায় চড়ে কাঁদির পর কাঁদি কাটল, নেমে এসে ডাব কেটে কেটে ওদের সামনে ধরতে লাগল। শাঁসে-জলে পুরো এক গণ্ডা নিঃশেষ করে সিরাজউদ্দীন সাহেব তবে শাস্ত হলেন। বৈখ্যনাথ খেলেন একটি মাত্র—তাও শুধু শাঁস। সর্দির ধাত, রাত্রি জেগে তার উপর কাজের তদারক করতে হবে—ডাবের জল সহ্ছ হবে না এ অবস্থায়।

অবাক হয়ে যতীন-দার কাণ্ড দেখছি। ঐ কনেস্টবলগুলোর কেউ কেউ হামিণ্টনের পাশে সেদিন দাঁড়িয়ে ছিল, চিনতে পারলাম। যতীন-দা ডাব কেটে সকলের মুখে ধরছে। তারপর সিরাজউদীন দালানের দরজা দিলেন, জানলার প্রত্যেকটি কবাট এঁটে পরথ করে দেখলেন, একটা কনেস্টবল সশস্ত্র মোতায়েন থাকতে ছকুম দিলেন দোরগোড়ায়।

এই সব চুকিয়ে আসতে বতীন-দার দেরি হচ্ছে। অনেক—অনেক দেরি। শাস্তি-বউদি তার অপেকায় হুড়কোর ধারে দাঁড়িয়ে। টিপ-টিপ করে রুটি হচ্ছে, শ্র্রোচলটা ভূলে দিয়েছে মাথায়। আমি অভয় দিছি, কিছু ভাবনা নেই বউৰি, যা খোশামুদি করছে দেখে এলাম—

যতীন-দা আসতেই শাস্তি-বউদি এগিয়ে গিয়ে তার হাত চেপে ধরল। আমি রয়েছি, তা বলে সঙ্কোচ নেই। একুনি যেন সে পালিয়ে বাবে, এমনি ভাবে ছুটে গিয়ে তাকে ধরল।

যতীন-দা বলে, গাছের উড়ির সঙ্গে খা লেগে ওদের মোটরটা জধম হয়েছে।
মুশকিলে পড়ে গেছে। স্মামায় ঠিক করে দিতে বলল।

শান্তি-বউদির মুখের উপর হাসি চিক-চিক করে উঠল এতক্ষণে। য**ীন-দার** দিকে চোথছটো তুলে বলে, গাড়ি এমন করে দাও, কক্ষনো আর নাচলে—

যতীন-দা সবিম্ময়ে বলে, তুমি বলছ এই কথা ? রাত-দিন ঝগড়াঝাঁটি করে স্বছ—ছেলে গেছে, আবার আমি যাতে গগুগোলের মধ্যে না যাই—

তা বলে গোলামি নিতে বলেছি ওদের ?

ভালই তো! তুমি নিশ্চিন্ত, আমিও—

শাস্তি-বউদি দেখলাম সদ্ধে সধ্যে হাত ছেড়ে দিল যতীন-দার। যতীন-দা
-হাসতে লাগল। হাসি আমারও বিশ্রী লাগছিল! শাস্তি-বউদি কিরেও আর
না চেয়ে দাওয়ায় উঠে গেল। এদের প্রতিরাত্তের দাম্পত্য কলহে অতিষ্ঠ হয়ে
উঠেছিলাম, আজকে চুপচাপ। শাস্তি-বউদি কথাবার্তাই বন্ধ করেছে। ভাবলাম,
বেশ হয়েছে—রাতটুকু নিরুপদ্রবে ঘুমানো যাবে।

কিন্ত যুমানো গেল না আর এক কারণে। চারু আমার গা ঝাঁকাচ্ছে, আর উত্তেজিত কঠে ডাকছে, ওঠ—ওঠ, আগুন লেগেছে—

ে বেড়ার ফাঁক দিয়ে দেখা যাক্তে, উজ্জন আলোকিত আকাশ। উঠানে লাকিত্তে

পড়লাম। যতীন-দাও উঠেছে, টেমি জেলে দাওয়ায় নিশ্চিম্ভ নিরুদ্বেগে ভুছুৎ—
ভুছুৎ করে হুঁকো টানছে।

দেখতে পাচ্ছ না ?

যতীন-দা বলল, হাঁ, আমায় ডেকে তুলে দিয়ে গেল—কাজে লাগব এইবার। তার আগে বৃদ্ধির গোড়ায় একটুখানি ধোঁয়া দিয়ে নিচ্ছি। আগরে আরে—তুই চললি কোথা?

রাড় দৃষ্টিতে তার দিকে এক নজর চেয়ে আমি ছুটলাম। যথন ফিরে আসছি, ক্রেমি—যতীন-দা গজেন্দ্রগতিতে চলেছে।

জান ? আগুন লাগিয়েছে ওরাই।

যতীন-দা হা-হা করে হেসে উঠল। বুদ্ধি করেছে ভাল। চাঁদ ভূবে গেছে, কোথায় কার বাড়ি লঠন খুঁজে বেড়াবে? জোরালো আলোর মোটর মেরামত হবে, আর আঁধারে-আঁধারে নোনাথোলায় আবার কেউ আইনভঙ্গ করতে না পারে—তারও পাহারা দেওয়া চলবে।

ভলাতিয়ারদের চালা পুড়ছে—

সে-ই তো ভাল রে! তোর আমার ঘর পুড়ল না, এক তিল জিনিষের অপচয় হল না। ওদের তো এক একটা গামছার পুঁটলি সহল—সেইটে বগলে নিম্নে রান্ডায় দাঁড়িয়ে চালার আগুনে থানিকক্ষণ গা-হাত-পা সেঁকে নিয়ে আয় কোনখানে সরে পড়ুক।

আবার বলে, বভিনাথবাবু নিজে এসে আমায় ডেকে গেল। বনবিষ্টুপুরে হাট জমবার আগে দলবল স্থন্ধ গিয়ে পড়তে হবে বিলাতি কাপড় আর মদের শোকান সামাল দিতে। গাড়ি তাড়াতাড়ি সেরে দিতে হবে।

তথনও ভাবছি, মুখে যা-ই বলুক—ব্য়ে গেছে যতীন-দার গাড়ি মেরামত করে. দিছে ! দারে পড়ে স্বীকার করেছে, যা হোক একটা জবু-থবু করে দেবে শেষ পর্যন্ত। কিন্ত বেলা না উঠতেই খবর নিয়ে এল, বিগড়ানো ইঞ্জিন চলতে শুক্ক করেছে আবার। মায়াবী যৃতীন-দা—কলকজা যেন তার পোষা জানোয়ার—হাতের একটু স্পর্শ কি হুটো থাবড়া থেলেই সঙ্গে সঙ্গে পূর্ণবেগে অমনি কাজে লেগে যায়।

বৈশ্বনাথ খুরে খুরে দব তদারক করছিলেন। যতীন-দার দিকে সপ্রশংস।
নচোথে তাকালেন।

সাবাস! খুব বাহাত্ত্র তুমি নিস্তিরি—

দশ টাকার নোট একথানা বের করলেন। ছ-হাত পেতে ব**ধশিশ নিম্নে** যতীন-দা মাথা নিচু করে নমস্কার করল।

পুশকিত বৈখনাথ সিরাজউদ্দীন সাহেবকে থবর দিতে ছুটলেন। ফিরলেন তথনই। বললেন, এদিকে তো হল—বিপদ হয়েছে এখন ড্রাইভারকে নিমে। তার বেশি লাগে নি ভেবেছিলাম, এখন দেখছি হাঁটুর মালা ফুলে গোদ হয়েছে, পড়ে পড়ে কাতরাছে বেটা। ইয়ে হয়েছে, ড্রাইভ করতে নিশ্চয় জান তুমি মিস্তিরি—

যতীন-দা বলল, থাস কলকাতার লাইসেন্স আমার ছজুর। বারো বছর এই লাইনে বাস চালিয়ে এসেছি, স্বাইকে জিজ্ঞাসা করে দেখুন। এখন এইসব-গণ্ডগোলে লাইন বন্ধ—আর ধক্ষন গে, সেই আমার ছেলের ব্যাপারের প্রমান-মেজাজও ভাল ছিল না—

এ সমস্ত আমাদের চরের মুথে শোনা। শুনে রাগে ফুলতে লাগলাম। রওনা হতে কিন্তু ওদের দেরি হয়ে গেল। সিরাজউদ্দীন একেবারে বেঁকে বসলেন, রাত্তে ভিপোস গেছে—থাওয়া-লাওয়া না করে এক-পা নড়বেন না এ জায়গা থেকে। বনবিষ্টুপুর গিয়ে কি অবস্থার মধ্যে পড়তে হয়, ঠিক কি ? আর এখানে ভূরি-ভোজনে অস্কবিধাও কিছু নেই, সিকি পয়সা থরচও হবে না। ক্ষেত্ত থেকে খ্নিমতো তরকারি ভূলে আন, চাল-ভাল ছকুম কর যে কোন গৃহত্বের বাড়ি, মাছ থাবার

ইচ্ছা হলে যে পুকুরে ইচ্ছা জাল নামিয়ে দাও—মুখের কথাটাও জিজ্ঞাসা করবার পরক নেই কারও কাছে। সিরাজউদ্দীনের যুক্তি সবাই প্রণিধান করল, রামদাসের গোয়ালঘরে উত্তন খুঁড়ে কনেস্টবলরা রালা চাপাল। রাজসিক ব্যাপার—এর ওর বাড়ি থেকে ডেগচি-কলসি থালা-বাসন চেয়ে নিয়ে এসেছে।

বতীন-দা এক ফাঁকে বাড়ি এসে বলন, আর ভয় রইল না তো তোমার!
সোলমাল যদি কিছু হয়, থানায় থবর দিও—থানাস্থদ্ধ ছুটে আসবে দেখে।
আমার থাতিরে। ওঁরাই মুরুবিব হলেন আমাদের, স্থনজরে দেখেছেন।

শান্তি-বউদি তার দিকে ফিরেও তাকাল না।

দেখছি, আর রাগে ফুলছি আমরা। গাড়ি ঘাটের ধারে এইথানটায় এসে স্থাড়িয়েছে। পেটোলের থালি টিনে জল এনে ইঞ্জিনে ঢালছে। গর্জন করছে ইঞ্জিন, আক্রোশে গাড়িথানা কাঁপছে থরথর করে, যেন এক বিপুলকার দৈত্য নথ-দাত উভাত করে তৈরি হয়েছে। ক্রোশ চারেক দ্রে বনবিষ্টুপুরের সঞ্জে কক্ষ-চুল বিবর্ণ-দেহ ছেলেমেয়ের দল দোকানের পথের উপর শুয়ে পড়ে আছে—মহাজাতির নৈতিক শক্তি ক্ষুণ্ণ হতে দেবে না কোনক্রমে, আর দেশের সম্পদ নিয়ে যেতে দেবে না সমুদ্রপারে, অমোঘ সঙ্কল্প আর আত্মপ্রতায় জনে জনের চোখে-মুথে ফুটে উঠেছে দৃঢ় রেথায়—সেইখানে ছুটে গিয়ে টুটি চেপে ধরতে হবে তাদের। পলকে রক্তাক্ত হয়ে যাবে গঞ্জের পথমৃত্তিকা।

আর দেখ, স্টিয়ারিঙের চাকা ধরে বোধ করি আমাদের দিকেই চেয়ে কি-রকম হাসচে যতীন-দা।

মাথার মধ্যে কেমন ওলট-পালট হয়ে গেল, আমি থাকতে পারলাম না নিশিকাস্ত। দৌড়ে যতীন-দার কাছে গিয়ে থৃতু দিলাম ভার গায়ে। হৈ-হৈ রব উঠল। বৈজনাথ চেঁচিয়ে উঠলেন, জাপটে ধরল আমায় তিন-চারটে কনেস্টবল, ছ-চারটে বিল-চড়ও খেলাম। যতীন-দা তাড়াভাড়ি মাঝে পড়ে ছাড়িয়ে দিল। আমার খুড়তত ভাই হয়! আমাদের ঘরোয়া ঝগড়া। আমি একদিন জিওলের ডাল দিয়ে আষ্টে-পিষ্টে পিটেছিলান, তারই কিছু শোধ দিয়ে গেল। আপনাদের কোন ব্যাপার নয়। ছেড়ে দিতে বলুন।

ওদের হাত-থেকে ছাড়িয়ে দিল, বাঁচিয়ে দিল—তা বলে কৃতক্রতা বােধ করি
নি নিশিকাস্ত। এটুকু লাঞ্চনা ভাত-কাপড়ের সামিল আমাদের, এতে মন খারাপ
হয় না, ফাঁক কাটাতে পারলে আনন্দও হয় না তার জক্ত। মোটর বেরিয়ে গেল
ভকভক করে পিছনের নলে ধোঁয়া ছেড়ে—বেন উপহাস করে আমাদের।
যতীন-দা হাসতে হাসতে গেল। হাত নিসপিস করছিল—থুতুতে কি হবে, থুতু
গায়ে লাগে—মন অবধি পোঁছয় না ওদের। থুতু না দিয়ে অন্তত একটা ঘুসি
যদি ঝেড়ে দিতাম, তাহলেও গায়ের ব্যথা মরতে একটা দিন সময় লাগত,
কিছু পরিমাণে শান্তি হত।

ভা আমাদের হাতে না হোক, শান্তি এড়াতে পারল না যতীন-দা, ভয়ানক শান্তি—আমরা এর সিকির সিকি কল্পনা করতে পারতাম না। দিন কয়েক পরে ধবর এল, যতীন-দা মারা গেছে। এখান থেকে ক্রোশ চারেক দ্রে ন-হাটা বলে গ্রাম—সদলবলে গিয়ে কাণ্ডটা ঘটেছে সেখানে। গাড়ি নিয়ে পুলের উপর উঠতে গিয়ে উলট-পালট থেতে খেতে একেবারে খালের গর্ভে। দিন ছপুর—ভামাক ছাড়া কোন রকম নেশাও করত না যতীন-দা—কেমন করে কি হল, সঠিক কেউ বলতে পারে না।

গরুর-গাড়ি করে শান্তি-বউদিকে নিয়ে গেলাম ন-হাটায়। কোল-মোছা ছেলেটাকে বুকে করে শান্তি-বউদি চলল আমার সঙ্গে। বৈছনাথও ছিলেন যতীন-দার সেই গাড়িতে, তারপর হাসপাতালে গেছেন। প্রাণে বেঁচে যাবেন, কিন্ত একখানা পা কেটে ফেলতে হয়েছে, খোঁড়া অবস্থায় স্থাং-স্থাং করতে হবে চিরকাল। রজনী দফাদার যতীন-দার পাশে ছিল, কপাল

কোরে প্রায় ক্ষকত অবস্থায় সে বেঁচেছে। সে বলতে লাগল, কাঁধে যেন ভূত চেপেছিল মিন্ডিরির। গাড়ি ছুটছে—জোর দিচ্ছে, কেবলি জোর দিচ্ছে, ছ-উ-উ-উ করে আওয়াজ হচ্ছে—ভাবতে গা শির-শির করে মশায়, আর ঐ যে হাসত কথায় কথায়—সেই রকম হাসতে লাগল চাকায় হাতটা রেখে। আমি বলছি, সামাল মিন্ডিরি-—পুল ঐ সামনে, অনেকখানি উচুতে উঠতে হবে। বলতে বলতেই গাড়ি পাক থেয়ে পড়ল। নিতান্ত গুরুবল ছিল—আমি লাফিয়ে পড়লাম। তারপর উঠে দেখি আগুন ধরে গেছে, দাউ-দাউ করে জলছে গাড়ি, পেটোলের গন্ধ আর কালো ধোঁয়ায় নিখাস বন্ধ হবার জোগাড়—

যতীন-দাকে দেখলাম—বলে দিল, তাই ধরে নিলাম এই যতীন-দা। আধপোড়া বাভৎস মূর্তি—মনে পড়লে আজও গায়ে কাঁটা দিয়ে ওঠে নিশিকাঝ। পুলিশের দল ন-হাটার কাজ চুকিয়ে বিদায় হয়ে গেছে, বৈগুনাথকে হাসপাতালে নিয়ে যাবার তাগিদেই গুত তাড়াতাড়ি তারা গ্রাম ছেড়েছে। মাম্বজন পাওয়া গেল না—যারা গ্রাম জব্দ করতে এসেছিল. কে আসবে বল তাদের মড়া পোড়াতে? আড়ালে খুব তারা হাসাহাসি করছে, অমুমানে ব্রুলাম। কাঠকুটোরও জোগাড় হল না। রঞ্জনী দফাদারের সাহায়ে পা ধরে টেনে-হিঁচড়ে খালের কলমিদামের নিচে কোন গতিকে ঠেলে দিলাম মৃতদেহ। আর একটা ব্যাপার নিশিকান্ত—শান্তি-বউদি চোথের উপর সমস্ত দেখল, যতই হোক স্থামী তো! কিন্তু একটু বিচলিত হতে তাকে দেখলামনা, একবিন্দু চোথের জল পড়ল না।

রাত ত্পুর অবধি গলদ্বমৃহয়ে চুকিয়ে-বুকিয়ে এলাম। রাতটুকু কাটিয়ে সকালবেলা ফিরে যাচিছ। থাল-ধার দিয়ে পথ। দেখি শিয়ালে এরই মধ্যে ডাঙার তুলেছে, কুকুর আর শকুনে কাড়াকাড়ি করে খাচেছ। জেলের মধ্যে এই ছবি মাঝে মাঝে আমার মনে উঠত, আর বড় কট্ট হত নিশিকান্ত। হোক দেশদ্রোহী—বাহার বাবা, আমাদের যতীন-দা তো!

কত দিনের ঘটনা এসব! তারপর অনেক বয়স বেড়েছে, বুড়ো হরেছি।
এখন নৃতন করে তাবি দেই সব সে কালের কথা। তঃখ হয় য়তীন-দার জক্ত।
দর্বনিন্দিত হয়ে সে মারা গেল। ময়েও নিয়্কৃতি নেই, শবদেহ ছিঁড়ে খেল
শিয়াল-শকুনে। জেলের মধ্যে হঠাৎ একদিন মনে উঠল, মতলব করে মরে নি
সে তো? ঘুঘ্-বৈভানাথটাকে নির্ঘাৎ সকে নিয়ে যাবে ভেবেছিল, কিন্তু তা হবে
কেন? আগস্ট-আন্দোলনের সময়ে এই জয়রামপুরেই আর এক দকা ইংরেজের
নিমকের মর্যাদা রেখে সরকারি মেডেল পাওয়া এবং স্বাধীনতা-লাভের মুখে সেই
মেডেল প্রত্যর্পণ করে দেশপ্রেমী রূপে মাতকরি করা তাঁর ভাগ্যের লিখন—ভর্
একটা পা খুইয়ে তিনি বেঁচে রয়ে গেলেন। গান্ধিটুপির নিচে পূর্বতন সকল
ছন্ধতি চাপা দিয়ে সভায় ঘোরাঘুরি করতে দেখবে বৈভনাথকে। রিটায়ার
করবার পর এখনো জয়রামপুর আঁকড়ে আছেন। প্রফুল্লর ব্যবসা-বালিক্ষ্য তাঁরই
মন্ত্রণামতো চলে—তাঁর বড় মুরবির প্রফুল্ল।

কিন্তু আমার সন্দেহ যাচাই করি কার কাছে নিশিকান্ত? গোপন অভিপ্রায় কাউকে তো বলে যায় নি যতীন-দা! তোমাদের উৎসব-সভায় ভূলেও কেউ তার নাম করবে না। আর দৈবাৎ যদি উঠে পড়ে, সমস্ত শ্রোতা—শান্তি-বউদি অবধি লজ্জায় মুখ ফেরাবে।

এই যে সভার জায়গা। পৌছলাম এতক্ষণে। থাসা সাজিয়েছে! প্রক্লর কাজে থুঁত থাকে না, বরাবর দেথেছি। পাকুড়গাছ শাথা বিস্তার করে আছে, রোদ লাগবে না মাহুব-জনের গায়ে। শেয়াকুল আর ভাড়াসেজির ঝাড় সাফ-সাফাই হয়ে গেছে; স্বাধীন-ভারতের নিশান টাঙিয়েছে ইস্ক্ল-বাড়ির সামনে। এই ইস্কলে পড়েছি আমরা, আমাদের নীলকমল মাস্টার মশায়ের স্থতিপবিত্র ইস্কল। আমাদের ছেড়ে কোথায় চলে গেলেন মাস্টার মশায়, তারপর আর

কোন খবর পাই নি। হয়তো কোন গ্রামপ্রান্তে সকলের জ্ঞান্তে শেষ নিখাস কেলেছেন তিনি। আরও কত জনে এমনি গেছেন!

বিয়ারিশ সনে আট-দশ গ্রামের মাছ্য মিলে এক নিশান বেঁধে দিয়েছিল ঐ ইকুল-বাড়ির ছাতে। সে নিশান কিন্তু এত বড় ছিল না, আর উড়েছিল বড় জোর পাঁচটা কি ছ'টা দিন। সেবারের পরাহত পতাকা দেখ নিশিকান্ত, প্রসন্ন আলোর মাথা তুলে হাসছে আমাদের সকলের দিকে চেয়ে চেয়ে।

লক্ষণ মাইতি সভাপতি—তার জায়গা তক্তাপোশের উপর? তবেই হয়েছে! খুব তাল জানি তাকে, ক্লাসে পাঁচ বছর পাশাপাশি বসে পড়েছি। খ্যাপাটে মাহ্ব—চিরকালের ধর্মভীক। পরমহংসদেবের মানস-শিশ্ব—ঠাটার ছলেও একটা মিথা কথা বলে না। লক্ষণের ছেলে প্রভাস—বাপের ছেলে সে, বাপকেও ছাড়িয়ে গিয়েছিল সদাচারণে। বাপ বা ছেলে—কোন দিন ওদের উচুতে বসতে দেখি নি দশজন থেকে আলাদা হয়ে। লক্ষণ কিছুতে বসবে না দেখে ঐ উচু সভাপতির আসনে।

শহীদ-বেদি ঐ? বেদির গায়ে নাম লেখানো হচ্ছে কেন বাহাত্রি করে? ক'টা নাম জান, কতটুকু ধবর রাখ? আমাদের যতীন-দার নাম লিখবে কি বেদির উপর? তুর্গা আর নীলকমল মাস্টার মশায়ের নাম? আদিকাল থেকে প্রবলের বিরুদ্ধে দাঁড়িয়ে কত জনে প্রাণ দিয়েছে—আমাদের এই এক জয়য়ামপুরের কথাই ধর না—সংখ্যায় তারা কি একজন তু'জন? নিজেয়াই জানত না, সভ্যতার রথয়জ্জু টানছে, তারা, জীবনের প্রতি বিশ্বাস ও মমতা সঞ্চয়ন করছে উত্তরপুরুষের জন্ত। আজকে ঐ স্বাধীন-পতাকার নিচে শুল্র থদরে-ঢাকা বেদি-গাত্র থেকে কতজনের স্থানচ্যুতি ঘটবে—তার চেয়ে নাম একটাও লিখো না ভোমরা, লিখে রাখ—'সর্বয়্রের শহীদজনের স্থাতিতে'।

অত ফুল-শহীদ-বেদিতে ঢালবে ? কিন্তু কতক্ষণ থাকবে বল নিশিকান্ত ?

বাতাসে বুরবুর করে পাকা পাতা ঝরে তোমাদের ফুলসজ্জা তলিরে দেবে।
এই তো ক'বছর জাগে রক্তের ছোপে রাঙা হয়েছিল ওখানটা। আরও
কতবার রক্তে ভেলেছে আমাদের দেশ—আমাদের এই গ্রামটুকুও। সারা
দেশের মাটি খুঁজে দেখ, এক ফোঁটাও রক্তের দাগ নেই কোনখানে। লোকের
মনে একটু-আঘটু যা আছে, তা-ও মিলিয়ে যাবে আর কয়েক বছরে বিপুল
জীবনোল্লাসের মধ্যে। দোষ দিই না—খাধীন দেশের ভাগ্যবান নরনারী,
সামনে এগোবার তাগিদ—পিছন ফিরে নিখাস ফেলবার সমন্ত্র কটুকু ?

শপ এনে এনে জড় করছে। শপের কি দরকার ? শুকনো পাতা ন্তুপাকার হয়ে আছে—ওরই কতক এনে ছড়িয়ে দাও, গদির মতো হবে, দিবী আরাম করে সকলে বসবে। কতদিন আমরা পাতার বিছানায় ঘুমিয়েছি—সে জায়গা দেখিয়ে এলাম নিশিকান্ত। প্রভাসের কথা ভাবছি। প্রভাস—আমাদের প্রভাস মহারাজ! ইন্ধুলের মাঠে উৎসব-সভা— এমন দিনে সে নেই! এই মাঠ থেকে একদা নিশিরাত্রে 'করেঙ্গা ইয়া মরেঙ্গা' সঙ্কল্প নিয়ে পথে পথে বেরিয়েছিলামা আমরা, প্রভাস আর ফেরে নি। কাঠথোট্টা চেহারা, কদম ছাঁটা চুল, গেরুষা পরত না বটে—কিন্তু হাঁটুর নিচে কথনো কাপড় নামতে দেখি নি, বছর পনের নিরামিষ ধরেছিল, তার মধ্যে হুন ছুঁত না বছর পাঁচেক—ছেলেরা প্রভাস মহারাজ বলে ডাকত। কিন্তু মনে তার শ্রুতির জোয়ার—সেই ফেরারি অবস্থায় মশশুল করে রাখত সে সকলকে। একটুকরো বাঁশের গোড়া আতার ছোটায় বেঁধে ঝুলিয়ে দোলনার মতো করে নিয়েছিল আমাদের বাঁশবনের আশ্রায়। যেদিন পেটে ভাত পড়ত না, দোল খাওয়ার শথ বেড়ে যেত প্রভাসের সেই দিন।

পোড়া ইস্থল-ঘরে আজ কত মাহুষের আনাগোনা! এ দালান পুড়িয়ে দিয়েছিল সেবার। দরজা-জানলা পুড়ে গিয়ে ঘর হা-হা করত, আবার তার চেহারা ফিরেছে। এক পাশে বিজ্ঞলী-ডাক্তার খাবার জল আর তুলো-আইডিন

নিয়ে হাসপাতাল সাজিয়ে বসে আছে আজকের দিনটার জন্ম। পালের ছেরা-বারাণ্ডায় একটুথানি বিছানা করা আছে, সভাপতি লক্ষণ যদি বিশ্রাদের দরকার মনে করে এতদুর এসে পৌছবার পর। বুড়োমাহুষ, তার উপর শরীরের এই হাল—লোকে নেহাৎ নাছোড়বানা বলেই সভা করে বেড়াতে হচ্ছে এখানে-७थात । कि (मर्थिक विद्याति । व व्यान्मान तत्र नमन्न किया नम्न । থেকে বেরিয়ে আসবার পর! তার নামে পাঁচ-সাত ক্রোশ দূর থেকেও মাতুষজন ভোরবেলা চাল-চিঁড়ে নিয়ে বেরিয়েছে। বক্ততা করতে পারে না লক্ষণ, তটো কথা একদঙ্গে গুছিয়ে বলতে কালঘাম ছুটে যায়, আঁন-আঁন করে। সেই সময় পাশ থেকে কথা জুগিয়ে দিতে হয়। অথচ তার এত জনপ্রিয়তা! কিন্তু এবারে উবে গেল নাকি ? প্রফুল্ল-বৈজনাথেরা বিশেষ উজোগী বলেই হয়তো মাফুষ-জনের চাড় দেখা যাচ্ছে না তেমন। কিন্তু প্রফুল্লও ছাড়বার পাত্র নয়, হাজির করবে দেখো সকলকে ঠিক সময়ে। হাত ধরবে মাতব্বরদের, না আন্নে তো ট্যাক্স বাড়াবার ভয় দেখাবে। কাজকর্ম ফেলে মীটিঙে ছুটতে দিশা পাবে না তথন চাষীরা। আজই সকালবেলা রামদাস তুলেছিল এই প্রসঙ্গ। আমি তাকে উপদেশ দিলাম, কান থাড়া রেখো, শহ্ম বাজবে লক্ষণের গলায় মালা দেবার সময়। তথন গিয়ে হাজির হোয়ো—তা হলে চলবে।

লক্ষণের সঙ্গে এবার একই দিনে আমি জেল থেকে বেরোই। গাঁরে এসে দে এদিক-ওদিক তাকাচ্ছে—কোন জায়গায় ঘর-বাড়ি ছিল, চিনে উঠতে পারে না। আর আমার ঠিক উল্টে। অবহা—চারিদিক থা-খা করছে, তবু সমস্ত যেন জীঃ ড দেখতে পাছিছ চোখের সামনে। সেই আগের মতোই তারা চলে ফিরে বেড়ায়। ঘতীনদাকে দেখি, কাছকে দেখি, প্রদীপ্ত-মুখ প্রভাস মহারাজকে দেখতে পাই। জেলে পাগল হয়ে গিয়েছিলাম। রোগের শেষ যায় নি, এখনো অনেকের সন্দেহ। আমি কিন্তু নিজে কোন দিন রোগের লক্ষণ একবিন্দু টের পাই নি। অতাতের

বিশ্ব মাহ্নবশুলি রাতদিন যেন আমায় খিরে বসে থাকত, ভারি আনন্দে ছিলাম।
বরং মনে হয়, পাগল ঐ বুড়ো লক্ষণ। কোন দিন ওর রোগ নিরাময় হবে না।
দেখলে মনে হবে, অমন সুখী লোক ভূ-ভারতে নেই। জেল থেকে বেরিয়ে ঘরসে আর ন্তন করে বাঁধল না। বললে হাসে। হেসে হেসে বলে, কি দরকার
বল ভাই ? কথা মিথ্যা নয়—ঘরের কি দরকার লক্ষণ মাইতির ? নিজে ভো
আজ এখানে কাল সেখানে—এই করে বেড়াছে। বউ জলে ভূবে মরেছে,
ছলের তলে জালা জুড়িয়েছে হতভাগীর। তুই ছেলের মধ্যে প্রভাস কাঁসিতে
গেছে, আর একটি জেল থেকে নানা জটিল রোগ নিয়ে এসেছে—হাসপাতালের
একরকম কায়েমি বাসিন্দা তাকে বলা যায়। লক্ষণ কেন মিছে ঘর বাঁধার
হালামা করতে যাবে ?

প্রভাসের কথা শোন। বারটা মনে আছে—বিষাৎবার। হাট বসেছিল সেদিন, হাটবার ছিল—তাই মনে আছে বারটা। সকালবেলা টিপ টিপ করে রৃষ্টি হচ্ছিল। প্রভাসকে ধরল, হাত-পা বেঁধে নিয়ে চলল। হাঁটু অবধি ধন্দর-পরা মুথে প্রশাস্ত হাসি আমাদের প্রভাস মহারাজ—তার হাতে দড়ি না দিলেও চলত নিশিকান্ত। ইস্কুল-বর দথল করে নিয়ে পুলিশ ওথানে ঘাঁটি করেছিল। সামান্ত এই পথটুকু নিয়ে আসার মধ্যে আসামী পালিয়ে যাবে, তার কোন সন্তাবনা ছিল না। পালাবার হলে অপেক্ষা করত কি সে বাড়ি বসে? কত জনে সে বৃদ্ধি দিয়েছিল, সে যায় নি। ওরা এলে প্রভাস বেরিয়ে এসে হাত ছ-খানা এগিয়েই দিল একরকম। হাতে হাতকড়ি পরাল, কোমরেও এই মোটা এক দড়ি বেঁধে হিড়-হিড় করে তাকে টেনে নিয়ে চলল। সোজাপথে না নিয়ে সারা আম ঘুরিয়ে ভলার কুলে কুলে হাটখোলা অবধি তাকে নিয়ে বেড়াল। তার মানে, সারা অঞ্চলের মামুষ দেখে নিক ওদের প্রতাপ। কাল হল এই প্রভাপ দেখাতে গিয়েই। বেলা হবার সঙ্গে হাটুরে মামুষ জমতে লাগল্য-

সকলের মূথে ঐ এক কথা। ভোরবেলা ওরা যে যার ঘরের মধ্যে ছিল, খানার লোক যেন ফাঁক বুঝে সেই সময় জুতো মেরেছে একা প্রভাসকে নয়—অঞ্সমুদ্ধ মামুষের মুখে। প্রভাগকে এমনি ভালবাগত স্বাই। বাস্বে না কেন নিশিকান্ত, সর্বত্যাগী হয়ে কে এমন ভালবেসেছে দেশের মাহুষদের ? বারাভায় ঐ যে আধ-পোড়া শাল-খুঁটি, ঐথানে ঠিক-ছপুরে প্রভাসকে বসিয়ে রেখেছিল। मानमात्रं करत ७५-मूफ़ि (थरक निरम्रह, का तम थाय नि । श्रद्धारीतक अक्टोना জেরা করে ক্লান্ত বৈজনাথ সবে মাত্র থেতে গেছেন, থেয়ে দেয়ে এসে নব উদ্ধান আবার এক দফা চেষ্টা চলবে, তারপর পাঁচটার গাডিতে সবস্তন্ধ আগরহাটি करत्र मनत्त्र त्रश्वना वरत्र वादनन, এই मात्रान्त चाहि । काश्वी परेन এই मनत्र । আশপাশ আট-দশধানা গ্রামের বিস্তর লোক দলে দলে মিছিল করে এনে পড়ল। শত শত নিশান উড়ছে, গর্জমান জনতরক অধীর হয়ে ঝাঁপিয়ে এসে পড্ছে—ভাবতে গেলে এখনো গায়ে কাঁটা দিয়ে ওঠে নিশিকান্ত। খাওয়া হল না বৈজনাথের--এ টো-হাতে বন্দুক নিয়ে ছুটলেন। হাটুরে মানুষও যে या পেরেছে হাতে নিয়ে হৈ-হৈ করে এগিয়ে এল। প্রভাগের হাতক্তি ভে:ঙ কোমরের দড়ি কেটে কাঁধে তুলে লাফাতে লাফাতে তারা নিয়ে গেল। জনতার নজর এড়িয়ে বৈখনাথ খোঁড়াতে খোঁড়াতে এ দোপুকুরে কচুবনের ভিতর গিয়ে रमिहिलन, हाँ पूर्व ना याख्या अर्थेख धेर व्यवशाय शाकरक श्राहिन नाकि তাঁকে। সত্যি, তাজ্জব ঘটে গেল নিশিকান্ত—এক মুহূর্ত আগে যা আমরা স্বপ্নেও ভাবি নি। প্রভাদকে ভধু ছাড়িয়ে নিয়ে আসা নয়—জমাদার কনেস্টার্না "উर्नि-চাপরাস ফেলে 'বাপ' 'বাপ' বলে পালিয়েছে, তাদেরই ক'জনকে খরে তালাবদ্ধ করে রাখল ঐ পাশের কামরায়। তে-রঙা নিশান পতপত করে উডছে -ইকুল-খরের ছাতে। পাঁচ রাত চার দিন উড়োছল ঐ ভাবে।

त्रांजि व्यव्त्रशास्त्र व्यविध वहे ममछ हनन छा निनिकांछ, जात्रभन्न हान्निनि >

एक इरन माथा ठांखां करत जाविह, व कि इरत रान-ठिक वामनी हो है नि. স্মাশাও করি নি এত সহজে এমন দখলে এসে যাবে সমন্ত। কাগজে লডাইয়ের থবর পড়ি—সে ব্যাপারও এইরকটা নাকি ? হঠাৎ বিজয় হয়ে যায়, যত মাছুর মরবে আর যত গোলাগুলি চলবে বলে আক্ষালন করা হর আসলে তার সিক্কির দিকিও লাগে না। এর পরবর্তী অধ্যায়ের আঁচ করছি, এ ব্যাপার অবশ্র এখানেই চুক্বে না। আমরা—বয়স থাদের বেশি—সাব্যন্ত করতে পারি নে, কি করতে হবে অতঃপর আমাদের। কিন্তু জোয়ান ছেলেগুলো বেপরোয়া, তাদের রক্ত টগবগ করে ফুটছে, হাসি-ফুর্তির অবধি নেই—থবর নিয়ে আসে, ভধু এই একটা জায়গা নয়-সর্বত্র প্রায় এক অবস্থা। সাম্রাজ্যের হাজার ছিন্তু, সামলাবে ওরা আর ক'দিকে ? কত মাতুষ আছে শুনি, কত হাতিয়ার ? আর হাতিয়ার হাতে পেয়ে কে কোন্ দিকে তাক করবে তারই বা ঠিক কি ? ওদের নিজের খরের ছেলের।ই বিরক্ত হয়ে বেঁকে বসছে ক্রমে। সদর থেকে ফিরে এসে একজন গল্প করছে, সাদাসৈত্তের ব্যারাকের সামনে দিয়ে জনতা জকার দিতে দিতে যাচ্ছিল, কুইট ইণ্ডিয়া—ভারত ছাড়। দৈলদেরই একজন নাকি দরজায় বেরিয়ে হাসিমুখে জবাব দিল, ফর গড়স সেক—ঈশ্বরের দোহাই, ভারত ছেড়ে দেশে ফিরতে দাও আমাদের। ছেলেগুলো মুখ নেড়ে নেড়ে আমাদেরই উপদেশ দিতে আদে, অত ভাবছেন কি দাদা ? ঢালাও হুকুম এবার, নেতার মুখ চেয়ে থাকতে **ट्र ना, ज्वरहा तूर्य रावहा। शांक-ज्ञिम भूष्ट्रिय निर्याह, अंतरतत कांनल वक्त।** ছেলেরা বলে, ভাল হয়েছে—বানানো গল্প আর হ্রকৌশলে পিছু-হঠার বাহাছুরি পড়তে হবে না এখন আর। কাগজ আসছে না, তা বলে খবরের প্রচার কিছ वस तारे। शाष्ट्र शाष्ट्र व्यवस्था व एवं मिख गाष्ट्र मारेक्नाकोहेल-कता थवत। হলপ্রল কাও। বিদেশে কৌজ গড়েছে আমাদের। আসছে, তারা এসে গেল বলে। পথ তৈরি কর তাদের অস্ত।

রাতায় বড় বড় গাছ কেটে ফেলেছে, পগার কেটেছে দশ-বিশ হাত অন্তর। বেরা-নৌকো ডুবিয়ে দিয়েছে। ছোট-রেললাইনও একেবারে বেমালুম মাঠের লকে মিশিয়ে দিয়েছে পাঁচ-সাত জায়গায়। সদর থেকে সৈত নিয়ে আসা সহজ্ব হবে না আর এখন। রোজই ন্তন নৃতন বাধা স্ষ্টি করছে। আমরা দিন গুণছি নিশিকান্ত—থবর নিচ্ছি, সারা ভারতবর্ষে ছড়িয়েছে কি আগুন? আগা পাশুলায় আগুন লেগে গেলে জল ঢালবে তখন কোন দিকে?

কিন্তু আটকানো গেল না নিশিকান্ত। রান্তায় নৃতন মাটি ফেলে গাছ সরিয়ে মেটে রঙের সারবন্দি ট্রাক এসে পড়ল, আর কোন উপায় নেই। সমস্ত রাত্রি ছেঁটে জন চারেক আমরা একবার রানায়ের মোহনা অবধি গিয়ে পড়েছিলাম, কিন্তু দ্রের জায়গায় বেশি বিপদ। সবদিকে ডামাডোল চলছে, আচেনা লোক দেখলে সবাই কেমন এক ভাবে তাকায়। মুশকিলের কথা বলব কি—সারাদিনের মধ্যে একমুঠো ভাত কি টেড়ে জোটাতে পারলাম না, সকলে চোথ কটমট করে চায়, আনেক নৃতন মাহ্র্য দেখে সন্দেহ করেছে পুলিসের চর আমরা। কে পুলিস আর কে কর্মী আলাদা করবার উপায় ছিল না, পুলিসই ভলান্টিয়ার সেজে খোঁজ খবর নিত সময় সময়। অবস্থা দেখে আমাদের আতঙ্ক হল, নিনের বেলা এই রক্ম—রাত্রে নিশ্চয় ধরে পিটুনি দেবে। অথচ আঅপরিচয় দিতেও ভরসা হয় না। যত ঢাকাটাকি করছি, সন্দেহ ততই বেড়ে যাচ্ছে সকলের।

চুপি-চুপি বলি তা হলে নিশিকান্ত, জেলে গিয়ে যেন সোয়ান্তির খাস ফেলেছিলাম ছ-সাত মাসের পর। নিশিন্ত। মাথা থারাপ হল শুনে তোমরা হার-হায় করতে, আমার তার জন্ম কিন্তু এতটুকু কট ছিল না। এক বিচিত্র অফুভূতি অপ্রের মতো এখনো আবছা-আবছা মনে পড়ে। মোটা মোটা গরাদে আর উচু পাঁচিলে যেন লোহার কেলা গড়ে রাজাধিরাজ হয়ে নি:শক্ষে ছিলাম ১ পথের কুকুরের মতো আর তাড়া থেয়ে ঘুরতে হত না।

প্রভাসকে শেষ দেখেছিলাম গরাদের ফাঁক দিয়ে। সে দেখে নি, আর্থাকৈ যুম্ছিল তথন। উজ্জন আলো প্রতিফলিত হয়ে সেলের ভিতরটা অবারিত। ওয়ার্ডার পাহারা দিছে দরজার সামনে। ফাঁসি-কাঠে কালো বার্নিশ লাগিরেছে, চর্বি দিয়ে মেজেছে দড়ি। প্রভাসেরই ওজনের বালির বন্তা ঝুলিয়ে পরীকা করে দেখেছে সকালবেলা। তারা তৈরি।

ঘুম্ছিল, রাতের স্তরতা চূর্ণিত করে ঘণ্টার আওয়াজ এল। শোনা কথা অবশ্য—ধড়মড়িয়ে উঠে সে বলছিল, সান করব, পুণ্যকর্মে থাছিং, শুচি-স্নাত হয়ে যেতে চাই।

উদাত্ত কণ্ঠ শোনা যাচছে, শেষ-রাত্রের নির্মল আকাশে অজস্র হীরার কুচির মতো তারা দপদপ করছে—সেই সময় ঘুম ভেঙে উঠে বসে শুনতে পাছি, যার কাছে যে দোষ করেছি, মাপ চেয়ে যাছি ভাই। শুনতে পাও বা না পাও, আমায় মাপ কোরো তোমরা—

চোথে দেঁথি নি, কিন্তু ছবিটা আন্দাজ করতে পারি নিশিকান্ত। পবিত্র আগুনের মতো প্রদীপ্ত মুখ, ফাঁসির মঞ্চে অচঞ্চল উঠে দাঁড়াল আমাদের প্রভাস-মহারাজ।

বে সময় বিচার চলছিল, একদিন তাকে প্রশ্ন করেছিলান, মাহ্র্য মারতে পার ভূমি ? সত্যি কি মেরেছিলে ?

খানিক হাসিমুথে তাকিয়ে থেকে যে বলেছিল, মামুষ কি মারা যায় ? জানোয়ার মরেছিল কি-না খবর রাখি নে। তারপর একটু ন্তব খেকে বলল, একটা কাজ কোরো ভাই দয়া করে। মহাম্মাজী বেরিয়ে এলে তাঁকে আমার প্রণাম জানিও

স্মানাদের সকলের প্রণাম গ্রহণ কর মহাত্মানী।
ভূমি সেই ভারতবর্ধ গড়তে চেয়েছ, যেখানে দীনতম ব্যক্তিও উপলব্ধি করবে

আ তারই দেশ; দেশের পরিপঠনে তাবের মভামতও কার্যকর হবে। সেই ভারতে উচ্চ-নীচ সমাজ-বিভেদ থাকবে না, সর্বসম্প্রদার পরস্পর প্রীতিমান হয়ে বাস করবে। অস্পৃত্যতা থাকবে না, মাদক-সেবন থাকবে না, নারী পুরুবের সজে সমার অধিকার ভোগ করবে। তোমার খ্যানের ভারতবর্ষের এই ছবি এঁকে দিয়েছ আমাদের মনে।

এই সভাক্ষেত্র শেষ নয় জয়য়য়য়পুরের। তুর্গম পথ এবার। ঐ নাবাল বিলের প্রান্তে চাষীদের বসতি—প্রায় আড়াই শ' ঘর হবে। তাদের কেউ এখনো সভায় আসে নি। তাকিয়ে দেখ নিশিকান্ত, রুক্ষ বিল নবান্ত্রে হরিৎপ্রী ধারণ করেছে। সারবন্দী চাষীরা ক্ষেত নিড়াচেছ এই পড়স্ত বেলাতেও। ক্ষেতে বড় গোন। টিলার উপর বাশ ফাড়ছে ফটফট আওয়াজে—জাঙালের ত্-ধার ঘিরে দেবে, গঙ্গতে মুখ বাড়িয়ে যাতে ধানচারা না খেতে পারে। দেখ, চেঁচোঘাসের বোঝা এনে এনে জাঙালে ফেলছে—বাড়ি ফিরিবার সময় নিয়ে যাবে, রাত্রে কুঁড়োর সঙ্গে মেখে জাবনা হবে গঙ্গ-বাছুরের। ঘাড় উচু করে একবার ওরা তাকিয়েও দেখছে না এদিককার এই উৎসবের আয়োজন। ইতিহাসের এমন একটা শ্বরণীয় দিন—তা নিয়ে মাধাবাথা নেই কারো।

রাগ কোরো না, ওরা থবর পায় নি। থবরের কাগজে ছাপা হচ্ছে যে স্বাধীনতা এদে গেল—আর ছাপার অকরে দিনের পর দিন মিথা কথাই বা লিখবে কেন? কিন্তু আমাদের জয়রামপুর অবধি এদে পৌছবার দেরি আছে। বিরালিশ সনে লাইন উপড়ে দিয়েছিল, সেই থেকে রেলগাড়ি চলে না। ভতা মজে গিয়ে এমন অবস্থা হয়েছে যে একটা ছোট্ট ডিঙি আনতে গেলেও কলমির দামের ভিতর দিয়ে লগি ঠেলে অনেক কটে নিয়ে আসতে হয়। দিল্লী-করাচীর স্বাধীনতা চট করে কি পৌছিতে পারে এডদূর ?

প্রকৃষ্ণদের গাফিলতি নেই। হাটে ছ-হপ্তা ধরে কাড়া দিছে। তোকাদের সকলের নাম দিয়ে ছাগুবিল বিনি করছে—পতাকা উদ্ভোলন হবে, মন্ত বড় সভা হবে, শহীদ-বেদিতে পূজাঞ্জলি ও শহীদ-পদক দেওরা হবে, হৈ হৈ ব্যাপার, বৈ রৈ কাগু। এ সব সন্তেও খবর পাই নি ওরা। ক্ষেন প্রামন্ত্রামান্তে বিনা তারে খবর হয়েছিল দ্র-অতীতে নীল-বিজোহের দিনে, কিছা এই সেদিন লবণ-সভ্যাগ্রহ ও আগস্ট-বিপ্লবের সময়।

ওদের কাছে খবর পৌছবার উপায় কর নিশিকান্ত। প্রফুল্লদের সাধা নেই। কালোরা সাদার আসনে বসেছে, সেই আনন্দে মশগুল: তুকুম হাকাম চালাচ্ছে, যে যতদূর পারছে পকেট ভরে নিচ্ছে। এই অবধি পারে প্রফুল্লরা। অনেক সাধনায় বক্ততামঞ্চের উপর মনের হাসি গোপন করে অক নি:সরণের কায়দাটা শিথেছে। কর্তু খের সকল কারচুপি নথমুকুরে। আজ ইংরেজ গবর্নদেউ—সেলাম, সেলাম, আমরা সকে আছি শুর। এসেছে শ্বরাজ—জয় হিন্দ, এই যে হাজির আমরা।

শ্রম্থ আর প্রতিপত্তির তুর্গে বসবাস করে নির্বিদ্ধ মনে করছে নিজেদের। স্বপ্নেও ভাবতে পারছে না, চাষীপাড়ার ছেলেরা ইতিমধ্যে আর এক রকম হছে উঠেছে। প্রফুল্ল-বৈভনাথের তদ্বিরে সভার জায়গা শেষ অবধি নিশ্চয় ভরে বাবে নিশিকাস্ত—বুড়োরা আসবে, আমাদের পাড়ার দিককার অনেকে আসবে, কিন্তু ঐ ছোকরাদের আসবে না প্রায় কেউ। একালের ওরা মাথা নিচু করে বেড়ায় না আর ভক্তিমান ভাবে, জুতো থেয়ে পিঠের ধুলো ঝাড়তে ঝাড়তে চোথের জল ফেলে না। কার্করও দয়ার প্রত্যাশী নয় ওরা। কেমন করে লোভ চুকে পড়েছে মনে—প্রফুল্লদের মতো দালান কোঠায় শোবে, এলাক-পোশাক হবে ঐ রকম। কালীতলায় ঢাক বাজে না আগেকার মতো, ঢাকের তালে নেচে নেচে মাটিতে লুটায় না ভক্তের দল। পুজোর কাছে ওদের বেশি আনাগোনা দেখা যায়

শাঁঠাৰখির সমরটা। অবিখাসী ওরা—বুড়োরা বলে নরকেও জারগা হবে না। বিলপর্ব শেব হতে না হতে ছাল ছাড়াতে লেগে বার, অগৌণে মহাপ্রসাদের মাংস শেরজন্বস্থন সহযোগে চাপিয়ে দের উত্থনের উপর। পুরুত বিষ্ণু চক্রবর্তী অভিসম্পাত করেন এই নান্তিক্যের জন্ম। ওরা হাসে। চাষীপাড়ার পৌরোহিত্য ছেড়ে মেবেন বলে তিনি শাসিয়েছেন অনেকবার, এরা পদানত হয় নি। অবশেষে অনেক বিবেচনা করে পুরুতঠাকুরই স্বতঃপ্রবৃত্ত হয়ে ক্রমা করেছেন।

খন গিরাওয়ালা বাঁশের লাঠি কেটেছে ওরা, বেতের ঢাল বানিরেছে। খাধীন দেশের দৈশু নেওয়া হবে—ওদের পাড়ায় তথন লোক পাঠিও, দৈশুদল আধাআধি তৈরি হয়ে আছে ওখানে। ও-পাড়ার শিশুরা দেকালে নারিকেল-গামড়ার গরু বানিয়ে খেলা করত, এখন খেলুর-ডালের গোড়া চেঁচে-ছুলে নিয়ে বশুক বশুক খেলে। কি করে বলতে পারি না—জানাজানি হয়ে গেছে পৃথিবীর নানা দেশের অনেক গুহা খবর, প্রফুলরা কিছুতে যা ফাঁস করতে চায় না। নিজেদের আর অসহায় তুর্বল মনে করে না ওরা কেউ। ঐ য়ে শত শত বাঁশের ঘর কঞ্চির বেড়া—বাঁশের কেলা ওগুলো, রামজয় ঠাকুরের একটার জায়গায় দেশবাপী হাজার হাজার লক্ষ লক্ষ—





